

Read Online



E-BOOK

- 🌐 www.BDeBooks.com
- FACEBOOK FB.com/BDeBooksCom
- EMAIL BDeBooks.Com@gmail.com



“মানবজাতিকে যে জিনিস বার বার অভিভূত করে তার নাম
রহস্যময়তা। এই রহস্যময়তা থেকেই এসেছে সুকুমার কলা
এবং কঠিন বিজ্ঞান।”

আলবাট আইনস্টাইন



আলতাফ হোসেনের নামের শেষে অনেকগুলি অক্ষর।

আলতাফ হোসেন বি. এ. (অনাস), এম. এ., বি. টি., এল. এল. বি.।

প্রতিটি অক্ষরের পেছনে কিছু ইতিহাস আছে। যেহেতু ‘পোকা’র নামক আলতাফ হোসেন সেহেতু তার ইতিহাস জানা থাকলে পোকার বিষয়বস্তু বুঝতে সুবিধা হবে। অনাস থেকে শুরু করা যাক। আলতাফের ইচ্ছা ছিল পাস কোর্সে পড়া। তার দূর সম্পর্কের মামা এ.জি. অফিসের সিনিয়ার এসিস্টেন্ট বজলুর রহমান বললেন, অনাস পড়। শুনতে ভাল লাগে। আলতাফ হোসেন ক্ষীণ গলায় বলল, ইন্টারমিডিয়েটের রেজাল্ট খারাপ, অনাসে ভর্তি হতে পারব না, মামা। বজলুর রহমান বললেন, চেষ্টা করে দেখ। কত আজে-বাজে সাবজেক্ট আছে — পল সায়েন্স, ফল সায়েন্স। আলতাফ অনেক খুঁজে পেতে জগন্নাথ কলেজে অনাসে ভর্তি হয়ে গেল। বজলুর রহমান বললেন, খাটাখাটনি করে পড়। খাটাখাটনি কখনো বৃথা যায় না। কখনো আছে — খাটে মানুষ হাঁটে না।

আলতাফ প্রচণ্ড খাটাখাটনি করল। অনাস পরীক্ষার রেজাল্ট বের হবার পর সে তার মামার পা ছুঁয়ে সালায় করল। ক্ষীণ গলায় বলল, রেজাল্ট হয়েছে মামা। বজলুর রহমান বিছনায় শুয়ে ছিলেন। তিনি উঠে বসলেন। উৎসাহ নিয়ে জিজ্ঞেস করলেন, ‘কি রেজাল্ট?’

‘থার্ড ফ্লাস পেয়েছি, মামা।’

বলজুর রহমান সাহেবের উৎসাহ ঘরে গেল। তিনি হতাশ গলায় বললেন, এত পড়াশোনা করে শেষে থার্ড ফ্লাস?

‘জি মামা।’

‘থার্ড ফ্লাস ডিগ্রী নিয়ে চাকরি-বাকরি তো কিছুই পাবি না। এখন করবি কি?’

‘আপনি বলে দিন, মামা।’

‘এম. এ. দিয়ে দে। এম. এ. পাশ থাকলে থার্ড ফ্লাসের দোষ কঢ়ি যায়।

ভালমত পড়াশুনা করে এম. এ. দে। খাটাখাটি কর। কথায় আছে — খাটে মানুষ
ঢাটে না।'

আলতাফ হোসেন খুব ভালমত পড়াশুনা করে এম. এ. দিল। রেজাল্ট বের
হবার পর যথারীতি পা ছুরে মামাকে সালাম করল। বজলুর রহমান শংকিত গলায়
বললেন, কি রে, এবাবে থার্ড ক্লাস ?

'জি মামা !'

'থার্ড ক্লাসের তুই তো দোকান দিয়ে ফেলেছিস রে গাধা !'

আলতাফ হোসেন ক্ষীণ স্বরে কি যেন বলল, পরিষ্কার বোধা গেল না। তার
বেশিরভাগ কথাই পরিষ্কার বোধা যায় না। তবে তার চোখ ভিজে উঠল। বজলুর
রহমান বললেন, যা হবার হয়ে গেছে। এখন চাকরি-বাকরি খোঁজ। রোজগারপাতির
চেষ্টা তো দেখা দরকার। আমার ঘাড়ে বসে কতদিন যাবি? আর থার্ড ক্লাস নিয়ে মন
খারাপ করিস না। ডিগ্রীটাই সবাই দেখবে, ক্লাস কে দেখবে? এত সময় কার
আছে? তাছাড়া থার্ড ক্লাস পাওয়াও সহজ না। এক চাল্সে পেয়েছিস, এটা কম কথা
না।

মাঝার উপদেশমত আলতাফ হোসেন চাকরির খোঁজে লেগে গেল। দু'বছর
অত্যন্ত নিষ্ঠার সঙ্গে চাকরি খুঁজল। কিছু হল না। বলছুর রহমান বললেন, বি. টি.
দিয়ে ফেল। বি. টি. থাকলে স্কুলের চাকরি পেয়ে যাবি। স্কুলের চাকরিতেই
আজকাল মজা। প্রাইভেট টিউশানি করবি, দুই হাতে টাকা কামাবি। স্কুল মাস্টারি
আজকাল কেউ করতে চায় না, এই লাইনে চাকরি খালি আছে।

আলতাফ হোসেন বি. টি. পাশ করল। স্কুলের কোন চাকরি জোগাড় করা
গেল না। স্কুলে সায়েন্স গ্রেজুয়েট চায়, এম. এ., বি. টি. চায় না। আরো দু' বছর
গেল। বজলুর রহমান বললেন, এল. এল. বি.-টা দিয়ে দিবি না-কি? আইনের
একটা ডিগ্রী থাকলে সুবিধা হবে। আলতাফ হোসেন এল. এল. বি. ডিগ্রী নিয়ে নিল।
চাকরির কোন সুবিধা হল না।

বজলুর রহমান হতাশ হয়ে একদিন বললেন, বিয়ে করবি? অনেক সময় বিয়ে
করলে ভাগ্য ফেরে। কথায় আছে — স্ত্রী ভাগ্যে ধন। দেখবি বিয়ে করে?

আলতাফ হোসেন অস্পষ্ট গলায় বলল, জি আছা।

চাকরি পাওয়া না গেলেও বিয়ের মেয়ে পেতে অসুবিধা হল না। আট-দশটি
মেয়ের সন্ধান পাওয়া গেল। এই মেয়েগুলির অভিভাবকদের কথা শুনলে মনে হতে
পারে এরা বেকার ছেলেই খুঁজছিল। একজন তো বলেই ফেলল, পাত্র হিসেবে

বেকার ছেলের তুলনা নেই। এরা খুব স্ত্রীভক্ত হয়ে থাকে। চাকরি-বাকরি নেই তো, তাই স্ত্রীকে খুব মানে। আরে ভাই, চাকরি তো একসময় হবেই। রিজিক আল্লার হাতে। মানুষের হাতে থাকলে চিন্তার বিষয় ছিল।

বজ্জুর রহমান মেয়ে দেখে বেড়াতে লাগলেন। আশাট মাসের ন' তারিখে বিয়ের কথা পাকা করে এক কেজি বাসি সন্দেশ-হাতে বাসায় ফিরলেন। মেয়ের নাম হোসনে আরা। লালমাটিয়া কলেজে বি. এ. পড়ে। গায়ের রঙ ময়লা হলেও মাঝাভর্তি চুল।

বজ্জুর রহমান রাতে খেতে বসে খুব আগ্রহের সাথে হোসনে আরার লম্বা চুলের গল্প করতে গিয়ে লক্ষ্য করলেন, তাঁর স্ত্রী মনোয়ারা কোন রকম আগ্রহ দেখাচ্ছে না। শুধু তাঁর মেয়ে দুলারী চোখ বড় বড় করে শুনছে। বজ্জুর রহমান তৃপ্ত গলায় বললেন, মেয়ের চুল ১.২২ মিটার লম্বা।

কেউ তেমন বিস্মিত হল না, শুধু দুলারী বলল, তুমি কি গজফিতা দিয়ে যেপেছ?

‘আমি মাপব কেন? ওরা নিয়মিত মাপে।’

‘তাহলে তো আমাদেরও মাপতে হবে। তুমি একটা গজফিতা কিনে এনো তো বাবা।’

তিনি বিস্তু গলায় বললেন, তুই এমন বাঁকা কথা বলছিস কেন? কি হলো?

দুলারী বলল, এক মিটার সমান কত ফুট তুমি কি জান, বাবা?

‘না, জানি না।’

‘তোমার উচিত ছিল ওদের জিজেস করা। যিটারের হিসাব তো সবাই জানে না, গুজ-ফুটের হিসাব জানে।’

বজ্জুর রহমান চিন্তিতমুখে মেয়ের দিকে তাকালেন। মেয়েটা কেমন যেন কাটা কাটা কথা বলছে। ধমক দেবেন কি-না বুঝতে পারছেন না। দুলারী তাঁর বড়ই আদরের মেয়ে। তাকে ধমক দেয়া তাঁর পক্ষে সম্ভব না। তাছাড়া দু'দিন পর মেয়ের বিয়ে হয়ে যাচ্ছে। বাপের বাড়িতে যে কটা দিন থাকবে আদরে থাকুক।

দুলারী বড়ই খেয়ালি ধরনের মেয়ে। ইন্টারমিডিয়েটে পড়তে পড়তে পড়া ছেড়ে দিল। বই নিয়ে বসলেই তার না-কি মাথা ধরে। বজ্জুর রহমান মেয়ের বিয়ে দেয়ার চেষ্টা করলেন। সে বিয়েও করবে না।

‘মূর্খ অবস্থায় বিয়ে করব না-কি? শুশুরবাড়িতে রোজ কথা শুনতে হবে। আগে ইন্টারমিডিয়েট পাশ করি, তারপর বিয়ে।’

বজ্জলুর রহমান বিশ্বিত হয়ে বললেন, তুই তো পড়াশোনাই ছেড়ে দিয়েছিস,
পাশ করবি কি ভাবে ?

‘মাথা-ধরা রোগটা কমলেই পড়াশোনা শুরু করব !’

চার বছর ঘরে বসে থাকার পর দুলারী আবার কলেজে ভর্তি হয়েছে। নিয়মিত
কলেজে যাচ্ছে। রাত জেগে পড়াশোনা করছে। এমন খেয়ালি মেয়ের সাথে তাল
মিলিয়ে চলা মূশকিল। বজ্জলুর রহমান তাল মিলিয়ে চলার চেষ্টা বাদ দিয়েছেন।
মেয়ের সঙ্গে কথা যা বলার তা তিনি মেয়ের মাঝে মাধ্যমে বলার চেষ্টা করেন। এই
বে মেয়ে এখন ক্যাট ক্যাট করে কথা বলছে, তাকে একটা ধমক দেয়া উচিত, তা
দিতে পারছেন না। দুলারীকে ধমক দেয়ার সমস্যা আছে। ধমক দিলে সে কিছুই
বলবে না, নিজের ঘরে তুকে দরজা বন্ধ করে দেবে। তার দরজা বন্ধ মানে ভয়াবহ
ব্যাপার। একবার কাঠমিস্ত্রী এনে দরজা কঢ়িতে হয়েছিল। করাত-ফরাত এনে
কেলেক্ষারি কাণ্ড।

দুলারী বলল, বাবা, তুমি কি হোসনে আরা বেগমের লম্বা চুলের কোন সেম্পল
এনেছ ?

‘না।’

‘ভুল করেছ। সেম্পল আনা দরকার ছিল।’

বজ্জলুর রহমান নিজেকে সামলাতে পারলেন না। স্ত্রীকে বললেন, তোমার
মেয়েকে এখান থেকে যেতে বল তো।

দুলারী উঠে চলে গেল। বজ্জলুর রহমান বললেন, ওর কি হয়েছে ?

মনোয়ারা চাপা গলায় বললেন, সর্বনাশ হয়েছে !

‘সর্বনাশ হয়েছে মানে ?’

‘খাওয়া শেষ করো, তারপর বলব।’

বজ্জলুর রহমান তাড়াতাড়ি খাওয়া শেষ করতে গিয়ে গলায় কৈ মাছের কাঁটা
লাগিয়ে ফেললেন। কৈ মাছের কাঁটা কৈ মাছের মতই জীবন্ত হয়ে থাকে, যতই
সময় যায় কাঁটা ততই ভেতরের দিকে ঢুকতে থাকে। বজ্জলুর রহমান ব্যথায় অস্ত্রিং
হলেন। একটু পর পর বলেন, এর চেয়ে যরণ ভাল ছিল। এই সময়ে স্বামীকে
দুঃসংবাদ দেয়া ঠিক হবে কি-না মনোয়ারা বুঝতে পারেন না। বজ্জলুর রহমান যখন
বললেন, কি ঘটনা বল। তখন তাঁকে ঘটনা বলতে হল। ঘটনা শুনে বজ্জলুর রহমানের
চোখ কপালে উঠে গেল, তিনি কৈ মাছের কাঁটার ব্যথা ভুলে গেলেন। খমখমে গলায়
বললেন, হারামজাদা আলতাফ কোথায় ? হারামজাদার চামড়া ছিলে লবণ মাখিয়ে

সিলিং ফ্যানের সাথে খুলিয়ে দেব। ডাক হারামজাদাকে।

মনোয়ারা বললেন, ও বাসায় নেই।

‘দুলারীকে ডাক।’

‘ওকে ডাকা যাবে না।’

ঘটনা আসলেই ভয়াবহ। দুলারী আজ সকাল দশটায় কলেজে যাবার জন্যে তৈরি হয়ে মাঝে কাছে রিকশা ভাড়া চাহতে এসে খুব স্বাভাবিক ভঙ্গিতে বলেছে, মা, আমি এখন একটা কথা বলব, শুনেই হৈ-চৈ শুরু করবে না। কথাটা হল, আমি আলতাফ ভাইকে বিয়ে করব। হোসনে আরা-ফোসনে আরাব কথা ভুলে যাও।

মনোয়ারা হতভস্য গলায় বললেন, কি বললি?

দুলারী বলল, কি বলেছি তা তো শুনেছ। ভাল করেই শুনেছ। আবার জিজ্ঞেস করছ কেন? রিকশা ভাড়া দাও, মা। দশ টাকা দেবে। ছেঁড়া নোট দিও না আবার। একদিন ছেঁড়া নোট নিয়ে যা যন্ত্রণায় পড়েছিলাম!

মনোয়ারা রিকশা ভাড়া এনে দিলেন এবং ভাবলেন দুলারী ঠাট্টা করছে। ঠাট্টা তো বটেই। ঠাট্টা ছাড়া আর কি?

তিনি রোজ দুপুরে শরৎচন্দ্রের দেবদাস উপন্যাসের শেষ দশ পাতা পড়ে কাঁদতে কাঁদতে ঘুমুতে যান। আজ ঘুমুতে পারলেন না। জোহরের নামাজ পড়লেন এবং মেয়ের জন্যে অপেক্ষা করতে লাগলেন।

দুলারী কলেজ থেকে ফিরে সহজ গলায় বলল, পানি দাও তো মা, পিপাসা হয়েছে।

মনোয়ারার বুক থেকে পাষাণ নেমে গেল। যাক, কোন সমস্যা তাহলে নেই। তিনি পানি এনে দিলেন। হাসিমুখে বললেন, আজ কলেজে কি হল রে? দুলারী বলল, কিছু হয়নি। তুমি কি বাবাকে বলেছ?

‘কি বলব?’

‘কলেজে যাবার আগে তোমাকে যে বলে গেলাম?’

‘কি বলে গেলি?’

‘তুমি ভালই জান কি বলে গেছি। তুমি বাবাকে বলে রাজি করাবে। না হলে . . .’

‘না হলে কি?’

‘তোমরা রাজি না হওয়া পর্যন্ত আমি দরজা বন্ধ করে বসে থাকব। দরজা খুলব না, ভাত খাব না।’

‘তুই কি পাগল হয়ে গেছিস?’

‘হ্যাঁ।’

‘তোর বাবা তোকে খুন করে ফেলবে।’

‘খুন করলে খুন করবে।’

দুলারী সত্ত্ব সত্ত্ব তার ঘরের দরজা বন্ধ করে ফেলল। অবশ্যি মনোয়ারা দরজায় থাকা দিতেই দরজা খুলল। তবে ঠাণ্ডা গলায় বলল, তোমাদের চবিশ ঘণ্টা সময় দিলাম, মা। চবিশ ঘণ্টার মধ্যে কিছু না করলে আমি র্যাটম খাব। এই হল ঘটনা।

বজলুর রহমান বললেন, র্যাটম কি?

‘র্যাটম হল ইন্দুর-মারা বিষ। ঘরে এক ফাইল ছিল, সেটা এখন দুলারীর কাছে।’

বজলুর রহমান দীর্ঘ সময় বিষ থেরে বসে রহিলেন। গলায় বিধে থাকা মাছের কাটার কথা তাঁর মনে রহিল না। মনোয়ারা বললেন, এখন কি করবে?

বজলুর রহমান থমথমে গলায় বললেন, হারামজাদাকে আমি খুন করব। হারামজাদা কোথায়?

‘রোজ তো এই সময় বাসাতেই থাকে, আজ কোথায় যেন গেছে।’

‘মাছ কাটার বটিটা আমার কাছে দাও, তারপর দেখ কি করি। শুওর কা বাচ্চা।’

‘আমার মনে হয় আলতাফ কিছু জানে না। তোমার মেয়েটা শয়তানের ঘোড়া, হাড়-বজ্জাত। বটি দিয়ে কাটিতে হয় ওকে কাট।’

‘পালের গোদা আগে শেষ করি। তারপর তোমার মেয়েকে ধরব। আমি এখন কবি নজরুল। আমার চক্ষে পুরুষ-রমণী কেন ভেদাভেদ নাই। বটি কই? বটি আন।’

বটি আনার আগেই আলতাফ হোসেন উপস্থিত হল। বজলুর রহমান বললেন, কোথায় গিয়েছিলি?

‘রাস্তায় হাঁটতে গিয়েছিলাম, মাঝ। যাথা জাম হয়েছিল, ভাবলাম একটু হাঁটি।’

‘যাথা জাম হয়েছিল?’

‘জি যাম।’

‘এখন জাম দূর হয়েছে?’

‘জি না। এখনো আছে।’

‘সারা জীবনের জন্যে জাম দূর করার ব্যবস্থা করছি। এই জীবনে আর জাম লাগবে না।’

‘জি আচ্ছা।’

আলতাফ ভেতরের দিকে ঝওনা হল। বজলুর রহমান হংকার দিলেন, যাস কোথায়?

‘ভাত খেতে যাই, মামা।’

শুধু মানুষের সঙ্গে রাগারাগি করা যায় না। বজলুর রহমান অনেক কষ্টে নিজেকে সামলালেন, গন্তীর গলায় বললেন, যা, ভাত খ। ভাত খেয়ে বিছানা-বালিশ নিয়ে বিদায় হয়ে যাবি। এই জীবনে তোর মুখদর্শন করতে চাই না।

আলতাফ অবাক হয়ে বলল, কোথায় যাব?

‘কোথায় যাবি আমি কি জানি? যেখানে ইচ্ছা যা। মনোয়ারা, হ্যামজাদাটাকে ভাত দাও।’

আলতাফ ভয়ে ভয়ে বলল, কি হয়েছে মামা?

‘ভাত খেয়ে আয়, তারপর বুঝবি কত ধানে কত চাল।’

আলতাফ বলল, ভাত দিন মামী।

মনোয়ারা বললেন, ভাত টেবিলে বাড়া আছে, নিজে নিয়ে খাও।

আলতাফ ভাত খেল। মামার কথামত সুটকেস গুছাল। মামা তাকে যেতে বলেছেন, কাজেই যেতে হবে। মামার সঙ্গে তর্ক করা বা তাঁর অবাধ্য হওয়া তার পক্ষে সম্ভব না। বজলুর রহমান বললেন, কোথায় যাবি কিছু ভেবেছিস?

‘জি না, মামা।’

‘রেল স্টেশনে চলে যা। খবরের কাগজ বিছিয়ে প্লাটফর্মে শুয়ে থাকবি।’

জি আচ্ছা।

আলতাফ নিচু হয়ে মামাকে সালাম করল। বজলুর রহমানের ইচ্ছা করছিল লাখি দিয়ে শুয়রের বাচ্চাকে চিৎ করে ফেলে দেন, অনেক কষ্টে নিজেকে সামলালেন। আলতাফ চলে গেল। সারা রাত বজলুর রহমানের ঘূম হল না। কৈ মাছের কাঁটার যন্ত্রণাতেই ঘূম হল না। ভোরবাটে ঠিক করলেন, মেডিকেল কলেজে যাবেন। এই যন্ত্রণা পোষার কোন মানে হয় না। মেডিকেল কলেজে একা যাওয়া যায় না, কাউকে সঙ্গে নিতে হয়। তিনি আলতাফের খৌজে কম্বলাপুর রেল স্টেশনে গেলেন। সে সত্যি সত্যি একটা ইন্ডিফাক বিছিয়ে তার উপর গন্তীর হয়ে বসে আছে। মামাকে দেখেই সে বলল, কাঁটা এখনো আছে মামা?

‘না। কাঁটা তুলতে যাচ্ছি। তুই চল আমার সঙ্গে।’

‘সুটকেস নিয়ে যাব?’

‘নিয়ে যাবি না তো কার কাছে রেখে যাবি?’

বজলুর রহমান কাঁটা তুললেন। আলতাফকে নিয়ে বাসায় ফিরলেন। আলতাফের এক হাতে স্যুটকেস, অন্য হাতে কাগজে মোড়া মাছের কাঁটা। মাথার গলার কাঁটা সে ফেলে আসতে রাজি হয়নি। কাগজে মুড়ে নিয়ে এসেছে। বাসায় ফিরে বজলুর রহমান স্ত্রীকে ডেকে বললেন, গাধাটার সঙ্গে তোমার মেয়ের বিয়ে দিতে আপনি আছে? আপনি না থাকলে যামেলা চুকিয়ে দাও। মনোয়ারা বললেন, দেখ, তুমি যা ভাল বোঝ। তবে বিয়ে দেয়াই ভাল। তোমার মেয়ে হয়েছে কচ্ছপের মত। কাঘড় দিয়ে যেটা ধরবে সেটা আর ছাড়বে না। বিয়ে না দিলে শেষমেষ কি করে বসে কে জানে। র্যাটম নিয়ে বসে আছে।

‘ওর কপালে আছে র্যাটম। জীবন্ত র্যাটম। তোমার মেয়েকে বল, র্যাটমের সঙ্গে বিয়ের ব্যবস্থা হচ্ছে। তবে একটা কথা শুনে রাখ — এই মেয়ের সঙ্গে আমাদের সম্পর্ক শেষ। বিয়ের পর এদের আমি ঘাড় ধরে বের করে দেব। এই বাড়ির দরজা চিরকালের জন্য বন্ধ।’

‘ওরা যাবে কোথায়? খাবে কি?’

‘সেটা ওদের ব্যাপার।’

‘বিয়ে কবে দিচ্ছ?’

‘গাধাটাকে জিঞ্জেস করে একটা তারিখ ঠিক কর।’

আলতাফকে জিঞ্জেস করা হল, সে যাথা নিচু করে বলল,- বিয়ে করব না।

বজলুর রহমান কঠিন গলায় বললেন, ফাজলামির জায়গা পাস না! বিয়ে করবি না মানে? তোর ঘাড় বিয়ে করবে।

‘চাকরি-বাকরি নাই।’

‘কোন অজুহাত শুনতে চাই না আগামী রোববার তোর বিয়ে।’

‘ছি আচ্ছা, মামা।’

‘হাতে মাছের কাঁটা নিয়ে ঘুরছিস কেন? ফেল মাছের কাঁটা।’

আলতাফ মাছের কাঁটা ফেলে দিল।

ঘরের ভেতর ফেললি কি মনে করে? যা, রাস্তায় ফেলে দিয়ে আয়।’

আলতাফ কাঁটা হাতে বের হয়ে গেল। বজলুর রহমান মনোয়ারাকে বললেন, দুলারীকে গিয়ে বল, রোববারে বিয়ের তারিখ হয়েছে।

মনোয়ারা বললেন, আর একটু চিন্তা-ভাবনা করলে হত না?

‘একবার যখন বলেছি রোববার, তখন রোববারই হবে। মানুষের জৰানের দাম

আছে।'

'কিছু সময় তো লাগবেই। বিয়ের কেনাকাটা করব না ?'

'গাধার সঙ্গে বিয়ের আবার কেনাকাটা কি ? কোনাকাটার নামও মুখে আনবে না !'

'আমাদের একটাই যেয়ে !'

'একটাই হোক আর দশটাই হোক কেনাকাটা হবে না। এটা আমার ফাইল্যাল কথা। তোমার পছন্দ হলে ভাল, পছন্দ না হলেও ভাল !'

আলতাফ ফিরে এসেছে। তীত চোখে তাকাচ্ছে মাঘার দিকে। বজলুর রহমান বললেন, কিছু বলবি ?

'কাটা রাস্তায় ফেলে দিয়ে এসেছি, মামা !'

'আহ ! বিরাট কাজ করেছিস। আয় কোলে এসে বোস, আদুর করি !'

বলেই তাঁর মনে হল, আলতাফ সত্যি সত্যি তাঁর কোলে বসার জন্যে এগিয়ে আসতে পারে। প্রথম শ্রেণীর গাধারা করতে পারে না হেন কাজ নেই।

আলতাফ অবশ্যি মাঘার কোলে বসার চেষ্টা করল না। ঘরের সিলিং ফ্যানের দিকে তাকিয়ে গভীর মুখে মাথা চুলকাতে লাগল। তাকে দেখে মনে হতে পারে, ফ্যান কেন ঘুরে এই রহস্য নিয়ে সে এখন চিন্তিত।

বজলুর রহমান ঝংকার দিয়ে বললেন, ঐ গাধা, ফ্যানের দিকে হা করে তাকিয়ে আছিস কেন ? সিলিং ফ্যান আগে কখনো দেখিসনি ? চোখ নামা।

আলতাফ চোখ নামাল।

'যা আমার সামনে থেকে !'

আলতাফ ধর থেকে বের হয়ে এল। আসন্ন বিয়ের আনন্দে তাকে খুব উপ্পসিত বলে মনে হল না। বজলুর রহমান শুকনো মুখে বসে রইলেন। তাঁর মনোক্ষেত্রে ঘথেষ্ট কারণ আছে। দুলারীর বিয়ে বলতে গেলে ঠিকই হয়ে আছে। ছেলের ফুপা-ফুপু এসে থেয়ে দেখে হাতে আঙ্গটি পরিয়ে গেছেন। অতি সন্তা ধরনের আঙ্গটি। রঙ দেখে মনে হয় পেতলের। আঙ্গটি সাইজেও ছোট। ঘাতাযাতি করে চুকাতে গিয়ে দুলারীর আঙ্গুলের চামড়া উঠে গেল। হলস্তুল ধরনের বড়লোকরা উপহারের ব্যাপারে হাড়-কেঞ্চন হয়। ওরা হলস্তুল ধরনের বড়লোক। ছেলের চেহারা ভাল। মাথায় অবশ্যি চুল নেই। এই বয়সে টাক পড়ে গেছে। এটা তেমন গুরুতর কোন সমস্যা না। ছেলেরা মাথার চুল দিয়ে কি করবে ? এদের তো আর মাথায় বেণী করতে হবে না ? তাহাড়া পয়সাওয়ালা লোকদেরই মাথায় টাক পড়ে। আজ পর্যন্ত তিনি মাথায়

টাকওয়ালা কোন ভিক্ষুক দেখেননি। যারা ভিক্ষা করে বেড়ায় তাদের মাথাভর্তি ঘন চুল থাকে।

আলতাফ হারামজাদাটারও মাথাভর্তি ঘন চুল। একসময় সেও ভিক্ষুক-চিক্ষুক কিছু হবে। একে দয়া দেখানো ভুল হয়েছে। বিরাট ভুল হয়েছে। মিসটেক অব দি সেপ্টুরি।

বজলুর রহমানের ধারণা তিনি ভুল করেন না। এই ভুল এখন ভেঙে গেছে। দুধ-কলা দিয়ে কালসাপ পুষেছেন। কালসাপকে বাড়ির ত্রিসীমানায় আসতে দেয়া উচিত ছিল না। তিনি শুধু যে আসতে দিয়েছেন তাই না, বলতে গেলে আদর করে বরে স্থান দিয়েছেন। তাও দিতেন না। গ্রহের ফেরে এই কাজটা করতে হয়েছে। ঘটনাটা এ রকম — বজলুর রহমানের ছেটবোন মিনুর ছেলে হল আলতাফ।

বজলুর রহমান মিনুকে পছন্দ করেন না। মিনুর স্বামী মোবারক হোসেনকে দু চোখে দেখতে পারেন না। মোবারক হোসেনের একটা ডিস্পেনসারি আছে। সেই ডিস্পেনসারিতে আয়-উন্নতি বলে কিছু নেই। কারণ ডিস্পেনসারি খোলা এবং বন্ধ করার কোন নিয়ম-কানুন নেই। যখন ইচ্ছা হল মোবারক ডিস্পেনসারি খুলে বসে আছে। যখন ইচ্ছা ডিস্পেনসারি বন্ধ করে বাসায় চলে আসছে। ডিস্পেনসারির বেশির ভাগ অমুখ নিজেই খেয়ে ফেলছে। এই হল অবস্থা। মিনু যখন অসুস্থ হল সে তাকে ডাক্তারের কাছে নিয়ে গেল না। নিজেই চিকিৎসা করে। অমুখ যে বেচে সে না-কি ডাক্তারের বাবা।

ডাবল এ্যাকশান এন্টিবায়োটিক প্লাস উপবাস চিকিৎসাপদ্ধতি নামে তার নিজস্ব চিকিৎসাপদ্ধতি চলল। এই চিকিৎসাপদ্ধতিতে নিরশ্বু উপবাসে থেকে এন্টিবায়োটিক থেতে হয়। এতে অমুধের অ্যাকশান না-কি ডাবল হয়ে যায়। শরীরে পুষ্টি না থাকলে — শরীরের জীবাণুদেরও পুষ্টি থাকে না। এরা আধমরা অবস্থায় থাকে — তখন কড়া এন্টিবায়োটিক পড়লে আর দেখতে হবে না।

মোবারক হোসেনের চিকিৎসাপদ্ধতির কারণেই মিনু আঠারোদিন জ্বরভোগের পর মারা গেল। মোবারক হোসেন আলতাফকে কোলে নিয়ে মৃত্যুসংবাদ দিতে এল।

বজলুর রহমান গন্তব্য মুখে মৃত্যুসংবাদ শুনলেন। দীর্ঘ সময় চুপচাপ থেকে বললেন, ডাক্তার শেষ পর্যন্ত দেখাওনি?

মোবারক হোসেন বললেন, ডাক্তার আর কি দেখাব? ডাক্তাররা কি জানে?

‘ডাক্তাররা কিছু জানে না। তুমি সব জান?’

‘আপনাদের দোয়ায় অমুখ নিয়ে ধাঁটাঘাটি করে যা শিখেছি, ভালই শিখেছি।’

‘এখন এই দুধের শিশু কে পালবে?’

‘আলতাফের কথা বলছেন? তাকে নিয়ে মোটেই চিন্তা করবেন না। আমিই পালব। তা ছাড়া তাকে দুধের শিশু বলা ঠিক না। দু’বছর হয়ে গেছে। কথা প্রায় সবই বুঝে। বলতে পারে না। পিরিচে ভাত মাছ দিলে কপ কপ করে খায়।’

‘ও আচ্ছা।’

মোবারক হোসেন অত্যন্ত উৎসাহের সঙ্গে বলল, আলতাফ, ইনি তোমার মামা হন। বড় মামা। বল তো — মামা।

আলতাফ বলল, “উঁ উঁ।”

মোবারক হাস্টচিস্টে বলল, ও এইভাবেই কথা বলে। মামা বলতে বলেছি তো, কাজেই সে দু’বার বলেছে উঁ—উঁ। কারণ মামা শব্দটায় দুটা অক্ষর। মা বলতে বললে একবার উঁ বলবে। কারণ মা হল এক অক্ষরের শব্দ।

বাবু বল তো ‘মা’।

আলতাফ বলল, উঁ।

মোবারক হোসেন আনন্দিত স্বরে বলল, দেখলেন ছেলের বুদ্ধি!

বজলুর রহমান থমথমে গলায় বললেন, গতকাল তোমার স্ত্রী মারা গেছে। আজ তুমি দাঁত বের করে হাসছ!

‘অন্য প্রসঙ্গে হাসছি। ছেলের বুদ্ধি দেখে হাসছি। সব বাবারাই ছেলেমেয়ের বুদ্ধির পরিচয় পেলে খুশি হয়ে হাসে।’

‘তোমার বুদ্ধিমান ছেলেকে নিয়ে তুমি বিদায় হয়ে যাও। আর কোনদিন যেন তোমাকে এ বাড়িতে না দেখি।’

‘জি আচ্ছা। কিছু খরচ—বরচ কি দিবেন?’

‘কি খরচ?’

‘হাত একেবারে খালি। গোর দিতে অনেক খরচপাতি — কাফলের কাপড়ই আপনার দশ গজ। মার্কিন লংকুথ সন্তুষ্টি হল নিন আপনের পঁচিশ...’

‘দূর হও বললাম। দূর হও। ভক ভক করে মুখ থেকে কিসের গন্ধ বেরচ্ছে। মদ্য পান করেছ?’

‘জি না। মদ খাই না। একটু কাশির মত হয়েছিল দু’বোতল কফ সিরাপ এক সাথে খেয়ে ফেলেছি। কফ সিরাপে কিছু এলকোহল থাকে। তবে খুব সামান্য।’

বজলুর রহমান কঠিন গলায় বললেন, বিদায় হও। বিদায়।

মোবারক হোসেন বিদেয় হল।

বজ্জুলুর রহমানের রাগ বেশিক্ষণ থাকে না। সেদিন সন্ধ্যাবেলাতেই মনে হল কাজটা ঠিক হয় নি কিছু পঁয়সা দিয়ে দেয়া উচিত ছিল। বড় ভাই হিসেবে তাঁরও একটা দায়িত্ব আছে। অপ্রিয় হলেও দায়িত্ব পালন করতে হয়। সঙ্গে সঙ্গে এও মনে হল — এ জাতীয় লোকদের কোন সাহায্য করতে নেই। এদের সাহায্য করার অর্থ হচ্ছে এদের প্রশংস্য দেয়া। টাকার অভাবে একজন মৃত মানুষের কবর হবে না এটাও বিশ্বাস্য নয়।

বজ্জুলুর রহমান রাত এগারোটার দিকে ঠিক করলেন — খোজ নিতে যাবেন। যাওয়া হল না। প্রচণ্ড ঝড়—বৃষ্টি শুরু হল। বাসার সামনে একহাঁটু পানি ঝমে গেল। তিনি গেলেন পরদিন।

মোবারকের বাড়ির দরজা ভেতর থেকে বন্ধ। অনেকক্ষণ ধাক্কাধাক্কি করার পর মোবারক দরজা খুলল। পুরোপুরি খুলল না, সামান্য ফাঁক করে ভীত গলায় বলল, কে?

বজ্জুলুর রহমান বললেন, আমি। দরজা খোল।

মোবারক দরজা খুলল। তার মুখ শুকিয়ে এতটুকু হয়ে গেছে। মনে হচ্ছে কোন কারণে ভয় পেয়েছে। চোখ রক্তবর্ণ। ঠোটের পাশ দিয়ে কষ গড়াচ্ছে। তারচেয়ে বড় কথা হাত পা কাঁপছে। মৃত বাড়িতে অনেক লোকজন থাকার কথা। আত্মীয়—স্বজন, পাঢ়া—প্রতিবেশী। একটা মানুষ নেই। তবে ভেতর থেকে বিজ—বিজ শব্দ আসছে।

বজ্জুলুর রহমান বললেন, শব্দ কিসের?

মোবারক হোসেন নিচু গলায় কি বলল এক বিন্দু বোকা গেল না।

বজ্জুলুর রহমান বললেন, এ রকম করছ কেন?

‘ভেতরে এসে দেখেন।’

‘কি দেখব?’

‘বিরাট বিপদে পড়েছি।’

বজ্জুলুর রহমান মোবারকের সঙ্গেই তার শোবার ঘরে ঢুকলেন। তাঁর হাত—পা ঠাণ্ডা হয়ে গেল। ঘরভর্তি তেলাপোকা। হাজার হাজার বলুলেও কষ বলা হবে — লক্ষ লক্ষ পোকা। তাদের হাঁটা, পাখায়—পাখায় ঘসাঘসি থেকেই বিজবিজ শব্দ আসছে। পোকাদের মাঝখানে শান্তমুখে বসে আছে আলতাফ। তার চোখে ভয় বা বিস্ময় কিছুই নেই। সে বজ্জুলুর রহমানকে দেখে দুঃখের বলল, উঁ উঁ।

বজ্জুলুর রহমান বললেন, ব্যাপারটা কি?

মোবারক ফ্যাসফ্যাসে গলায় বলল, তেলাপোকা।

‘তেলাপোকা সে তো দেখতেই পাচ্ছি। কোথেকে এল এত তেলাপোকা?’

‘জানি না।’

‘অন্য ঘরেও আছে, না শুধু এই ঘরে?’

‘এই ঘরে। মিনুর ডেডবডি এই ঘরে ছিল। তেলাপোকায় খেয়ে ফেলেছে।’

‘তোমার কি মাথা খারাপ হয়ে গেছে?’

‘জি না মাথা খারাপ হয় নাই। সত্যি কথা বলতেছি। আপনার কাছে টাকার
জন্য গিয়েছিলাম। না পেয়ে যনটা খুব খারাপ হল।

‘বাবুকে ঘরে রেখে আবার বের হলাম টাকার সন্ধানে।’

‘তাকে তুমি খালি বাড়িতে রেখে গেলে?’

‘জি। ভেবেছিলাম তাড়াতাড়ি ফিরে আসব। বড়—বৃষ্টিতে আটকা পড়ে গেলাম।
ফিরে দেখি এই অবস্থা।’

‘তুমি একটা দুধের শিশুকে খালি বাড়িতে একটা ডেডবডির পাশে বসিয়ে চলে
গেলে?’

‘জি। না গিয়ে তো উপায় ছিল না। হাতে নাই একটা পয়সা।’

‘একটা মানুষ যারা গেছে — কোন লোকজন নাই। এইটাই—বা কেমন কথা?’

‘কাউকে বলি নাই তো।’

‘বল নাই কেন?’

‘কি দরকার! বললেই লোকজন এসে গিজগিজ করবে। হেন কথা তেন কথা
বলবে। দরকার কি?’

‘তোমার মাথা পুরোপুরি খারাপ।’

‘জি না ভাই সাহেব। মাথা ঠিক আছে।’

‘আমি এই ছেলেকে সাথে নিয়ে যাচ্ছি। কয়েকদিন থাক আমার এখানে। তুমি
অবস্থা ঠিকঠাক করে তারপর নিয়ে যাবে।’

‘জি আচ্ছা।’

‘আর এই নাও এক হাজার টাকা।’

‘আপনাকে এক সপ্তাহের মধ্যে ফিরত দিয়ে দিব।’

‘ফিরত দিতে হবে না।’

‘আমি ফিরত দিয়ে দিব। এক সপ্তাহের মধ্যে ফিরত দিব।’

মোবারক হোসেন এক সপ্তাহের মধ্যে টাকা ফিরত দিতে এল না। বরং আরো টাকা ধার করতে এল। সে না-কি ভয়াবহ ঝামেলায় পড়েছে। পুলিশের ধারণা, সে তার স্ত্রীকে খুন করেছে। তারপর রটিয়েছে তেলাপোকা খেয়ে ফেলেছে।

মোবারক কাঁদো-কাঁদো গলায় বলল, পুলিশ বড় বন্দুগ করতেছে ভাইসব। শুধু টাকা চায়।

‘খুন করেন না-কি?’

জি-না, আমি খুন করব কেন?

‘তোমার চোখ-মুখ দেখে তো মনে হয় করেছ?’

‘জি-না। তবে পুলিশের ধারণা, করেছি। ৩০২ ধারায় কেইস দিবে বলে মনে হয়। আপনি একটু আমার হয়ে সাক্ষ্য দিবেন।’

‘বজ্জলুর রহমান আঁৎকে উঠে বললেন, আমি আবার কি সাক্ষ্য দিব?’

তেলাপোকা যে খেয়ে ফেলেছে এহটা একটু বলবেন। আপনি তো নিজের চোখে তেলাপোকা দেখেছেন।’

‘আমি কিছুই দেখি নাই। টাকা দিতেছি, টাকা নিয়ে যাও। আমি যেন কোন ঝামেলায় না পড়ি।’

‘জি আচ্ছা।’

‘আর শোন, তোমার ছেলে নিয়ে যাও।’

‘জি, নিয়ে যাব। আজকেই নিয়ে যেতাম, আজ আবার এখান থেকে রমনা থানায় যাব। টাকা আপনার কাছ থেকে যা পাব সবটা পুলিশকে দিয়ে দিব। কাল-পরশু এসে নিয়ে যাব।’

মোবারক আর ফিরে আসেনি। পুলিশ অ্যারেস্ট করেছে। মায়লা চলাকালিন সময়ে সে মারা গেছে জেল হাজতে। আলতাফ থেকে গেছে এই বাড়িতে। তার আত্মীয়স্বজন কেউ তাকে নিতে আসেনি। মনে হয় সবাই হাঁফ ছেড়ে বেঁচেছে।



বারই চৈত্র রোববার আজিমপুর কম্যুনিটি সেন্টারে বিয়ে হয়ে গেল।

আলতাফ আগে থাকতো বান্ধাঘরের পাশে খুপড়ি মত জানালাবিহীন একটা ঘরে। বিয়ের পর সে উঠে গেল দোতলায় দুলারীর ঘরে। তার জীবনযাত্রায় পরিবর্তন বলতে এহটুকুই। তবে স্ত্রীর ভাগ্যের কারণেই হোক কিংবা অন্য যে কোন কারণেই হোক সে একটি চাকরি পেয়ে গেল। ভাল চাকরি, সিটি ব্যাঙ্কের অ্যাসিস্টেন্ট কেশিয়ার। বেতন তিন হাজার টাকা, মেডিকেল আছে, যাতায়াতের এলাউন্স আছে।

বজ্রুর রহমান বললেন, এই গাধাকে যে চাকরি দিয়েছে সে আরো বড় গাধা, রামগাধা। তাকে ঘাড় ধরে দেশ থেকে বের করে দেয়া উচিত।

মনোয়ারা বললেন, এত ঘন ঘন গাধা বলো না তো। দুলারী মনে কষ্ট পাবে।

‘কষ্ট পেলে পাবে, গাধাকে গাধা বলব না তো কি বলব? ক্যাঙ্গারু বলব?’

‘কিছুই বলতে হবে না, মেয়ের জামাই চাকরি পেয়েছে — এ তো ভাল কথা। বেচারা নিজের চেষ্টায় জোগাড় করেছে। মন্ত্রী-মিনিস্টার ধরাধরি করতে হয়নি। কত আনন্দের ব্যাপার।’

‘আনন্দ দু'দিন পর টের পাবে। টাকাপয়সার গুগোলের জন্যে বাবাজীকে যখন জেলে নিয়ে ঢুকাবে তখন বুঝবে আনন্দ কাহাকে বলে। কয়েকটা দিন সবুর কর, এক সপ্তাহ, এর মধ্যেই রেজাল্ট আউট হয়ে যাবে। এক সপ্তাহের বেশি যদি গাধাটাকে কেউ চাকরিতে রাখে, আমি নিজের ফান কেটে কুভার লেজে সৃতা দিয়ে বেঁধে দেব।’

মাস্থানিক কেটে গেল, চাকরি যাওয়ার কোন লক্ষণ দেখা গেল না। সকাল আটটায় টিফিন বক্সে টিফিন নিয়ে আলতাফ রওনা হয়। আলতাফের সঙ্গে যায় দুলারী। সে তাকে বাস্টপ পর্যন্ত এগিয়ে দিয়ে আসে। দুলারীর হাতে থাকে একটা চটের ব্যাগ। সেই ব্যাগে থাকে একটা পানির বোতল, ছেটু ফ্লাস্ক এক কাপ গরম দুধ এবং এক কৌটা পানের মশলা।

দুলারীর কাণ-কারখানায় বজ্রুর রহমান বড়ই বিরক্ত। মনোয়ারাকে একদিন

ডেকে বলে দিলেন, দুলারী সঙ্গে যায় কেন? গাধাটা কি বাসস্টপ চেনে না? দুলারীকে নিষেধ করে দেবে। বাড়াবাড়ি আমি পছন্দ করি না। তৎ বেশি হয়ে যাচ্ছে।

মনোয়ারা নিষেধ করেছেন। আদুরে গলায় বললেন, কি দরকার রোজ রোজ সাথে যাওয়ার? তোর বাবা রাগ করে।

দুলারী হাই তুলতে তুলতে বলেছে, কুরুক রাগ।

‘বাড়াবাড়ি বেশি হচ্ছে?’

‘মোটেই বেশি হচ্ছে না। তুমি তা ভাল করেই জান।’

বাড়াবাড়ি বেশি হচ্ছে না এটা অবশ্যি সত্যি। স্বামীকে নিয়ে ঢাঢ়লি, ছাদে হাঁটাহাটি, অকারণ হাসাহাসি এইসব কিছুই হচ্ছে না। সন্ধ্যা না হতেই দরজা বন্ধ করে এরা গুজগুজ করে গল্পও করে না। খুব অন্যায় জেনেও তিনি কয়েকবার আড়াল থেকে উঁকি দিয়ে দেখেছেন। আলতাফ চেয়ারে যিম ধরে বসে থাকে। দুলারী নিজের কাজ করে। যেন কেউ কাউকে চেনে না। বজলুর রহমান সব শুনে বলেছেন, যিম ধরে বসে থাকে না, ঘূমায়। চতুর্পদ জনুরা ঘূমায় দাঁড়িয়ে। ও ঘূমায় বসে। এইটুকুই যা তফাহ। আর কোন তফাহ নেই। মনোয়ারা একদিন কথায় কথায় দুলারীকে জিজ্ঞেসও করে ফেললেন, আলতাফ কি চেয়ারে বসে বসে ঘূমায় না—কি রে?

দুলারী বিরক্ত হয়ে বলেছে, চেয়ারে বসে ঘূমবে কেন? এইসব কি আজেবাজে কথা বল?

‘প্রায়ই দেখি চোখ বন্ধ করে চেয়ারে বসে থাকে।’

‘তাতে অসুবিধা কি?’

‘না, অসুবিধা আর কি। দেখতে খারাপ লাগে।’

‘তোমাকে দেখতে বলেছে কে?’

‘তুই এমন ক্যাট ক্যাট করছিস কেন? আমি একটা কথার কথা বললাম।’

‘ওকে নিয়ে তোমরা সারাক্ষণ সমালোচনা কর আমার ভাল লাগে না। বেচারা কারো সাতে নেই পাঁচে নেই, চুপচাপ থাকে, আর তোমরা . . .’

‘কি যত্নগা! কেঁদে ফেলছিস কেন? আমরা কি এমন বললাম?’

‘বাবা তো তাকে সারাক্ষণই গাধা বলছে। চুপচাপ থাকলেই মানুষ গাধা হয়ে যায়? চুপচাপ থাকাটা কি অপরাধ?’

‘অপরাধ হবে কেন? একেবারে যিম ধরে থাকে তো, তাই . . .’

‘মোটেই যিম ধরে থাকে না, বসে বসে ভাবে।’

‘কি ভাবে?’

‘নানান কিছু নিয়ে ভাবে, তোমরা বুঝবে না। ও পোকাদের নিয়ে ভাবে।’

‘পোকাদের নিয়ে ভাবে!’

‘হ্যাঁ। পোকা-মাকড় এইসব নিয়ে ভাবে।’

মনোয়ারা শুকলো গলায় বললেন, পোকা-মাকড়দের নিয়ে ভাবা তো ভাল কথা। শুনে খুব আনন্দ হচ্ছে।

‘তুমি আবার বাবাকে এসব বলতে যেও না। বাবা কি বুঝতে কি বুঝবে। বাবা তো আবার সবকিছু বেশি বুঝে।’

‘আরে না, তোর বাবাকে সব কথা বলার দরকার কি? পুরুষ মানুষকে সব কথা বলতে নেই, এতে সংসারের শান্তি নষ্ট হয়। তা ইয়ে, আলতাফ কি দিনরাত পোকাদের নিয়েই ভাবে?’

দুলারী বিরক্ত গলায় বলল, দিনরাত পোকাদের নিয়ে ভাববে কেন? ওর কি আর কাজকর্ম নেই? মাঝেমধ্যে ভাবে। তুমি আবার বাবাকে কিছু বলতে যেও না।

‘পাগল হয়েছিস, তাকে বলার দরকার কি?’

মনোয়ারা সেই রাতেই স্বামীকে ফিসফিস করে পোকার ব্যাপারটা বললেন।

বজ্রুর রহমান বললেন, আরে, গাধাটার তো ব্রেইন ডিফেন্স হয়ে গেছে। পোকা নিয়ে ভাবে মানে? পোকা নিয়ে ভাবার কি আছে? গাধাটাকে ডাক।

‘থাক, ভাকতে হবে না।’

‘অবশ্যই ভাকতে হবে। অবহেলা করার ব্যাপার এটা না।’

‘পরে একসময় ওকে আলাদা করে ডেকে . . . মানে দুলারী যাতে কিছু বুঝতে না পাবে।’

বজ্রুর রহমান বিরক্ত গলায় বললেন, কোন ব্যক্তি আগুমেন্টে যাবে না। আই হেট আগুমেন্ট। তুমি গাধাটাকে ডেকে আন। আজই এর ফয়সালা হওয়া উচিত। পোকাদের নিয়ে ভাবে, পোকাদের ব্যবিস্তরণ হয়েছে। হারামজাদা!

মনোয়ারা ডাকতে গেলেন। দুলারী বলল, এই রাতদুপুরে বাবা ভাকছে কেন?

মনোয়ারা ক্ষীণ গলায় বললেন, এই অফিসে কাজকর্ম কেমন হচ্ছে তাই জিজ্ঞেস করবে।

‘তুমি পোকার ব্যাপার বাবাকে কিছু বলনি তো?’

‘না।’

আলতাফ মামাৰ ঘৰে চুকে ভয়ে ভয়ে বলল, মামা ডেকেছেন ?

বজলুৱ রহমান বললেন, বোস। মামা ডাকবি না, খবর্দাৰ।

‘কি ডাকব ?’

‘কিছুই ডাকতে হবে না। ডাকাডাকিৰ পালা শেষ।’

আলতাফ বসল। বজলুৱ রহমান গলা খাকাডি দিয়ে বললেন, তুই নাকি
পোকাদেৱ নিয়ে ভাবিস ?

‘জি মামা ?’

‘কি ভাবিস ?’

‘তেমন কিছু না, মামা। ওদেৱ সঙ্গে কথা-টথা বলি, ওৱা যখন চুপ কৰে থাকে
তখন ভাবি।’

বজলুৱ রহমান হতভম্ব হয়ে বললেন, ওদেৱ সঙ্গে কথা বলিস ?

‘জি মামা।’

‘কৰে থেকে কথা বলাবলি শুৰু হয়েছে ?’

‘যখন আপনাৰ এখানে আসলাম তখন থেকে।’

‘আমাৰ এখানে এসেছিস দু'বছৰ বয়সে, তখন থেকে পোকাদেৱ সঙ্গে তোৱ
দোষ্টি ?’

‘দোষ্টি না মামা। ওৱা যে আমাকে ঠিক পছন্দ কৰে তা না। সবাই আমাকে ভয়
পায়। ভয়েৱ কারণে কিছু কিছু কথা শুনে।’

‘পোকাৱা তাহলে তোৱ ভয়ে কম্পমান ?’

আলতাফ হাঁচ-সূচক মাথা নাড়ল। বজলুৱ রহমান ঘনে ঘনে বললেন, গাধাটাৰ
তো আসলেই ব্ৰেইন ডিফেন্ট হয়ে গেছে। ব্ৰেইনে ইলেক্ট্ৰিক শক দিতে হবে। তিনি
স্ত্ৰীৰ দিকে তাকিয়ে বললেন, ঘটনা শুনছ তো ? পোকাৱা আমাদেৱ আলতাফকে
হেড মাস্টাৰ সাহেবেৱ যত ভয় পায়। আলতাফেৱ ভয়ে তাৱা প্ৰথৰি কম্পমান।

‘আপনি যত বলছেন ওৱা তত ভয় পায় না মামা। কিছুটা ভয় পায়।’

‘ভয়েৱ চোটে ওৱা কি কৰে ? তোকে দেখলেই স্নামালিকুম দেয় ?’

‘তা না, তবে ডাকলে আসে।’

বজলুৱ রহমান স্ত্ৰীৰ দিকে তাকিয়ে বললেন, শুনলে তো, আলতাফ ডাকলেই
পোকাৱা যে যেখানে থাকে ছুটে আসে। মনোয়াৱা অস্বস্তিৰ সঙ্গে বললেন,
আৱেকদিন এইসব নিয়ে কথা হবে। আজি রাত অনেক হয়েছে। তিনি হাই তোলাৰ
ভঙ্গি কৰলেন।

বজলুর রহমান বললেন, রাত যতই হোক ব্যাপারটার ফয়সালা হওয়া দরকার।
আলতাফ, দেখি তুই তোর এক পোকা ডেকে আন।

‘একটা তেলাপোকা ডেকে আনব মামা?’

‘ডাক, তেলাপোকাই ডাক। তেলাপোকাই—বা খারাপ কি?’

আলতাফ চোখ বন্ধ করে বিড়বিড় করল। প্রায় সঙ্গে সঙ্গেই উড়তে উড়তে ঘরে
একটা তেলাপোকা ঢুকল। বসল সিলিং ফ্যানের পাখায়।

আলতাফ বলল, এই, নিচে নাম।

পোকা নিচে নামল। বসল মেঝেতে। আলতাফ বলল, শুড় দুটা নাড় তো।

তেলাপোকা শুড় নাড়তে লাগল। বজলুর রহমান নিজের অজাণ্টেই আয়াতুল
কুরসি সুরাটা মনে মনে পড়ে ফেললেন।

আলতাফ বলল, মামা, ওকে কি চলে যেতে বলব?

‘বল।’

আলতাফ বলল, চলে যা।

পোকা গেল না। শুড় নাড়তে লাগল। একবার পাখা তুলে উড়ার ভঙ্গি করল।
আবার পাখা নামিয়ে ফেলল।

মনোয়ারা বললেন, কই, যাচ্ছে না তো।

‘যেতে চাচ্ছে না মামী। এরা সবসময় কথা শুনে না।’

তেলাপোকা চুক্কারে ঘূরছে। আলতাফ বলল, এই, ঘোরা বন্ধ কর।
ঘোরা থেমে গেল।

‘যা, চলে যা।’

পোকা নড়ল না। স্থির হয়ে গেল।

বজলুর রহমান গভীর গলায় বললেন, যেতে না চাইলে কি আর করা!
আলতাফ বলল, মামা, আমি যাই? ঘূম পাচ্ছে।

বজলুর রহমান গভীর গলায় বললেন, যা।

আলতাফ উঠে চলে গেল। বজলুর রহমান এবং মনোয়ারা দুজনের কেউই
অনেকক্ষণ কোন কথা বললেন না। চুপচাপ বসে রইলেন। মনোয়ারা প্রথম নীরবতা
ভঙ্গ করলেন। ফিসফিস করে বললেন, এটা কি হল?

বজলুর রহমান রাগী গলায় বললেন, কিসের কথা বলছ?

‘পোকা তো সত্যি সত্যি ওর কথা শুনে।’

‘কোন কথাটা শুনেছে?’

‘ওৱ কথা শুনে পোকা ঘৰে এসেছে।’

‘তোমারও কি মাথা খারাপ হয়ে গেল নাকি? পোকা কথা শুনবে মানে? কাকতালীয়ভাবে একটা তেলাপোকা ঘৰে এসেছে। এই হল ব্যাপার। বাড়ে বক মৰে গেছে, আৱ ফকিৰ সাহেবে বললেন, দেখলি, দোয়া কুনুত পড়ে ঝুঁ দিলাম আৱ বক মৰে পড়ে গেল। ব্যাপার এৱ বেশি কিছু না।’

‘শুঁড় নাড়তে বলল, শুঁড় নাড়ল।’

‘কি যন্ত্ৰণা! পোকা শুঁড় নাড়ে না? কুকুৰ যেমন লেজ নাড়ে পোকা নাড়ে শুঁড়। ওদেৱ কাজই হল শুঁড় নাড়া।’

‘আমাৱ ভয়-ভয় লাগছে।’

‘ফালতু কথা বলবে না। ভয়েৱ এৱ ঘণ্যে কি আছে?’

বজলুৱ রহমান ঘুমুতে গেলেন। তাঁৱ ভাল ঘূম হল না। রাতে কয়েকবাৰ উঠলেন। পানি খেলেন, বাথৰুমে গেলেন। যতবাৱই বাথৰুমে গেলেন ততবাৱই লক্ষ্য কৱলেন — তেলাপোকাটা ঘায়নি। মেঝেতে ঘুৱঘুৱ কৱছে। অবশ্যি এটা আগেৱ পোকা নাও হতে পাৱে। হয়তো অন্য একটা। চায়নিজদেৱ যত সব তেলাপোকাও দেখতে একৱকম। একটাৱ সঙ্গে অন্য একটা আলাদা কৱা তাঁৱ পক্ষে সন্তুষ্ট না। তাঁৱ মনে হল পোকাটা তাঁৱ দিকে তাকিয়ে আছে। শুধু যে তাকিয়ে আছে তাই না, ঘাড় ঘুৱিয়ে তাঁকে দেখাৰ চেষ্টা কৱছে। তিনি পোকাটাৱ গায়ে পু কৱে খুখু ছিটিয়ে দিলেন, তাৱপৱেও সেটা নড়ল না বৱং তাঁৱ দিকে খানিকটা এগিয়ে এল। এ কি যন্ত্ৰণা! তিনি বললেন, যা হাৰামজাদা।

পোকাটা থমকে গেল। এখন আবাৰ শুঁড় নাড়ছে।

‘শুঁড় নাড়া বন্ধ কৱ হাৰামীৰ বাচ্চা।’

পোকাটা শুঁড় নাড়া বন্ধ কৱল। বজলুৱ রহমান এক দৃষ্টিতে পোকাটাৱ দিকে তাকিয়ে উইলেন।



আজ অসহ্য গরম। বিকেলে এক পশলা বৃষ্টি হয়েছিল, এতে গরম আরো বেড়েছে। এই গরমেও আলতাফের ঘরের দুটি জানালাই বন্ধ। শুধু যে বন্ধ তাই না, পর্দাও টেনে দেয়া। জানালা খোলা রেখে আলতাফ ঘূমুতে পারে না। ঘরে আলো থাকলেও সে ঘূমুতে পারে না। আলতাফের অভ্যাসে দুলারী অভ্যস্থ হয়ে পড়েছে, এখন আর তার খারাপ লাগে না। এই ঘরের সঙ্গে এটাচড় বাথরুম আছে। বাথরুমও অঙ্ককার। চালিশ পাওয়ারের একটা বাল্ব ছিল, আলতাফ সেই বাল্ব খুলে রেখেছে। অঙ্ককারে আলতাফের অসুবিধা হয় না, তবে দুলারীর হয়। সে একটা টর্চলাইট নিয়ে বাথরুমে যায়।

আজকের অঙ্ককার অন্যসব রাতের চেয়েও বেশি, কারণ বাসার সামনে স্ট্রীট ল্যাম্পের বাল্ব আবার চুরি হয়েছে। অঙ্ককার বাথরুমে আলতাফ হাত-মুখ ধূঁচে। দুলারী খাটের উপর মশারি খাটিছে। আন্দাজের উপর খাটিছে, কিছুই দেখা যাচ্ছে না। দুলারী বলল, আজ খুব গরম।

আলতাফ বলল, হ্লুঁ।

‘একটা জানালা খুলে দেই?’

‘না।’

‘মশারির ভেতর ফ্যানের বাতাস তুকে না। গরম লাগে।’

‘মশারি খাটিও না।’

‘মশারি না খাটালে উপায় আছে? মশা খেয়ে ফেলবে না?’

‘মশা খাবে না, ওদের না করে দেব।’

আলতাফের কথায় অন্য কেউ চমকে উঠতো, দুলারী চমকাল না, এরকম কথা সে প্রায়ই শুনে। দুলারী মশারি খুলে ফেলল। আলতাফ তোয়ালে দিয়ে মুখ মুছতে মুছতে বাথরুম থেকে বেরল। দুলারী বলল, বাবা তোমাকে কেন ডেকেছিলেন?

‘পোকাদের ব্যাপারে জিজ্ঞেস করলেন।’

‘তুমি বলেছ?’

‘হ্লুঁ।’

‘কেন বলেছ?’

‘মামা জানতে চাইলেন তাই বললাম। না বলার কি আছে?’

‘বাবা কি তোমার কথা বিশ্বাস করেছেন?’

‘বিশ্বাস করবেন না কেন?’

‘আমার মনে হয় না বাবা তোমার কথা বিশ্বাস করেছেন। তোমাকে নিয়ে এখন নিশ্চয়ই ঘার সঙ্গে হাসাহসি করেন। সাধারণ কিছু বললেই বাবা হাসাহসি করেন, আর এখন বলছ অস্তুত কথা।’

‘মামা আমাকে স্নেহ করেন। তা ছাড়া অস্তুত কথা তো কিছু বলি নাই।’

‘বাবা তোমাকে যেটোই স্নেহ করেন না। সারাক্ষণ গাধা ডাকেন।’

আলতাফ হাই তুলতে তুলতে বলল, ঘূম পাচ্ছে, চল শুয়ে পড়ি। দুলারী বলল, তুমি আমার একটা কথা শোন। এইসব কথা তুমি কাউকে বলবে না। কাউকে কিছু বলার দরকার নেই।

আলতাফ বিছানায় উঠতে উঠতে বলল, ‘আমি নিজ থেকে বলি না, মামা জিঞ্জেস করলেন . . .’

‘জিঞ্জেস করলেও কিছু বলবে না। তোমাকে নিয়ে কেউ হাসাহসি করলে আমার ভাল লাগে না। রাগ লাগে, কান্না পায়।’

আলতাফ পাশ ফিরতে ফিরতে সহজ গলায় বলল, ‘পোকাগুলি তো সারাক্ষণ হাসাহসি করে।’

‘করুক। ওদের হাসি তো আর কেউ বুঝতে পারছে না।’

আলতাফ কিছু বলল না। ঘর নিশ্চিন্দ্র অস্তুকার। দুলারী বলল, ঘুমিয়ে পড়েছে?

আলতাফ জবাব দিল না। তার নিঃশ্বাস ভারী হয়ে এসেছে। হাত-পা লম্বালম্বি ছড়ানো। মনে হচ্ছে তালগাছের একটা লম্বা গুঁড়ি। এই এক ঘুমেই সে রাত কাবার করে দেবে। সকালে দুলারী জেগে ওঠে দেখবে — আলতাফ একই ভঙ্গিতে শুয়ে আছে। দুলারী ছেট করে নিঃশ্বাস ফেলল। তার আরো কিছুক্ষণ গল্প করার ইচ্ছা ছিল।

মাথার উপর ফ্যান ঘুরছে, তবু গরম কমছে না, গরমে যাথা ধরে যাচ্ছে। মশা কামড়াচ্ছে। মশারা এখন আর আলতাফের কথা শুনছে না। দুলারী মনে মনে হাসল। ঘানুষটা কি অস্তুত বিশ্বাস নিয়েই—না আছে — পোকারা তার কথা শুনে। অবশ্যি এরকম বিশ্বাস থাকা দোষের কিছু না। তার এই বিশ্বাসে তো কারো কোন ক্ষতি হচ্ছে না। আলতাফের চেয়েও কত ভয়ংকর সব বিশ্বাস নিয়ে পৃথিবীতে লোকজন বাস করে। নিজের প্রস্তাৱ নিজেই প্লাসে করে খেলে ফেলছে — এতে না—কি শরীর

রোগহীন হয়। আরেকবার দুলারী পত্রিকায় পড়েছে, শিকাগোতে এক লোক আট বছর বয়েসী একটা মেয়েকে খুন করে তার জরায়ু বের করে খেয়ে ফেলেছে। এতে না-কি যৌবন অক্ষয় হয়। এদের তুলনায় আলতাফের বিশ্বাস তো খুব সাধারণ। তাছাড়া কে জানে আলতাফ হয়তো পোকাদের কথা বুঝতেও পারে। অসম্ভব কিছু না। সোলায়মান পয়গম্বর পৃথিবীর সব পশু-পাখিদের কথা বুঝতেন।

দুলারী পাশ ফিরলো। মশা খুব কামড়াচ্ছে। টেবিলের উপর একটিন মটিন আছে। স্প্রে করে ঘরে ছড়িয়ে না দিলে মশারা তাকে ঘুমুতে দেবে না। দুলারী সাবধানে বিছানা থেকে নামল। টেবিলটা কোন দিকে দুলারী বুঝতে পারছে না। অঙ্কুরকার হলেই মানুষ দিকহারা হয়ে পড়ে। পশ্চিমকে মনে হয় উত্তর, উত্তরকে মনে হয় দক্ষিণ।

দুলারী অমুখ স্প্রে করে দিল। ঘরে এখন হাসপাতাল-হাসপাতাল গন্ধ। নাক জ্বালা করছে। মশার কামড়ের চেয়ে নাক জ্বালা বরং ভাল। দুলারী বিছানায় ফিরে এলো। আলতাফ অস্ফুট শব্দ করল। বিড়বিড় বিড়বিড় করে কি যেন বলে যাচ্ছে। দুলারী বলল, কি বলছ? আলতাফ বলল, হ্রঁ।

‘ঘুমুচ্ছ?’

‘হ্রঁ।’

‘মশার অমুখ দিয়েছি। তোমার খারাপ লাগছে না তো?’

‘হ্রঁ।’

‘আজ একেবারে গায়ে ফোসকা পড়ে যাবার মত গরম পড়েছে।’

‘হ্রঁ।’

‘ইচ্ছে করছে গায়ের সব কাপড় খুলে ফেলতে।’

‘হ্রঁ।’

দুলারী জানে এই ‘হ্রঁ’ অথচীন। যাই জিজ্ঞেস করা হোক আলতাফ বলবে — হ্রঁ। ঘুমের মধ্যেই বলে যাবে। দুলারীর ঘুম আসছে না। একা জেগে থাকা বেশ কষ্টের। জেগে থাকলেই কথা বলতে ইচ্ছা করে। ঘুমন্ত মানুষের সঙ্গে কথা বলার কোন মানে হয় না, তবে আলতাফ ঘুমের মধ্যেই হ্রঁ হ্রঁ করে, এও মন্দ না।

‘এই শোন।’

‘হ্রঁ।’

‘অফিসে তোমার কাজকর্ম কেমন হচ্ছে?’

‘হ্রঁ।’

কেউ আবার ভাবছে না তো তুমি পাগল কিংবা বোকা ?'

'হ্যাঁ !'

'আমি একদিন তোমাদের অফিসে যাব। তোমাকে জানিয়ে যাব না, না জানিয়ে যাব। চুপি চুপি যাব। বোরকা পরে যাব যাতে তুমি চিনতে না পার। নিজের চোখে দেখে আসব তুমি কি কর ?'

'হ্যাঁ !'

'তোমাদের অফিসে ক্যানচিন আছে? থাকলে ক্যানচিনে চা খাব ?'

গরম যেন আরো বাড়ছে। গা বেয়ে ঘাম ঝরছে। দুলারীর মনে হল, গায়ের কাপড় খুলে ফেললে কেমন হয়? অঙ্ককারে কে আর দেখতে আসছে? আলতাফ যে জেগে উঠবে তাও না। আর জাগলেও বাতি জ্বালবে না। দুলারী তার গায়ের সব কাপড় খুলে ফেলল। এখন একটু আরাম লাগছে। গায়ে বাতাস লাগছে। আবার নিজেকে কেমন জানি পোকা—পোকা লাগছে। পোকাদের গায়ে কেন কাপড় থাকে না। আলতাফ বিড়বিড় করেই যাচ্ছে। কি বলছে সে? দুলারী শোনার চেষ্টা করছে। অথবাইন সব শব্দ — কিছি খিচ বিবা বিবা। পোকারা কি এমন শব্দ করে? দুলারী আলতাফের গায়ে হাত রাখল। কি ঠাণ্ডা শরীর!

'এই শুনছ? শুনছ?'

'হ্যাঁ !'

'পানি খাবে ?'

'খাব !'

'তোমার ঘুম ভেঙ্গেছে ?'

'ভেঙ্গেছে !'

আলতাফ উঠে বসল। বিস্মিত গলায় বলল, তুমি নেঁটো হয়ে শুয়ে আছ কেন?

ঘর অঙ্ককার, আলোর সামান্যতম ইশারাও নেই। এর মধ্যে মানুষটা বুঝলো কি করে তার গায়ে কাপড় নেই? দুলারী অঙ্কস্তির সঙ্গে বলল, বড় গরম!

আলতাফ বলল, ও আচ্ছা। দুলারী অঙ্ককারেই হাতড়ে হাতড়ে পানির বোতল এবং গ্লাস নিয়ে এল। আলতাফ এক চুমুকে পানি শেষ করেই আবার শুয়ে পড়ল, এবং প্রায় সঙ্গেই তার নিঃশ্বাস ভারী হয়ে গেল। সে তলিয়ে গেল গভীর ঘুমে।

দুলারীর শরীর জ্বালা করছে। বুক ধৰক ধৰক করছে। সে আবারো ভাকল, এই, এই। আলতাফ বলল, কি?

‘ঘূমিয়ে পড়েছিলে না—কি?’

‘হ্রিৎ।’

‘এখনো কি ঘুমুছ? তুমি তো আমার ঘুমের মধ্যেও হঁস্তু কর।’

‘না ঘুমাছি না।’

দুলারী শ্বেত স্বরে বলল, তোমার সঙ্গে গল্প করতে ইচ্ছা করছে।

‘গল্প কর।’

‘তুমি একটা গল্প বল। আমি শুনি।’

আলতাফ বলল, আমি তো গল্প জানি না।

‘সত্ত্ব জান না?’

‘না।’

‘তাহলে কথা বল। যা ইচ্ছা বল। তোমার কথা শুনতে ভাল লাগে।’

আলতাফ পাশ ফিরতে ফিরতে বলল, আমার কথা বলতে ভাল লাগে না। তুমি বল আমি শুনি।

দুলারী আলতাফের গায়ে হাত রাখতে রাখতে বলল, আমাকে বিয়ে করে তুমি কি খুশি হয়েছ?

‘খুশি—অখুশির কি আছে?’

‘তুমি আমাকে ভালবাস না?’

আলতাফ ঝুঁস্ত গলায় বলল, ভালবাসাবাসির এখানে কি আছে? পোকারা ব্যবস্থা করে দিয়েছে বলে তুমি আমাকে বিয়ে করেছ।

‘পোকারা ব্যবস্থা করে দিয়েছে?’

‘ইঠা! ওরা তোমার মাথাটা গগনগোল করে রেখেছে বলেই তুমি সারাক্ষণ আমার জন্য পাগল হয়ে থাক।’

‘এইসব তুমি কি বলছ?’

আলতাফ হাই তুলতে তুলতে বলল, এতদিন আমি তোমাদের এখানে আছি, কখনো তো আমার জন্য তোমার টান ছিল না। হঠাৎ বিয়ের জন্যে পাগল হয়ে গেলে। পোকারা তোমাকে পাগল বানিয়ে দিল। এরা এইসব পারে।

দুলারী রাগী গলায় বলল, পোকারা এটা কৱল কেন?

‘পোকারা কৱল কারণ ওরা আমাকে খুব পছন্দ করে। ওরা বোধহয় ত্বেবে বের করেছে — তোমাকে বিয়ে করলেই আমার ভাল হবে। ওরা আমার ভাল দেখেছে।’

‘তোমার পোকা-মাকড়ের ব্যাপার আমি মোটেই বিশ্বাস করি না।’

‘আচ্ছা।’

‘এ ধৰনের গাঁজাখুরি গল্প আমার সঙ্গে কথনো কৰবে না।’

‘আচ্ছা।’

‘তুমি যুগাতে চাইলে দুমাও, আৱ কথা বলতে ইচ্ছা কৰছে না।’

‘আচ্ছা।’

আলতাফ পাশ ফিরল এবং প্ৰায় সঙ্গে সঙ্গে ঘুমিয়ে পড়ল। বাকি রাতটা দুলারী কাটালো নিৰ্ম। নানান অকৃত চিঞ্চাভাবনা তাৰ মাথায় আসতে লাগল। যেন সে একটা পোকা হয়ে গেছে। খুব সুন্দৰ একটা পোকা। অনেকেই তাকে দেখতে আসছে। আলতাফও এল। সে মুঢ় গলায় বলল, “বাহ কি সুন্দৰ! কি সুন্দৰ! এই, তোমো একটা ক্যামেৰা নিয়ে আস। আমি দুলারীৰ একটা ছবি তুলে রাখি।”

আলতাফ ছবি তুলছে। কি অকৃত কাণ — আলতাফও একটা পোকা হয়ে গেছে! দুলারী বলল, এই, শোন শোন। আলতাফ পোকদেৱ ভাষায় বলল, খিচ খিচ খিচ। দুলারী এৱ মানে বুঝতে পাৱল। এৱ মানে হল — “দুলারী, হাসিমুখে তাকাও। আমি ছবি তুলছি। ছবি তোলাৰ সময় কেউ এমন গজীৰ হয়ে থাকে?”

পোকদেৱ ভাষার এই হল যজ্ঞ। মাত্ৰ তিনটা শব্দ — খিচ খিচ খিচ। অন্ধ কত কিছু বোৰা যাচ্ছে।



বজ্জলুর রহমান সাধারণত ফজর ওয়াকে জেগে উঠেন। নামাজ পড়ে মর্নিং ওয়াকে যান। ঘন্টাখানিক হাঁটাহাটি করে নাশতা খান। এই কুচিনের নড়চড় খুব-একটা হয় না। আজ হল। গত রাতে বলতে গেলে ঘুম একেবারেই হয়নি। শেষ রাতের দিকে চোখ একটু ধরে এসেছিল, ওয়ি বিশ্বী বিশ্বী স্বপ্ন দেখতে শুরু করলেন। স্বপ্নে একটা ধৰ্মবেশ শাদা রঙের তেলাপোকা এসে তাঁকে ইংরেজিতে বলল, *How are you Mr. B. Rahman?* তিনি বাংলায় বললেন, যা, ভাগ। তেলাপোকা বিশ্বিত হয়ে বলল (এবার হিন্দীতে), কিয়া তুম আংরেজি নেহি জানতে?

আতঙ্কেই বজ্জলুর রহমানের ঘুম ভেঙে গেল। রাতটা বিছানায় বসে বসেই কাটিয়ে দিলেন।

এখন সকাল নটা। তিনি নাশতা খেতে খাবার ধরে এসেছেন। তাঁর মাথা ভার ভার হয়ে আছে। চোখ ঝালা করছে। তিনি লক্ষ করলেন, কুটি গলা দিয়ে নামছে না। গলা শুকিয়ে কাঠ হয়ে আছে। এক টুকরা কুটি মুখে নিয়ে অনেকক্ষণ চিবানোর পর পানি দিয়ে শিলে ফেলতে হচ্ছে। একরাত ঘুম না হওয়ার এত সমস্যা? তিনি বিরক্তমুখে ডাকলেন, মনোয়ারা!

‘কি?’

‘যদি খুব কষ্ট না হয় তাহলে কাছে এসে একটু শুনে যাও?’

মনোয়ারা দ্রুত উঠে এলেন। কৃষ্ণিত গলায় বললেন, কাঁচা আমের আচার বানাছি। দুলারী কদিন থেকে বলছে। কি জন্যে ডেকেছ?

বজ্জলুর রহমান স্ত্রীকে কি জন্যে ডেকেছেন মনে করতে পারলেন না, তবে স্ত্রীর দিকে তাকিয়ে বিশ্বিত হলেন। কারণ তাঁকে দেখে মনে হচ্ছে তাঁর রাতের ঘুমের কোন অসুবিধা হয়নি। গত রাতে কি ঘটেছে না-ঘটেছে তাও বোধহয় মনে নেই।

‘রাতে ঘুম হয়েছিল?’

‘যা গরম। ঘুম কি আসে?’

‘দেখে তো মনে হয় মরার মত ঘুমিয়েছে?’

মনোয়ারা হকচকিয়ে গেলেন। মনে হচ্ছে মরার মত ঘুমিয়ে তিনি অপরাধ

করেছেন। বজলুর রহমান বললেন, আলতাফকে ডাক, ওর সঙ্গে আমার কিছু কথা আছে।

‘ও তো অফিসে চলে গেছে?’

‘অফিস দশটায়, এখন বাজে নঠ্টা।’

‘বাস পায় না, ভিড় হয়, এইজন্যে আগে আগে যায়।’

‘দুলারীকে ডাক।’

‘ও তো আলতাফের সঙ্গে গেছে। আলতাফকে বাসে উঠিয়ে কলেজে চলে যাবে।’

তিনি থমথমে গলায় বললেন, আলতাফকে কি কোলে করে বাসে তুলে দিতে হয়? মনোয়ারা বললেন, তুমি চট করে রেগে যাচ্ছ। তোমার শরীর মনে হয় খারাপ। দেখি, জ্বর আছে কিনা। ও আস্তা, জ্বর আছে তো। বেশ জ্বর। যাও, বিছানায় গিয়ে শুয়ে থাক। বজলুর রহমান শোবার ঘরে চলে গেলেন। ঘরে ঢুকেই তাঁর হৃৎ কুঞ্জিত হল। তেলাপোকাটা এখনো ঘূরঘূর করছে। বজলুর রহমানকে দেখে পরিচিত ভঙ্গিতে কাছে এগিয়ে এল। এটা কাল রাতের তেলাপোকা কিনা তা বোঝা যাচ্ছে না। অন্য একটাও হতে পারে। ঘরে তেলাপোকার উপদ্রব হয়েছে, পোকা মারার অস্থুধ কিনতে হবে। আজই কিনতে হবে। এখন কিনে আনলেই হয়। পরে মনে থাকবে না।

বজলুর রহমান জ্বর নিয়েই পোকা মারার অস্থুধ কিনতে বের হলেন। বাজারে অনেক ধরনের অস্থুধ আছে — Kill Them, Finish, Rouche Killer, Vanish. তিনি কিনলেন দুফাইল ‘কিল দেম’। নামটা সুন্দর। কিল দেম। তাদের মার, শুধু মার, মেরে শেষ করে দাও। শুওরের বাচ্চা। এদের শুওরের বাচ্চা বলা ঠিক না। এরা তারচেয়েও খারাপ। কিল দেম বোতলের গায়ে লেখা — এটি বিষাক্ত অস্থুধ। স্প্রে করার সময় হাতে গ্লাভস্ পরে নেবেন। রাতের বেলায় ঘরের কোণায়, কমোডে, বেসিনে, ভাড়ার ঘরে ছড়িয়ে দেবেন। পরপর তিনরাত অস্থুধ দেবেন। পনেরো দিন বিরতির পর আবার অস্থুধ দেবেন।

অস্থুধের তেজ কেমন পরীক্ষা করার জন্যে বজলুর রহমান দিনের বেলাতেই অস্থুধ স্প্রে করলেন। গ্লাভস্ ছাড়াই করলেন, তিনি গ্লাভস্ কিনতে ভুলে গিয়েছিলেন।

Kill Them অস্থুধ হিসেবে মন্দ না। পোকাটার গায়ে স্প্রে করার সঙ্গে সঙ্গে কাজ হল। পোকাটা একবার উড়ার চেষ্টা করেই চিৎ হয়ে পড়ে গেল। কয়েকবার শুরু নেড়েই প্রির হয়ে গেল। বজলুর রহমান হাস্টচিপ্পে বললেন, শুয়ুর কা বাচ্চা!

বলেই যরা পোকাটার গায়ে আরো কয়েকবার ‘কিল দেম’ স্প্রে করে দিলেন। তার মনে হিংস্র এক ধরনের আনন্দ হল। অনেক দিন এধরনের আনন্দ পাননি। প্রচণ্ড আনন্দের জন্যেই ঘাম দিয়ে তাঁর জ্বর চলে গেল। ক্ষুধা বোধ হল।

দুলারী কলেজ থেকে ফিরতেই শনোয়ারা তাকে আড়ালে ডেকে নিয়ে ফিসফিস করে বললেন, তোর বাবার সঙ্গে কিন্তু খুব সাবধানে কথা বলবি। খুব সাবধান।

দুলারী ভীত গলায় বলল, বাবার কি হয়েছে?

‘বুঝতে পারছি না। মনে হয় রাতে গরমের জন্যে ভাল ঘুম হয়নি। সকাল থেকে ছট্টফট্ট করছে। কি যেন দোকান থেকে কিনে এনেছে। ঘরে ঘরে দিচ্ছে। বেটিকা গুৰু।’

‘জিনিসটা কি?’

‘জানি না। জিজ্ঞেস করিনি। যা মেজাজ করে রেখেছে জিজ্ঞেস করতেও ভয় লাগে। তুই তোর বাবার সঙ্গে সাবধানে কথা বলিস। না ডাকলে কাছে যাবি না।’

‘আচ্ছা।’

বজ্জলুর রহমান মেয়েকে ডাকলেন না। দুলারী নিজ থেকেই কৌতুহলী হয়ে বাবার ঘরে ঢুকল। স্কীগ গলায় বলল, কেমন আছ বাবা?

বজ্জলুর রহমান জবাব দিলেন না। মেয়ের দিকে তাকালেনও না। দুলারী বলল, তোমার কি শরীর খারাপ?

‘না। জ্বর ছিল, এখন নেই।’

‘দেখে কিন্তু মনে হচ্ছে শরীর খারাপ। মা বলছিল তোমার রাতে ঘুম হয়নি। ঘুম না হওয়ারই কথা। যা গরম! আমারও রাতে ঘুম হয়নি।’

‘আলতাফ! আলতাফের ঘুম হয়েছে?’

‘ঘুম নিয়ে তো ওর কোন সমস্যা নেই বাবা। ভরদুপুরে ওকে যদি একটা কম্বল দিয়ে ছেড়ে দাও ও আরাম করে নাক ডাকিয়ে ঘুমাবে।’

বজ্জলুর রহমান মেয়ের কথায় তেমন মজা পেলেন না। তাঁর মুখ আরো কঠিন হয়ে গেল। তিনি শুকনো গলায় বললেন, ওর মাথাটা কি খারাপ?

দুলারী হকচকিয়ে গিয়ে বলল, মাথা খারাপ হবে কেন?

‘কাল রাতে আমাকে বলল, ও পোকাদের কথা শুনতে পায়। পোকারাও ওর কথা শুনে। এইসব হাবিজাবি।’

‘বাবা, এটা হল ওর একটা খেয়াল।’

‘খেয়াল ?’

‘হ্যাঁ, খেয়াল। ও অবশ্যি বিশ্বাস করে।’

‘তুই বিশ্বাস করিস ?’

‘ফিফটি ফিফটি করি বাবা।’

‘ফিফটি ফিফটি মানে ?’

‘কিছুটা করি কিছুটা করি না। মানুষ পোকার কথা কি করে শুনবে এটা যখন
মনে হয় তখন বিশ্বাস করি না। আবার যখন দেখি ও মশাদের কামড়াতে নিষেধ
করল, ওমি মশারা কামড়ানো বন্ধ করল, তখন কিছুটা বিশ্বাস হয়।

বজলুর রহমান থমথমে গলায় বললেন, মশারা ওর কথায় কামড়ানো বন্ধ করে
দেয় ? সব গান্ধিবাদী মশা ?

দুলারী বলল, সবসময় যে কামড়ানো বন্ধ করে তা না, মাঝে মাঝে করে।

বজলুর রহমান বালিশের নিচ থেকে সিগারেটের প্যাকেট বের করতে করতে
বললেন, আলতাফের স্থান হওয়া উচিত পাগলাগারদে। শুধু ওর একার না —
তোরও। মিয়া বিবি দুজনেরই। কেন মানুষ যদি একনাগাড়ে অনেক দিন পাঠার
সঙ্গে থাকে তাহলে তার গা থেকে পাঁঠার ঘত গন্ধ বের হয়। এই-ই নিয়ম। তোর গা
থেকেও পাঁঠার ঘত গন্ধ বেরকচ্ছে

‘এরকম করে কথা বলছ কেন বাবা ?’

‘তোদের চাবকানো উচিত। তা না করে ভদ্র ভাষায় কথা বলছি। যা আমার
সামনে থেকে।’

দুলারী কাঁদো-কাঁদো গলায় বলল, আমি জানি তুমি ওকে দেখতে পার না।
আমাকেও না। আমরা তোমার সঙ্গে থাকব না। আল্যাদা বাসা নেব।’

‘যা ইচ্ছা কর। এখন আমার সামনে থেকে যা।’

দুলারী প্রায় ছুটে বের হয়ে গেল।



আলতাফ মাথা নিচু করে লেজার বই-এ লিখে যাচ্ছে। একটা দশ বাজে, টিফিন টাইম। অফিসের মূল হলঘর প্রায় ফাঁকা। সবাই ভিড় করেছে ক্যানটিনে।

গনি সাহেব আলতাফের পাশের টেবিলে বসেন। তিনি পান মুখে দিতে দিতে বললেন, করছেন কি আলতাফ সাহেব?

আলতাফ হাসল। গনি সাহেব বললেন, একটা থেকে দুটা হচ্ছে রেস্ট পেরিয়ড। রেস্ট পেরিয়ডে কাজ করলে আয়ু কমে যায়। রেস্ট পেরিয়ডে অফিসের কোন কাজ করবেন না। যত জরুরি কাজই খাকুক হাত গুটিয়ে বসে থাকবেন। পান খাবেন। সিগারেট খাবেন। পা নাড়বেন। খবরের কাগজ পড়বেন। কিন্তু ভুলেও কাজ করবেন না।

‘জি আচ্ছা।’

‘খাওয়া-দাওয়া করেছেন?’

‘জি।’

‘চা খাবেন না-কি? চলুন চা খেয়ে আসি।’

‘আমি দুপুরে চা খাই না।’

‘চায়ের কোন সকাল-দুপুর নেই। আসুন তো আমার সঙ্গে।’

আলতাফ মাথা নিচু করে বলল, এখন কোথাও যাব না।

গনি সাহেব বিস্মিত হলেন। তাঁর মুখের উপর কেউ কখনো না বলে না। এই অফিসে তিনি অতি জনপ্রিয় একজন মানুষ। পরপর কয়েক বছর ধরেই অফিসার্স ইউনিয়নের প্রেসিডেন্ট। তিনি যে নিজ থেকে চায়ের দাওয়াত দিলেন, এটা কম কথা না। কিন্তু মানুষটা বোধহয় এর গুরুত্ব ধরতে পারছে না। মনে হচ্ছে নির্বোধ ধরনের মানুষ। কেউ না বললে তা হজম করা গনি সাহেবের স্বভাব নয়। তিনি আলতাফের সামনের চেয়ার টেনে বসলেন। হাসিমুখে বললেন, অফিসের কাজকর্ম কেমন হচ্ছে?

‘জি, ভাল হচ্ছে।’

‘অসুবিধা হলে বলবেন।’

‘জি আচ্ছা।’

‘বড় কর্তাদের সাথে ঝামেলা হলেও বলবেন। আগের দিন এখন নেই, বুকতে পারছেন?’

আলতাফ চুপ করে রইল। গনি সাহেবের যথেষ্ট বিরক্ত হলেন। একটা বোকা-বোকা ধরনের লোককে কাছে টানা যাচ্ছে না, এ কেমন কথা? লোকটা কি তার গুরুত্ব বুঝতে পারছে না? বিপদে না পড়লে বুঝতে পারবে না। বিপদে শিগগিরই পড়বে। তখন ছুটে আসতে হবে তাঁর কাছেই। দাঁত থাকতে মানুষ দাঁতের মর্যাদা বুঝে না, এ তো অতি পুরাতন কথা।

‘যাই আলতাফ সাহেব।’

‘আচ্ছা।’

আলতাফ পাঁচটা পর্যন্ত চেয়ারে বসে রইল। পাঁচটাৰ ঘণ্টা পড়াৰ পৰি ফাইল গুছাতে শুরু কৱল, ঠিক তখন বড় সাহেবের পিয়ন এসে বলল, স্যার আফনেৰে বুলায়। যে কোন বুদ্ধিমান মানুষ পিয়নেৰ ডাকেৰ ধৰণ থেকে বুঝে ফেলবে বড় সাহেবেৰ মেজাজ ঠিক না। আলতাফ কিছু বুঝতে পারল না।

বড় সাহেবেৰ নাম মনসুৰ আলী। ছোটখাট ধৰনেৰ মানুষ। তিনি প্রচণ্ড গৱমেও স্মৃত পৰে থাকেন। তাঁকে দেখে যনে হয় তিনি কারোৱ সাতে পাঁচে থাকেন না। কিন্তু তাৰপৰও তাঁৰ ছায়া দেখলেই অফিসেৰ সবাই চমকে উঠে। তিনি সচৰাচৰ নিচেৰ স্তৱেৰ কৰ্মচাৱিদেৰ ডাকেন না। তাঁৰ নীতি হল — দূৰত্ব বজায় রেখে চলাৰ নীতি। আলতাফেৰ যত একজন জুনিয়ৰ কৰ্মচাৱি যে মাত্ৰ সেদিন কাজে যোগ দিয়েছে তাকে খাস কামৱায় ডাকাৰ কাৰণ কি? গনি সাহেব চিন্তিত মুখে অপেক্ষা কৱতে লাগলেন। ঘটনা না জেনে যাওয়া যায় না।

বড় সাহেবেৰ ঘৰটা প্ৰকাণ্ড। ওয়াল টু ওয়াল কাপেট। এয়াৱকুলাবেৰ কৰ্তা এত নিচে নামানো যে ঘৰে ঢুকলেই শীতেৰ কাৱণে শৰীৱে কৌপন ধৰে যায়। ঘৰেৰ আলোও কম। সবকিছু পৱিত্ৰ দেখা যায় না। এত কম আলোতেও বড় সাহেব চোখে সানঘাস পৰে থাকেন। এই অফিসেৰ অতি পুৱাতন কৰ্মচাৱি সঙ্গীৰ মিয়াও কোনদিন সানঘাস ছাড়া বড় সাহেবকে দেখেনি। অফিসেৰ সবাৱ ধাৰণা, বড় সাহেবেৰ একটা চোখ নষ্ট বলেই তিনি কালো চশমায় চোখ ঢেকে রাখেন।

আলতাফ ঘৰে ঢুকে ক্ষীণ গলায় বলল, স্যার ডেকেছেন?

বড় সাহেব বললেন, আপনাৰ নাম আলতাফ হোসেন?

‘জি স্যার।’

‘କାଜେ ଯୋଗ ଦିଯେଛେ କବେ?’

‘दूधास हय्येचे स्यार ।’

‘বসন্ত’

আলতাফ বসল। বড় সাহেব খানিকটা ঝুকে এসে বললেন, এই ফাইলটা আপনার তৈরি করা না? জুন মাসের এস্প্রেশনডিচার ফাইল।

‘জি স্থার, আমাৰ কৰা।’

‘ফাইল ঘাঁটতে গিয়ে একটা কাগজ পেলাম, মনে হচ্ছে আপনারই হাতের
লেখা। দেখুন তো এটা আপনার হাতের লেখা কি-না।’

বড় সাহেব পুরো ফাইলটাই এগিয়ে দিলেন। আলতাফ কাগজটার দিকে
তাকিয়ে নিচু গলায় বলল, এটা আমারই লেখা।

‘କି ଲିଖେବେଳ ଏଥାନେ?’

আলতাফ চুপ করে রইল। বড় সাহেব বললেন, আমি এই লেখার পাঠোদ্ধার করার চেষ্টা করেছি। আমার পক্ষে সম্ভব হয়নি।

আলতাফ বলল, এই পাতটা স্যার ভুল করে ফাইলে দিয়ে দিয়েছি।

‘আমাৰো তাই ধাৰণা।’

বড় সাহেব ফাইলটা আবার নিজের কাছে নিলেন। এবং কুঁচকে লেখাটার দিকে
তাকিয়ে রইলেন। গুটি গুটি করে বিচ্ছি কিছু জিনিস লেখা —

বড় সাতের অস্থির সঙ্গে বললেন, জিনিসটা কি?

‘କିଛୁ ନା ସ୍ୟାର ।’

‘যা লিখেছেন তা কি অথবান, না কেন অর্থ আছে?’

‘অর্থ আচ্ছে স্যার। পোকাদের নিয়ে একটা লেখা লিখেছি স্যার।’

‘কাদের নিয়ে লিখেছেন?’

‘পোকাদের নিয়ে। যেমন তেলাপোকা, ঘাকডসা, শুয়োপোকা. . .’

‘সাংকৃতিক ভাষায় লিখেন?’

‘জি সার’

‘সাংকেতিক ভাষা আপনি জালেন, না নিজে তৈরি করেছেন?’

আলতাফ হোসেন ইত্ততঃ করে বলল, আমি তৈরি করেছি স্যার। তবে পোকারা আমাকে সাহায্য করেছে।

‘ପୋକାରୀ ଆପନାକେ ସାହାଯ୍ୟ କରେଛେ?’

‘জি স্যার। এখানে দুঃখরনের সাংকেতিক ভাষা আছে। প্রথমটা তেলাপোকদের কাছ থেকে নেয়া। দ্বিতীয়টা পেয়েছি ঘূনপোকদের কাছ থেকে।’

‘ଯୁନପୋକା ?’

‘জি স্যার, ঘুনপোকা। আমি যে টেবিলে কাজ করি সেই টেবিলে অনেক
ঘুনপোকা থাকে। ওরা আমাকে লিখতে সাহায্য করেছে। স্যার, আমি এখন উঠি?’

‘বসুন, আরো কিছুক্ষণ বসুন। তাড়া আছে?’

‘ছি না স্যার, তাড়া নেই।’

‘ଆସନ୍ତି, ଚା ଖାଓଯା ଧାକ । ଆପଣି ଚା ଖାନ ତୋ ?’

‘দিনে দুকাপ চা খাই স্যার। সকালে এক কাপ আর বিকালে এক কাপ।’

‘এখন তো বিকাল, এখন খাওয়া যেতে পারে।’

বড় সাহেব বেল টিপলেন। বেয়ারাকে চা দিতে বললেন। চায়ের কাপে চুম্বক দিতে দিতে বললেন, এখানে কি লিখেছেন একটু পড়ুন তো শুনি।

‘পোকাদের সাহায্য ছাড়া তো স্যার পড়া যাবে না।’

‘তার মানে কি এই যে এ লেখা আপনি কখনো পড়তে পারবেন না?’

‘পড়তে পারব। পোকা থাকলেই পড়তে পারব। আপনার ঘরে কোন তেলাপোকা বা ঘূনপোকা নেই। আমি কি স্যার আমার টেবিলে গিয়ে পড়ে নিয়ে আসব?’

‘থাক, আরেক দিন দেখা যাবে।’

বড় সাহেব উঠে দাঁড়াতে দাঁড়াতে বললেন, আপনি কি এইসব ব্যাপার নিয়ে অফিসের কারো সঙ্গে আলাপ-আলোচনা করেন?

‘না স্যার।’

‘না করাই ভাল। অফিস হল অফিসের কাজকর্মের জন্যে, পোকাদের সাংকেতিক ভাষা লেখার জন্যে না। ঠিক বলেছি না?’

‘ছি স্যার।’

আলতাফ বড় সাহেবের ঘর থেকে বের হয়ে দেখল, গনি সাহেব অঙ্গীর হয়ে অপেক্ষা করছেন।

‘আলতাফ সাহেব, ব্যাপারটা কি?’

‘কিছু না।’

‘বড় সাহেবের ঘরে এতক্ষণ কী করলেন?’

‘চা খেয়েছি।’

গনি সাহেবের মুখ কঠিন হয়ে গেল। তিনি এই অফিসের যথেষ্ট ক্ষমতাবান ব্যক্তি। অফিসার্স ইউনিয়নের প্রেসিডেন্ট, অথচ তাঁকে এখনো বড় সাহেব তাঁর অফিসে চা খেতে বলেননি। চা খাওয়া দূরে থাক, রুমে কখনো ডাকেননি। এর মানেটা কি?

‘শুধু চা-ই খেলেন, না আরো কিছু আলাপ-টালাপ হল?’

. ‘পোকাদের নিয়ে কথা বলেছি।’

‘বুঝতে পারলাম না, কাদের নিয়ে কথা বলেছেন?’

‘তেলাপোকা, ঘূনপোকা, মাকড়সা — এদের নিয়ে।’

গনি সাহেব হাসিমুখে বললেন, আচ্ছা, আচ্ছা। মনে মনে বললেন, গভীর জলের মাছ Deep water fish. পোকাদের নিয়ে কথা বলা হচ্ছিল। আমার সঙ্গে মামদোবাজি, পোকার চাটনি বানিয়ে খাইয়ে দেব। তখন বুঝবে পোকা কি জিনিস।

‘আলতাফ সাহেব !’

‘জি !’

‘চলুন আপুনাকে রিকশায় তুলে দিয়ে আসি !’

‘আমি বাসে করে যাই !’

‘চলুন তাহলে বাসস্টপ পর্যন্ত যাই।

গনি সাহেব ভেবেছিলেন, যেতে যেতে আরো কিছু কথা বের করা যাবে। লাভ হল না। আলতাফ ইঁয়া হঁ ছাড়া কিছুই বলল না। ব্যাটা আসলেই গভীর জলের মাছ। তাঁর আগেই টের পাওয়া উচিত ছিল। টের পাননি। এখন থেকে ব্যাটাকে চোখে চোখে রাখতে হবে। খাতির জ্যাতে হবে। সবচেয়ে ভাল হয় বাসা চিনে এলে। ছুটির দিনে বাসায় চলে যেতে হবে।

‘আলতাফ সাহেব !’

‘জি !’

‘আপনার বাসা কোথায় ?’

‘মগবাজারে !’

‘মগবাজারে কোথায় ?’

‘রেল ক্রসিং-এর কাছে !’

‘বলেন কি ! আমার এক রিলেটিভ থাকে, আমি আসি প্রায়ই। দেখি একবার যাব আপনার বাসায়। ঠিকানাটা কি ?’

আলতাফ ঠিকানা বলল। গনি সাহেব নোটবই বের করে ঠিকানা লিখে রাখলেন। মনে মনে ভাবলেন, কাল ছুটির দিন আছে, সক্ষ্যাবেলার দিকে চলে যাবেন। ব্যাটা ভুল ঠিকানা দিয়েছে কি-না কে জানে। গভীর জলের মাছ। ভুল ঠিকানা দিতেও পারে।



ରାତେ ବଜଲୁର ରହମାନ କିଛୁ ଖେଳେନ ନା । ତା'ର ଗାୟେ ଜ୍ଵର ନେଇ । କିନ୍ତୁ ଶରୀର ଖାରାପ ଲାଗଛେ । ମାଥା ସୁରାହେ । ପ୍ରେସାରଟା ଏକବାର ଦେଖାନୋ ଉଚିତ, ମନେ ହଞ୍ଚେ ସମସ୍ୟାଟା ପ୍ରେସାର-ଘାଟିତ । ଗତ ରାତେ ସୁମ ହୟନି । ପ୍ରେସାର ରୋଗିଦେର ଏକରାତ ସୁମ ନା ହଲେ ଅନେକ ସମସ୍ୟା ହୟ । ବଜଲୁର ରହମାନ ରାତ ନଟା ବାଜାର ଆଗେଇ ହିପନଳ ନାମେର ଏକଟା ସୁମେର ଅସୁଧ ଏବଂ ଆଧକାପ ଦୂଧ ଖେଯେ ବିଛନାୟ ଚଲେ ଗେଲେନ । ବାତି ନିଭିଯେ ଦିଲେନ । ମନୋଯାରାକେ ବଲେ ଦିଲେନ — କେତେ ଯେଣ ହୈ-ଚୈ ନା କରେ । ହୈ-ଚୈ କରଲେ କାରବାଲା ହୟେ ଯାବେ ।

ବଜଲୁର ରହମାନେର ଆଶଙ୍କା ଛିଲ ଆଜିଓ ସୁମ ଆସତେ ଚାହିବେ ନା । ଆଯୋଜନ କରେ ସୁମୁତେ ଗେଲେ ସୁମ ଆସେ ନା — ଏଟାଇ ନିଯମ । ସୁମେର ଅସୁଧ ଆରୋ ସମସ୍ୟା କରେ । ତିନି ଯେ କବାର ସୁମେର ଅସୁଧ ଖେଯେଛେନ, ମେ କବାରଇ ସାରାବାତ ଜେଗେ ଫାଟିଯେଛେନ । ଏକ ଫୋଟା ସୁମ ହୟନି ।

ଆଜ ରାତେ ମେ ବରକମ ହଲ ନା । ଦେଖିତେ ଦେଖିତେ ସୁମେ ଚୋଖ ଜଡ଼ିଯେ ଏଲ । ତୃତୀୟ ସୁମ । ଏମନ ଆରାମ କରେ ତିନି ବହୁକାଳ ସୁମାନନ୍ତି । ତା'ର ସୁମ ଭାଙ୍ଗି ଗଭିର ରାତେ । ଦୁଃଖପ୍ରଦେଖେ ସୁମ ଭାଙ୍ଗିଲ । ତିନି ଦେଖିଲେନ — ମେଧେ ଛେରେ ଗେଛେ ତେଲାପୋକାର । ତାରା ଏଗୁଛେ ତା'ର ଖାଟେର ଦିକେ । କୁଡ଼ି-ପିଚିଶଟା ନା, ହାଜାରେ ହାଜାରେ ପୋକା । ସବାଇ ଏକମେସଙ୍ଗେ ଶୁଡ଼ ନାଡ଼ିଛେ । ପା ଫେଲିଛେ ତାଲେ ତାଲେ । ଅନେକଟା ସୈନ୍ୟଦେର ଘାର୍ଚର ଭାଙ୍ଗିତେ । ତିନି ସୁମେର ମଧ୍ୟେଇ ବଲିଲେନ, ଏଇ, ସ୍ଟପ, ସ୍ଟପ ।

ପୋକାଦେର ବାହିନୀ ଥମକେ ଗେଲ । ତାରପର ଆବାର ଏଗୁତେ ଶୁକ୍ଳ ବରଳ । ତିନି ସୁମ ଭେଂଭେ ବିଛନାୟ ଉଠେ ବସିଲେନ । କାଁପା ଗଲାଯ ଡାକିଲେନ, ମନୋଯାରା ! ମନୋଯାରା !

‘ମନୋଯାରା ଉଠେ ବସିଲେନ ।

‘ବାତି ଜ୍ଵାଲ ।’

ମନୋଯାରା ବାତି ଜ୍ଵାଲିଲେନ । ବଜଲୁର ରହମାନ ଭୀତ ଗଲାଯ ବଲିଲେନ, ଦେଖ ତୋ ମେଝେତେ କିଛୁ ଆଛେ ନା କି ।

‘କିଛୁ ନେଇ ।’

‘ନା ଦେଖେ କଥା ବଲିବେ ନା । କଷ୍ଟ କରେ ବିଛନା ଥେକେ ନାମ । ତାରପର ବଲ । ତୋମାର କୋମରେ ତୋ ବାତ ହୟନି ଯେ ବିଛନା ଥେକେ ନାମା ଯାବେ ନା ।’

মনোয়ারা বিছানা থেকে নামলেন।

‘কিছু দেখছি না তো।’

‘খাটের নিচটা দেখ।’

খাটের নিচেও কিছু দেখা গেল না। বজলুর রহমান বললেন, ঠাণ্ডা পানি দাও।
পানি খাব।

মনোয়ারা চিন্তিতমুখে পানি আনতে গেলেন। লোকটার হয়েছে কি? স্বপ্ন
দেখেছে এটা বোধ যাচ্ছে। এই বয়সে স্বপ্ন দেখে কেউ এমন বিকট চিংকার দেয়?

বজলুর রহমান শান্তমুখে পানি খেলেন। মনোয়ারা বললেন, খিদে হয়েছে?
কিছু খাবে?

‘না।’

‘কি স্বপ্ন দেখেছ?’

বজলুর রহমান কিছু বললেন না। স্ত্রীর সব প্রশ্নের জব্যে তিনি দেন না। খামাখা
সময় নষ্ট। মনোয়ারা জবাবের জন্য খানিকক্ষণ অপেক্ষা করে বাথরুমে গেলেন অঙ্গু
করতে। রাত শেষ হয়ে আসছে। ফজরের নামাজের অঙ্গু করে রাখা যায়। মনোয়ারা
বাথরুমের বাতি জ্বালিয়ে বিকট চিংকার করলেন।

বজলুর রহমান বললেন, কি হয়েছে?

‘কিছু না।’

‘কিছু না, তাহলে চিংকার করছ কেন?’

‘পোকা।’

‘কি বললে?’

‘হাজারে বিজারে তেলাপোকা। ওয়াক থু। কি ঘোঁ।’

মনোয়ারা ধড়াম করে বাথরুমের দরজা বন্ধ করে দিলেন। তাঁর গা গুলাচ্ছে।
তিনি তাঁর বাহাম বছর জীবনে একসঙ্গে এত তেলাপোকা দেখেননি। বজলুর রহমান
বললেন, গাধাটাকে ডাক।

‘কাকে ডাকব?’

‘আলতাফকে ডাক।’

‘ওকে ডাকব কেন?’

‘যা করতে বলছি কর।’

মনোয়ারা আলতাফকে ডাকতে গেলেন।

আলতাফ মরার মত ঘুমায়। ঘুম ভাঙানো দুঃসাধ্য ব্যাপার। সঙ্গে মানুষ

নষ্ট। দুলারীর ঘূমও এখন ভাঙে না। মনোয়ারা প্রাণপণে দরজা ধাক্কাচ্ছেন। কারো কোন সাড়া নেই। অনেকক্ষণ পর দুলারী জড়ানো গলায় বলল, কে?

‘আমি।’

‘কি হয়েছে মা?’

‘আলতাফকে তোর বাবা ডাকছে।’

‘কেন?’

‘বাথরুম ভর্তি তেলাপোকা।’

‘তেলাপোকা তো বাথরুমেই থাকবে। এর জন্যে শুধু শুধু বেচারার ঘূম ভাঙ্গাব? সারাদিন অফিস করে আসে।’

‘ডেকে তোল না মা। তোর বাবা রাগ করবে।’

‘করুক রাগ। আমি ডাকতে পারব না। আর ডাকলেও লাভ হবে না। ওর ঘূম ভাঙ্গবে না।’

মনোয়ারা ফিরে এসে দেখেন, বজ্জলুর রহমান বাথরুমে কিল দেম স্প্রে করছেন। তাঁর চোখে-মুখে হিংস্র আনন্দ। তিন হাত গলায় বললেন, মেরে সাফ করে দিয়েছি। ভূষ্টি নাশ করে দিয়েছি। সান অব এ বিচ। ঘুঘু দেখেছ, ফাঁদ দেখলি।

মনোয়ারা বাথরুমে উকি দিয়ে চমকে উঠলেন। সত্ত্ব সত্ত্ব সব পোকা মরে পড়ে আছে। বাথরুমের মেঝেটাকে মনে হচ্ছে মেরুন কার্পেটে ঢাকা। বজ্জলুর রহমান বললেন, দেয়াশলাই নিয়ে আস, আগুন জ্বালিয়ে দেব। বোন-ফাস্তার হবে।

‘মরেই তো গেছে, আগুন জ্বালানোর দরকার কি?’

‘দরকার আছে, তুমি বুঝবে না। তোমাকে যা করতে বলছি কর। কেরোসিন আর আগুন নিয়ে আস। কেরোসিন ঢেলে আগুন জ্বেলে দেব।’

‘শেষে ঘরে আগুন-টাগুন লেগে একটা কাও হবে।’

‘তোমাকে যা করতে বলেছি কর। ফালতু তর্ক ঘথেষ্ট করেছে। Enough is enough.

মনোয়ারা কেরোসিন আর দেয়াশলাই আনতে গেলেন। আগুন লাগানোর উভেজনায় বজ্জলুর রহমান আলতাফের কথা ভুলে গেছেন এটা একটা বড় ব্যাপার। নয়তো আরো যন্ত্রণা হত। ঘরে এখন কেরোসিন আছে কি-না কে জানে। বোতলের ভেতর খানিকটা থাকার কথা, না থাকলে ভয়াবহ কাও হবে।

কেরোসিন ছিল। মনোয়ারা কেরোসিনের বোতল এবং দেয়াশলাই নিয়ে বাথরুমে চুকে দেখেন, সব তেলাপোকা একত্র করে বেসিনে রাখা হয়েছে। বেসিন প্রায়

আধাআধি ভরা। বজলুর রহমান আনন্দিত গলায় বললেন, কটা পোকা আছে বল তো ?

মনোয়ারা বললেন, ছয় হাজার।

‘তোমার আন্দাজ বলে কিছু নেই। এখানে পোকা আছে ষেটি ২১৩টা।’

‘তুমি বসে বসে গুনেছ ?’

‘না গুনলে জানব কি করে ?

বজলুর রহমান কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দিলেন। পট পট শব্দ হতে থাকল। উৎকট গন্ধে ঘর ভরে গেল। মনোয়ারা বললেন, শব্দ হচ্ছে কিসের ?

‘পেট ফেটে যাচ্ছে তার শব্দ। পেট ফেটে সাদা সাদা কি যেন বের হচ্ছে ?’

মনোয়ারা বললেন, ওয়াক থু !

তাঁর নাড়িভুড়ি উল্টে বমি আসছে। ঘরময় উৎকট গন্ধ। মনোয়ারা অনেক কষ্টে বমি আটকে রাখছেন। বমি করলে বজলুর রহমান রেগে যেতে পারেন।

‘ফরিদা !’

‘হ্যাঁ !’

‘আগুন হল পোকার একমাত্র অস্থুধ। Only Medicine.’

‘হ্যাঁ !’

বজলুর রহমান হাসিমুখে বললেন, সব পোকা মেরে ফেলা ঠিক হয়নি। দু-একটা রেখে দেয়া উচিত ছিল। মিসটিক হয়ে গেছে। বিগ মিসটিক।

‘দু-একটা রেখে দিলে কি হত ?’

‘ওয়া গিয়ে অন্যদের খবর দিত। অন্যদের আকেল গুড়ুম হয়ে যেত। হা হা হা।’

বজলুর রহমান বেসিনে আরো কেরোসিন ঢেলে দিলেন। গন্ধ আরো বিকট হল। ফরিদা বললেন, ওয়াক থু ! বজলুর রহমান বিরক্ত গলায় বললেন, কথায় কথায় ওয়াক থু বলবে না। ওয়াক থু-র কি আছে ?

‘গন্ধে টিকতে পারছি না।’

‘টিকতে না পারলে চলে যাও। দাঁড়িয়ে থাকতে বলেছে কে ?’

ফরিদা মেঘের ঘরে চলে গেলেন। মেঘেকে সব জানানো দরকার। তাঁর কিছুই ভাল লাগছে না। মানুষটা এরকম করছে কেন ? দুলারী জেগেই ছিল। ফরিদা একবার ডাকতেই উঠে এল। বিরক্ত গলায় বলল, কি হয়েছে ?

‘তোর বাবার কাণ-কারখানা আমার ভাল লাগছে না।’

‘কি করছে বাবা ?’

‘পোকা পুড়াছে।’

‘সেটা আবার কি?’

‘তুই নিজের চোখে না দেখলে বুঝবি না।’

দুলারী নিচে নেমে এল। বজ্রুর রহমান যেয়েকে দেখে হাসিমুখে বললেন,
একটা কলম আর ফুলস্কেপ কাগজ আন তো।

‘কেন?’

‘পোকা ঘারার পাকা হিসাব থাকা দরকার। মোট ২১৪টা খতম। দিনের বেলা
ঘারলাম একটা, রাতে যেরেছি দুইশ’ তের। সব মিলিয়ে টু হানড্রেড এন্ড ফার্টিন।’

‘আচ্ছা।’

‘মেরে সব সাফ করে দেব। রোজ রাতে বোন-ফাসার হবে। জ্বালো জ্বালো,
আগুন জ্বালো।’

দুলারী বাবার দিকে অবাক হয়ে তাকিয়ে রইল। আনন্দে বজ্রুর রহমানের চোখ
বলমল করছে। দুলারী বলল, তোমার কি হয়েছে বাবা?

‘কি হবে আবার?’

‘কেমন যেন অস্তুত করে তাকাছ।’

‘তোকে খাতা-কলম আনতে বলছি, আন।’

দুলারী কাগজ-কলম আনতে গেল। যাবার সময় শুনল — তার বাবা গুনগুন
করে গানের সুর ভাজছেন। হিন্দি গানের সুর — লালা লা। লালা লা। হচ্ছেটা কি?
বাবা কি পুরোপুরি পাগল হয়ে গেছেন?



দুপুরে লাঞ্চ ব্রেকের সময় মনসুর আলী তাঁর বেয়ারাকে বললেন, আলতাফ সাহেবকে আসতে বল। বেয়ারা হতৎস্ত হয়ে ছুটে গেল। আলতাফের কাছে গিয়ে অন্যদিনের মত তাচ্ছিল্যের ভঙ্গি করল না। চোখ বড় বড় করে বলল, বড় সাব আপনেরে ডাকে। এক্ষণ চলেন। এক্ষণ।

আলতাফ টিফিন বক্স খুলেছে। দুটা আটাৰ কুটি, একটা ডিম, একটা কলা। এক কোণায় সামান্য আচার। সে কখনো আচার খায় না। তারপরও দুলারী প্রতিদিন টিফিন বক্সের এক কোণায় খানিকটা আচার দিয়ে দেয়। আলতাফ কলাটা বের করল। ফল সবার শেষে খাওয়া উচিত। সে সবার আগে খায়। ধীরে ধীরে কলার খোসা ছাড়াতে তার ভাল লাগে।

আলতাফ কলার খোসা ছাড়াচ্ছে, বেয়ারা বিরক্ত হয়ে বলল, বড় সাহেব ডাকছেন তো। আলতাফ সহজ গলায় বলল, এখন যেতে পারব না। খাচ্ছ।

বেয়ারা এমন চোখে তাকাচ্ছে যেন তার জীবনের সবচে 'আশ্রয়জনক ঘটনাটি' সে এই মুহূর্তে ঘটতে দেখছে। গনি সাহেব উঠে এসে বললেন, কি হয়েছে?

'বড় সাহেব খবর দিলেন, উনি যাবে না।'

'যাবেন না কেন আলতাফ সাহেব?'

'খাচ্ছ তো।'

'আপনার মাথাটা খারাপ কিনা সেটাই তো বুঝতে পারছি না। পরে খাবেন। খাওয়া পালিয়ে যাবে না। যান শুনে আসুন।'

আলতাফ অনিচ্ছার সঙ্গে উঠে দাঁড়াল। গনি সাহেব কানের কাছে মুখ নিয়ে বললেন, ভয় পাবেন না, আমরা পেছনে আছি। We are behind you আলতাফ বিস্মিত হয়ে বলল, ভয় পাব কেন? গনি সাহেব গলা আরো নামিয়ে দিয়ে বললেন, বড় সাহেবরা কেরানীদের সঙ্গে প্রেমালাপ করার জন্যে ডাকে না। এটা শুধু খেয়াল রাখবেন, তাহলেই বুঝবেন ভয় পাবার কিছু আছে কি-না।

বড় সাহেব বললেন, কি খবর আলতাফ সাহেব?

আলতাফ অঙ্গস্তির সঙ্গে বলল, খবর ভাল স্যার।

‘বসুন। করছিলেন কি?’

‘টিফিন খেতে যাচ্ছিলাম স্যার।’

‘খেয়ে ফেলেননি তো?’

‘জ্বি না।’

‘গুড়। আমার সঙ্গে খাবেন। খেতে খেতে আপনার কথা শুনি। এদিন ঠিকমত শোনা হয়নি।’

মনসুর আলী সাহেব নিজেই প্লেট এগিয়ে দিলেন। বড়লোকের খাবার খুব সাধারণ হয়। স্যান্ডউচ এবং চা। আলতাফের পেটের একটা কোণা শুধু ভরল। সে দুপুরে চা খায় না। চা খাওয়ার জন্যে কেমন জানি লাগছে। পেটে ভুটভাট শব্দ হচ্ছে।

‘আলতাফ সাহেব।’

‘জ্বি স্যার।’

‘এই দিন পোকাদের ব্যাপারে কি ফেন বলছিলেন, আবার বলুন।’

‘কি বলেছিলাম মনে নেই স্যার।’

‘পোকারা আপনাকে লেখার ব্যাপারে সাহায্য করে — এইসব।’

‘তা স্যার করে।’

‘একটু বুঝিয়ে বলুন। বলতে কোন বাধা নেই তো?’

‘জ্বি না। তবে কাউকে বলি না।’

‘বলেন না কেন?’

‘দুলারী পছন্দ করে না। দুলারীর ধারণা, এই সব শুনলে লোকে আমাকে পাগল ভাববে।’

‘দুলারীটা কে?’

‘আমার মামাতো বোন। লালমাটিয়া কলেজে বি. এ. পড়ে।’

‘পোকার ব্যাপারটা শুধু সেই জানে?’

‘আমার মামা—মামীও জানেন।’

‘তাঁরা কি আপনাকে পাগল ভাবেন?’

‘জ্বি না, ভাবেন না। তাঁরা আমাকে খুব মেহে করেন।’

‘এবার বলুন আপনার পোকার কথা।’

‘বলার মত কিছু নাই স্যার। পোকাদের আমরা খুব তুচ্ছ করি। ওদের তুচ্ছ করা

ঠিক না। এরকম তুচ্ছ করলে এরা রেগে যেতে পারে। এরা সহজে রাগে না। একবার
রেগে গেলে মুশ্কিল !’

‘ও আছা।’

‘মানুষের চেয়ে ওদের বুদ্ধি অনেক অনেক বেশি।’

‘ও আছা। আপনার কি ধারণা ওদের স্কুল-কলেজ আছে?’

‘ওদের ব্যাপারটা ঠিক আমাদের মত না। ওরা সবাই একসঙ্গে চিন্তা করে,
একসঙ্গে ভাবে। এইভাবে তারা শেখে। যেমন স্যার, মনে করুন, একটি তেলাপোকা
আপনার রান্নাঘরে আছে, আরেকটা আছে আমাদের অফিসে। রান্নাঘরের পোকাটা
কি ভাবছে তা আমাদের পোকাটা জানে।’

‘আপনি এইসব খিওরি ভেবে ভেবে বের করেছেন?’

‘ওরা আমাকে বলেছে।’

‘ও আছা। কি ভাবে বলল? ডেকে বলল?’

‘মাঝে মাঝে ওরা আমাকে স্বপ্ন দেখায়।’

‘সবাই তাহলে স্বপ্নে পাওয়া?’

‘স্বপ্ন ছাড়াও ওরা আমাকে বলে।’

মনসুর আলী সরু চোখে তাকিয়ে রইলেন। আলোচনা তিনি চালিয়ে যাবেন কি-
না বুঝতে পারছেন না। কোন প্রয়োজন অবশ্য নেই। তবে কথা শুনতে যজ্ঞ লাগছে।
পৃথিবীতে বিচিত্র ধরনের মানুষ আছে। সেই বিচিত্র মানুষদের একজন এই মুহূর্তে
তাঁর সামনে বসে আছে, যাকে পোকারা অনেক কিছু বলে।

‘আপনি কি সিগারেট খান আলতাফ সাহেব?’

‘জ্বি না, স্যার।

‘সিগারেট খাওয়ার ব্যাপারে কি পোকাদের কোন বিধি-নিষেধ আছে?’

‘জ্বি না, স্যার।’

কথাটা বলেই মনসুর আলীর একটু খারাপ লাগল। কারণ তিনি এই মনুষটাকে
নিয়ে মজা করছেন। বিচিত্র মানুষদের নিয়ে সবাই মজা করে। এটা এদের স্বাভাবিক
পরিপন্থি। কিছুদিনের মধ্যেই হয়তো দেখা যবে অফিসের সবাই একে ডাকছে —
‘পোকাবাবু।’ তিনি আলতাফ সম্পর্কে খৌজ-খবর নিয়েছেন। নির্বিরোধি লোক।
অফিসের কাজে অতিদক্ষ। কাজকর্ম ফেলে রেখেই এই লোকটি যদি পোকা পোকা
করতো তাহলে তিনি কথা ছিল। তা তো করছে না। পোকা হল লোকটার পাট
চাইম।

‘আলতাফ সাহেব !’

‘জি স্যার !’

‘আপনার এই পোকার ব্যাপারটা কতদিনের ? অর্থাৎ কতদিন থেকে আপনি পোকাদের ব্যাপারগুলি বুঝতে পারছেন ?

‘অনেক দিনের ব্যাপার স্যার। খুব ছোটবেলার !’

‘বলুন তো শুনি !’

‘আমি স্যার বলতে পারব না !’

‘বলতে কি কোন নিষেধ আছে ?’

‘নিষেধ নেই কিন্তু বলতে ইচ্ছা করে না। এটা স্যার আমি দুলারীকেও বলি নাই !’

‘দুলারী নামের আপনার মামাতো বোনকে আপনি সবকিছুই বলেন ?’

‘জি স্যার, বলি। হঠাৎ হঠাৎ গভীর রাত্রে আমার ঘূম ভেঙে যায়। তখন বলতে ইচ্ছা করে। শেষ পর্যন্ত বলা হয় না। আমার মনে হয় পোকারাই বাধা দেয়। ওরা তো আমাদের নিয়ন্ত্রণ করে। আমরা বুঝতে পারি না।’

‘পোকারা আমাদের নিয়ন্ত্রণ করে ?’

‘জি স্যার করে। এই যে আপনি এত ক্যান্ডিডেট খাকতে আমাকে চাকরি দিয়েছেন। পোকাদের কারণে দিয়েছেন। পোকারা আপনাকে বাধ্য করেছে। বোর্ডের মেস্বাররা আমাকে চাকরি দিতে চায়নি। আপনি জোর করে দিয়েছেন।’

‘আপনার তাই ধারণা ?’

‘ধারণা না স্যার, এটাই সত্যি। এই যে আপনি কালো চশমা পরে থাকেন, পোকারা সেটা করেছে।’

‘বুঝতে পারছি না।’

‘আপনার ঘৰভৰ্তি ছেট ছেট পোকা। আপনি যাতে এদের দেখতে না পারেন এই জন্যে পোকারা আপনাকে কালো চশমা পরিয়ে রাখে। আপনি মনে করছেন, আপনি নিজের ইচ্ছায় কালো চশমা পরছেন। আসলে তা না।’

‘এইগুলি পোকারা আপনাকে বলেছে ?’

‘জি না স্যার, এইগুলি আমার অনুমতি।’

মনসুর আলী গভীর গলায় বললেন, আচ্ছা যান। কাজ করুন, অনেক গল্প করা হল। আলতাফ নিজের চেয়ারে ফিরে আসামাত্র গনি সাহেব ছুটে এলেন। গলায়

স্বর নামিয়ে প্রায় ফিসফিস করে বললেন, সমস্যাটা কি ?

‘কোন সমস্যা নেই।’

‘স্যার কি নিয়ে আলাপ করলেন ?’

‘পোকা নিয়ে।’

গণি সাহেব মনে মনে বললেন, হারায়জাদা, আমার সঙ্গে রসিকতা ! আমি তোর পাছা দিয়ে পোকা তুকায়ে দেব। বাঘের ঘরে ঘোগের বাসা। এম্বিতে অবশ্য সহজ গলায় বললেন, আচ্ছা, আচ্ছা। পোকা নিয়ে কথা বলা খুব ভালো। বলুন, কথা বলুন।

মনসুর আলী বেলা তিনটার দিকে চোখ থেকে কালো চশমা খুললেন। তাঁর চোখ জ্বালা করতে লাগল। আলো তাঁর একেবারেই সহজ হয় না। বেয়ারাকে বললেন জানালার পর্দা সরিয়ে দিতে। পর্দা সরোনোর পরেও ঘরে তেমন আলো হল না। কারণ জানালা বন্ধ এবং জানালার কাঁচে নীল রঙ করা। জানালা খুলতে হলে এয়ারকুলার বন্ধ করতে হয়। মনসুর আলী এয়ারকুলার বন্ধ করে জানালা খুলতে বললেন। জানালা খোলা খুব সহজ ক্যাপার হল না। দীর্ঘদিন বন্ধ থাকায় সব জং ধরে গেছে। মিস্ট্রী ডাকিয়ে জানালা খুলতে হল। মনসুর আলী তাঁর রিভলভিং চেয়ারে বসে দেখলেন, সারি সারি পোকা তাঁর টেবিলের পা বেয়ে উপরের দিকে উঠছে। তাঁর প্রথমে মন হল পিপড়। এরা বর্ষার সময় ডিম নিয়ে শুকনো আশ্রয়ের খৌজে যায়। ভাল করে লক্ষ করে দেখলেন, পিপড় না, অন্য কোন পোকা। লালচে রঙ। দশটা করে পা। শুধু যে টেবিলেই পোকা তা না। মেঝেতে পোকা। দেয়ালে পোকা। দেয়ালের পোকাগুলির রঙ সাদা। দেয়ালের রঙের সঙ্গে মিশে আছে, খুব ভাল করে লক্ষ না করলে বোঝাই যায় না। মেঝেতেও পোকা। এদের রঙ আবার নীলচে। মেঝের কার্পেটের সঙ্গে সেই রঙের কিছু মিল আছে। তাঁর মাথা থরে গেল। প্রচণ্ড মাথা ধরল। মাথাধরার অবশ্য যুক্তিসংজ্ঞত কারণ আছে। অনেকদিন পর চোখে কড়া আলো এসে লেগেছে। নিয়মের ব্যতিক্রম করে মনসুর আলী আজ অফিস ছুটি হওয়ার এক দণ্ড আগেই বাঢ়ি চলে গেলেন।



আলতাফ বাড়ি ফিরে দেখে দুলারী শুকনো মুখে বারান্দায় দাঢ়িয়ে। আলতাফ বলল,
কি হয়েছে? দুলারী কাঁদো—কাঁদো গলায় বলল, কিছু হয়নি। আলতাফ বলল, তুমি
আজ কলেজে যাও নাই?

‘কলেজে কি করে যাব? বাসায় কত কাণ্ড হচ্ছে?’

‘কি কাণ্ড?’

‘বাবার মাথা পুরোপুরি খারাপ হয়ে গেছে।’

‘ও আচ্ছা।’

আলতাফ এমনভাবে ‘ও আচ্ছা’ বলল যেন মাথা পুরোপুরি খারাপ হয়ে যাওয়া
খুবই স্বাভাবিক ঘটনা। রোজই হয়। দুলারী বলল, তুমি তাড়াতাড়ি একজন
ডাক্তারের কাছে যাও।

‘আচ্ছা।’

‘আমিও যাব, বাবার কি হয়েছে ডাক্তারকে বুঝিয়ে বলব। তুমি বলতে পারবে
না। বাবাকে সঙ্গে নেয়া যাবে না।’

‘আচ্ছা।’

‘কোন্ ডাক্তারের কাছে যাওয়া যায় বল তো?’

বিধুবাবু পাড়ার হোমিওপ্যাথ। ভাল ডাক্তার। রোগির ভিড় লেগেই আছে। আগে
তাঁর ফী ছিল পাঁচ টাকা। সম্প্রতি দশ টাকা করেছেন। তবে পুরানো রোগিদের
বেলায় এখনো পাঁচ টাকা।

বিধুবাবু দুলারীকে দেখেই বললেন, তোর বাবার গলার কঁটা দূর হয়েছে তো?’ গলার
কঁটার একটাই অসুখ। হোমিওপ্যাথি। চিকিৎসাশাস্ত্রে গলার কঁটার আর কোন
অসুখ নেই।

বিধুবাবুর এই এক সমস্যা — একবার কোন অসুখ দিলে বছরের পর বছর মনে
থাকে। চার-পাঁচ বছর পরেও বিধুবাবুর সঙ্গে যদি দুলারীর দেখা হয় তিনি হাসিমুখে
বলবেন, তোর বাবার গলার কঁটাটার অবস্থা কি?

তাঁর অসুখে কঁটা দূর হয়নি এটা বললে ঘণ্টাখানিক বক্তৃতা শুনতে হবে। দুলারী

সে কারণেই প্রসঙ্গ পাল্টে ফেলল। করুণ গলায় বলল, চাচা, বাবাকে একটা অষুধ দিন।

‘হয়েছে কি?’

‘মাথা গরম হয়েছে। বাবা চারদিকে শুধু তেলাপোকা দেখতে পাচ্ছেন।’

‘ব্যাপারটা বুঝতে পারলাম না।’

‘দুপুরবেলা ঘুমুতে গিয়েছেন, চাদর গায়ে দিয়েই চিকার শুরু করলেন, পোকা! পোকা! আমরা ছুটে গেলাম। দেখি, বাবা খরখর করে কাঁপছেন। অথচ একটা পোকাও নেই। কিন্তু বাবা চারদিকে পোকা দেখছেন।’

‘ও আচ্ছা।’

‘বাথরুমে ষথন যান তখন সেখানেও পোকা দেখেন। বেসিনে পেকো, মেঝেতে পোকা, কমোডে পোকা, কিন্তু আমরা দেখি না।’

‘হ্তুঁ।’

‘ঘুমের মধ্যেও তেকাপোকা দেখেন। বিকেলে মাথায় হাত বুলিয়ে অনেক কষ্টে ঘুম পাড়িয়েছি, হঠাৎ জেগে উঠে বললেন, আমার স্বারা শ্রীরে পোকা উঠে গেছে। দেখতে পাচ্ছিস না?’

বিধুবাবু স্বন্তির নিঃশ্বাস ফেলে বললেন, ও কিছু না, বিকার হয়েছে। পেট গরমের জন্যে হয়েছে। হজমের গুগুগুল হলে হয়। পিণ্ড নষ্ট হয়ে যায়। সেখান থেকেই বিকার আর্নিকা টু হানড্রেড একফোটা খাইয়ে দে, আর দেখতে হবে না। আর্নিকা হল বিকারের বাবা।

‘এক ফোটাতেই কাজ হবে?’

‘আধা ফোটাতেও হবে। আধা ফোটা করা যায় না বলেই এক ফোটা। হোমিওপ্যাথির মজা এইখানেই। তাহলে এক গল্প শোন। নাইলটিন ফিফটি খি-র ঘটনা . . .

‘গল্পটা আরেক দিন শুনব চাচা।’

‘আরে শুনে যা, পরে মনে থাকবে না। আমার কাছে একবার এক রোগি এসেছেন। আমি অনেক বিচার-বিবেচনা করে তাঁকে দিলাম কেলিফস ফোর হানড্রেড। আমি তাঁকে বললাম, অষুধ নিয়ে যান, খেতে হবে না। দৈনিক একবার শুঁকবেন। এতেই রোগ আরোগ্য হবে।’

‘হয়েছিল?’

‘হবে না শানে? কি বলিস তুই? এটা কি এলোপ্যাথি পেয়েছিস যে ইনজেকশন

দিয়ে দিয়ে শরীর মোরক্ষা বানিয়ে ফেলব, তারপরেও রোগ সারবে না? তোর বাবাকে যে অমুখ দিলাম নিয়ে যা, দুটা ডোজ পড়ুক, তারপর দেখবি হানিম্যানের মাহাত্ম্য।'

বিধুবাবুর অমুখ বজলুর রহমান খেতে রাজি হলেন না। রাগী গলায় বললেন, আমার কি হয়েছে? অমুখ দিচ্ছিস কেন?

‘দুলারী ক্ষীণ গলায় বলল, তুমি চারদিকে পোকা দেখছ এইজন্যে অমুখ।

‘আমাকে অমুখ দিচ্ছিস কেন বিবেচনায়? পোকাদের অমুখ দে যেন ওরা আমার সামনে না আসে।’

‘বাবা, তুমি চোখে ভুল দেখছ।’

‘আমি চোখে ভুল দেখছি। আর তোরা সব শুন্দি দেখছিস? ফাজলামির একটা সীমা থাকা দরকার। যা আমার সামনে থেকে।’

দুলারী পালিয়ে গেল। বজলুর রহমান সন্ধ্যাবেলা পোকা মারার আরো সব অমুখ কিনে আনলেন। বিষাক্ত সব অমুখ। খালি হাতে স্প্রে করা যায় না। গ্লাভস্ পরে নিতে হয়। তিনি গ্লাভস্ও কিনে আনলেন। যাতে খেতে বসে ভাতের নলা মুখের কাছে নিয়ে নামিয়ে রাখলেন, মনোয়ারা বললেন, কি হয়েছে?

‘ভাতে তেলাপোকার গন্ধ। মুখে নেয়া যাচ্ছে না।’

‘নতুন চালের ভাত গন্ধ হবে কেন?’

‘সেটা আমাকে জিঞ্জেস করছ কেন? ভাতকে জিঞ্জেস কর?’

‘ঘরে পোলাওয়ের চাল আছে। দেই তোমাকে চারটা ফুটিয়ে?’

‘দাও।’

বজলুর রহমান সেই চালের ভাতও খেতে পারলেন না। মুখের কাছে নিয়ে ফেলে দিলেন। ক্ষিপ্ত গলায় বললেন, এখন তো আরো বেশি গন্ধ। মনে হচ্ছে তেলাপোকা সিদ্ধ করে নিয়ে এসেছে।

রাতে কিছু না খেয়েই তিনি বিছানায় গেলেন। বালিশে যাথা রেখেই লাফ দিয়ে বিছানায় উঠে বসলেন। মনোয়ারা ভয়ে ভয়ে বললেন, কি হয়েছে?

বজলুর রহমান থমথমে গলায় বললেন, বিছানা-বালিশ ধূতে মনে থাকে না? কর কি সারাদিন? পোকার গন্ধে ঘরে থাকা যায় না।

‘ধোয়া একটা চাদর দেই?’

‘কিছু দিতে হবে না।’

দুলারী ভয়ে ভয়ে বলল, বাবা, তুমি বুবাতে পারছ না তোমার শরীর খারাপ

করেছে। বিশু চাচার অশুধটা খেয়ে নাও। তোমার পায়ে পড়ি বাবা।

বজলুর রহমান বললেন, নিয়ে আয় তোর অশুধ।

বজলুর রহমান বাকি রাতটা বারান্দার চেয়ারে বসে কাটালেন। তাঁর সঙ্গে জেগে রইলেন মনোয়ারা এবং দুলারী। শুধু আলতাফ যথাসময়ে ঘুমুতে গেল। দুলারী কাঁদো-কাঁদো গলায় বলল, বাবার এতবড় অসুখ, তুমি দিব্য ঘুমুতে যাছ! তোমার কি মায়া-দয়া নেই?

আলতাফ হাই তুলতে তুলতে বলল, পোকাদের সঙ্গে কথা হয়েছে। ওরা মামার উপর রাগ করেছিল। আমি বুঝিয়ে বলেছি। সকালবেলা ঠিক হয়ে যাবে।

দুলারী রাগ চাপতে চাপতে বলল, পোকা-বিষয়ে তুমি আর কেন কথা আমাকে বলবে না।

‘আচ্ছা।’

‘একজন মানুষ পোকার ভয়ে মারা যেতে বসেছে আর তুমি আরাম করে ঘুমুতে যাছ।’

‘পোকাদের ভয় পাওয়ার কিছু নেই। ওরা মানুষের ক্ষতি করে না।’

‘কে বলল তোমাকে?’

‘ওরাই বলেছে। ওরা জানে মানুষ খুব অসহায়, এই জন্যেই ওরা মানুষকে রক্ষা করে চলে। পোকারা যদি ঠিক করে তাহলে তারা একদিনে পর্থিবীর সব মানুষ শেষ করে দিতে পরে।’

‘আজেবাজে কথা বলবে না তো। তোমার দুম দরকার, তুমি ঘুমাও।’

আলতাফ ঘুমিয়ে পড়ল।

বিশুবাবুর আর্নিকা টু হানড্রেড অশুধের জন্মেই হোক কিংবা আলতাফের কারণেই হোক ভোরবেলায় বজলুর রহমান নিতান্তই সাধারণ মানুষ। আগ্রহ করে সকালের মাশতা খেলেন। মনোয়ারা ভয়ে ভয়ে বললেন, কুটিতে তেলাপোকার গন্ধ পাছ না তো?

বজলুর রহমান ক্ষিপ্ত গলায় বললেন, সব সময় উন্টট কথা। কুটিতে তেলাপোকার গন্ধ হবে কেন? বুঠি কি তেলাপোকার পাউডার দিয়ে বানায়?

মনোয়ারা তৃপ্তির হাসি হাসলেন।



বেলা এগারোটা।

মনসুর সাহেব আলতাফকে নিজের ঘরে ডেকে নিয়ে গেছেন। তাঁদের দু'জনের সামনেই কফির মগ। আলতাফ কফিতে একটা চুমুক দিয়েই মগ নামিয়ে রেখেছে। সে কিছুতেই ভেবে পাছে না এমন 'কৃৎসিত জিনিস মানুষ' কি করে থার।

মনসুর সাহেবের ঘর অঙ্ককার। চোখে কালো চশমা। গতকাল কিছু সময় চশমা ছাড়া ছিলেন। এতেই যাথা-যত্রণা শুরু হয়েছে। এখনো তার রেশ আছে। অফিসের কাজে মন বসছে না বলেই আলতাফকে ডেকে এনেছেন। লোকটিকে তাঁর ঘরেষ্ট ইন্টারেস্টিং মনে হচ্ছে। কথা বলে আরাম পাওয়া যায়। লোকটি এতে প্রশংস্য পেয়ে যাচ্ছে কিনা কে জানে। এদের প্রশংস্য দেয়া ঠিক না। প্রশংস্য পেলেই মানুষ ঘাড়ে উঠে যেতে চেষ্টা করে। মনসুর সাহেব ঠিক করে রেখেছেন, আজই শেষ দিন। আর কোন গল্পগুজব হবে না।

‘আলতাফ সাহেব !’

‘জি স্যার !’

‘কফি খাচ্ছেন না যে ?’

‘ভাল লাগছে না স্যার !’

‘অভ্যাস না থাকলে ভাল না লাগারই কথা। আপনি কি ধূমপান করেন ?’

‘জি—না !’

‘ধূমপানও অভ্যাসের ব্যাপার। অভ্যাস না থাকলে সিগারেটের ধৌঁয়ায় দম বক্ষ হয়ে আসবে। আবার যারা অভ্যন্তর তারা পাগল হয়ে থাকে এই ধৌঁয়াটার জন্য।’

‘জি—স্যার !’

মনসুর সাহেব সিগারেট ধরিয়ে তাঁর বিভলভিং চেয়ারে হেলান দিলেন। খানিকটা ইতস্ততঃ করে বললেন — পোকাদের ভাষায় যে কাগজে কিছু লেখা লিখেছিলেন সেটার বিষয়বস্তু সম্পর্কে বলুন।

মনসুর সাহেব দ্রুয়ার থেকে কাগজটা বের করলেন। আলতাফ কাগজটা হাতে নিল। নিচু গলায় বলল, স্যার, আমি তো ওদের সাহায্য ছাড়া পারব না।

‘ওদের সাহায্য নিয়েই করুন।’

‘তাহলে আমার নিজের টেবিলে চলে যাই?’

‘মান। লাক্ষ টাইমে আসবেন। তখন দেখব।’

আলতাফ উঠে দাঁড়াল। মনসুর সাহেব গভীর গলায় বললেন, পোকা প্রসঙ্গে এটাই হবে আপনার সঙ্গে আমার শেষ বৈঠক।

‘জু আচ্ছা, স্যার।’

‘আপনার টেবিলে একটা ফাইল পাঠিয়েছি সকালবেলায়। পেয়েছেন?’

‘পেয়েছি স্যার।’

‘ফাইলটা খুব জরুরি। আপনি কাজকর্ম সাবধানে করেন বলে আপনাকে পাঠানো হল। ফাইলে নেট দেয়া আছে। সেই নেট দেখে কাজ শেষ করবেন। আজ বাসায় যাওয়ার সময় ফাইলটা নিয়ে যাব।

‘জু আচ্ছা।’

মনসুর সাহেব বিরক্ত বোধ করছেন। বিরক্তিটা নিজের উপর। সামান্য বিষয় নিয়ে তিনি মাথা ঘামাচ্ছেন। সামান্য বিষয় নিয়ে মাথা ঘামানো তাঁর চারিত্রিক বৈশিষ্ট্য নয়। তিনি চোখ থেকে কালো চশমা খুললেন। চোখ ঝালা করতে লাগল। টেবিলের পায়ে সারি সারি পোকা দেখা যাচ্ছে। অথচ কাল বেয়াবাকে বলে দিয়েছেন সারা ঘরে যেন খুব ভাল করে এরোসল স্প্রে করে দেয়। এরোসল কিনে আনার টাকাও দিয়েছেন।

আসলে এই ঘরটাই স্যাতস্যাতে। ট্রিপিকেল দেশের একটা ভেজা ঘরে পোকা থাকবেই। ঘরের কাপেট রোদে দেয়া দরকার। আজ দেয়া যেত। আকাশ মেঘলা হয়ে আছে, বৃষ্টি নামতে পারে। তাঁকে অপেক্ষা করতে হবে রোদের জন্যে। কড়া রোদের জন্যে। কড়া রোদ উঠলেই এই ঘরের যাবতীয় আসবাব তিনি ছাদে নিয়ে যাবেন। শুধু অফিসের আসবাব না — নিজের বাড়ির আসবাবও। বাড়িতেও একই অবস্থা। গতকালই প্রথম লক্ষ করলেন।

তিনি আলো সহ্য করতে পারেন না। কাজেই বাড়িও অঙ্ককার করে রাখেন। চেখের সমস্যাটা দীর্ঘদিন ধরে বিরুদ্ধ করছে। দেশের এবং বিদেশের অনেক ডাঙ্গারই দেখিয়েছেন। সর্বশেষ যিনি দেখেছেন তাঁর নাম প্রফেসর জেনিংস। আমেরিকান ডাঙ্গার। তিনি এক পর্যায়ে বললেন, তোমার চোখে কোন ক্রটি নেই। সমস্যাটা মানসিক। তুমি একজন মানসিক রোগের ডাঙ্গারের সঙ্গে কথা বল। মনসুর সাহেব ডাঙ্গারের কথায় রেগে গিয়েছিলেন। আমেরিকান ডাঙ্গারদের এই সমস্যা। যখন কিছু ধরতে পারে না তখন বলে বসে — সমস্যাটা মানসিক।

সেই মানসিক রোগের ডাঙ্গার তিনি দেখিয়েছিলেন। তিনিও কিছু ধরতে পারেননি। ধরতে পারার কথা নয়। তাঁর জীবনে বড় কোন দুঃটনা কিংবা বড় কোন আঘাতের ঘটনা ঘটেনি। প্রথম যৌবনে স্ত্রীর মৃত্যু হয়েছে। সে তো অনেকেরই হয়। তিনি আর বিয়ে করেননি। চোখের সমস্যা তখনি দেখা দিতে শুরু করে।

মনসুর সাহেবের চোখ ঝালা করছে। অনেকক্ষণ হল তাঁর চোখে চশমা নেই। চোখ ঝালা করারই কথা। তিনি চশমা চোখে দিয়ে ডাকলেন — মকবুল!

তাঁর ব্যক্তিগত বেয়ারা মকবুল ছুটে এল।

‘কাল ঘরে এরোসল দিয়েছিলে?’

‘একটা পুরা বোতল দিছি স্যার।’

‘কাছে আস তো।’

মকবুল ভয়ে ভয়ে কাছে এগিয়ে এল। মনসুর সাহেব সহজ গলায় বললেন, টেবিলের গায়ে এই যে পোকা, এদের দেখতে পাচ্ছ?

‘পাচ্ছি স্যার।’

‘কি পোকা এগুলি জান?’

‘জানি না স্যার।’

‘একটা পরিষ্কার বোতল জোগাড় কর। বোতলে কয়েকটা পোকা ভর।’

‘ভি আচ্ছা স্যার।’

মকবুল বোতল আনতে ছুটে গেল। মনসুর সাহেব টেলিফোন হাতে তুলে নিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে টেলিফোন করবেন। ডঃ ওসমান সেখানে আছেন। বিলেতে তাঁর সঙ্গে পরিচয় হয়েছিল। ভাল পরিচয়। বিদেশের অন্তরঙ্গতা দেশে এলে থাকে না। তাঁদের রয়ে গেছে। মাঝে মাঝে তাঁদের কথা হয়। মনসুর সাহেব ঠিক করলেন ওসমানকে জিঞ্জেস করবেন — এই পোকাগুলির নাম কি? এতে লাভ কি হবে? আপাতত তিনি কোন লাভ দেখতে পাচ্ছেন না। জানার জন্যেই জান। মকবুল খালি বোতল নিয়ে এসেছে। বোতলে পোকা ভরার চেষ্টা করছে। ফাঁকে ফাঁকে বড় সাহেবের দিকে তাকাচ্ছে। মনসুর সাহেব খুব বিরক্তি বোধ করছেন।

গনি সাহেব লক্ষ্য করলেন আলতাফ চোখ বন্ধ করে আছে। দীর্ঘ সময় চোখ বন্ধ করে থাকে, তাঁরপর চোখ খুলে — কাগজে কি-সব ফেন লিখে — আবার চোখ বন্ধ করে ফেলে। গনি সাহেব এগিয়ে গেলেন।

‘কি করছেন আলতাফ সাহেব?’

আলতাফ চোখ মেলে শান্ত গলায় বলল, এখন যান।

‘করছেনটা কি?’

‘একটা জরুরি কাজ করছি।’

‘আমি তো দেখছি চোখ বন্ধ করে আছেন, যাবো যাবো বিড় বিড় করছেন।’

‘পীজ, এখন বিরক্ত করবেন না।’

‘এমন কি কাজ যে চোখ বন্ধ করে থাকতে হয়? চোখ বন্ধ করে একটা কাজই ভাল করে করা যায়। তার নাম ঘূর্ম।’

‘গনি সাহেব, দয়া করে আমাকে বিরক্ত করবেন না।’

‘আচ্ছা ভাই, আচ্ছা। আর বিরক্ত করব না। আপনি বড় সাহেবের পেয়ারের লোক। বিরক্ত করে শেষে কোন্ যামেলায় পড়ি! শেষে দেখা যাবে চাকরিই খতম। নো জব। ছেলেমেয়ে নিয়ে না খেয়ে থাকতে হবে।

আলতাফ কিছু বলল না। চোখ বন্ধ করে ফেলল। তাকে পোকাদের সাহায্য নিয়ে লেখাটা শেষ করতে হচ্ছে। তারা তেমন সাহায্য করে না। একটা শব্দ বলে আবার সেটা দিয়ে অন্য শব্দ বলে। আলতাফ লিখেছে —

হে মানব সম্প্রদায়! তোমাদের জন্যে আছে অঙ্ককার ভবিষ্যৎ। কারণ
তোমরা অঙ্ককারের জীব। তোমাদের সৃষ্টি হয়েছিল অঙ্ককারের
জন্য। তোমরা সেখানেই ফিরে যাবে। ফিরে যেতে হবে শুরুতে।

একই লেখা আবার অন্যভাবে লিখতে হয়েছে। কারণ পোকারা কিছু কিছু শব্দ
বদলে দিয়েছে। আলতাফ আবার লিখল —

অভিবাদন মানব সম্প্রদায়! তোমাদের জন্য আছে মঙ্গলময় অঙ্ককার।
কারণ তোমাদের মঙ্গল অঙ্ককারে। মঙ্গলের জন্যে তোমাদের সৃষ্টি।
তোমরা সৃষ্টিতে ফিরে যাবে। এক বিস্তুতেই আদি ও অন্ত।

এ নিয়ে ঘোট চারটা অনুবাদ তৈরী হল। আলতাফ এই চারটার মধ্যে কোনটা
রাখবে বুঝতে পারছে না। পোকারা বলছে — কোনটা ফেলা যাবে না। প্রতিটিই
সত্য। সত্য এক ও অভিন্ন নয়। সত্যের অনেক ছবি। প্রতিটি ছবি আলাদা আলাদা
সত্য।



ডঃ ওসমান বোতলে ভর্তি পোকাগুলির দিকে তাকিয়ে আছেন। মনসুর বললেন,
এদের নাম কি?

ডঃ ওসমান হাসিমুখে বললেন, এদের নাম হল পোকা। ইনসেষ্ট।

‘কি পোকা?’

‘বৈজ্ঞানিক নাম চাও, না সাধারণ নাম হলেই চলবে?’

‘সাধারণ নাম জানলেই হবে।’

এরা এক ধরনের উইপোকা। উইপোকার অনেক ভ্যারাইটি আছে। এটা হল
বিশেষ এক ভ্যারাইটি। এরা সাধারণত মৃত জীবজগতের গায়ে ঘুরে বেড়ায়। দেখতে
পিপড়ার মত হলো পিপড়াদের সঙ্গে তাদের খালিকটা প্রভেদ আছে। পিপড়ারা মৃত
জীবজগতে থেয়ে ফেলে। এরা খায় না। শুধু ঘুরে বড়ায়?

‘কেন?’

‘কেন তা জানি না। ওদের জিজ্ঞেস করা হয়নি।’

ডঃ ওসমান শরীর দুলিয়ে হাসতে লাগলেন। মনসুর সাহেব বন্ধুর হাসিতে যোগ
দিতে পারলেন না। রসিকতা কখনোই তাঁকে আকর্ষণ করে না। হাসি থাহিয়ে
ওসমান সাহেব বললেন,

‘মনসুর !’

‘হ্যাঁ।’

‘হঠাৎ পোকা নিয়ে মেতেছে কেন? পোকা তোমার বিষয় না।’

‘মানুষের বিষয় তো বদলায়।’

‘তোমার কি বদলেছে?’

‘বুবাতে পারছি না। আচ্ছা, আবেকটা কথা — পোকাদের কি বোধশক্তি
আছে? মানে চিন্তা বা কল্পনা করার ক্ষমতা আছে?’

‘বোধ চিন্তা কল্পনা এইসব উচ্চমার্গের বিষয়ের জন্যে দরকার মন্তিম্ব, ঘিলু।
তা পোকাদের নেই বললেই হয়। ওরা বেঁচে থাকে instinct-এর উপর। ওদের
চালিকাশক্তি instinct, মন্তিম্ব নয়।’

‘ঘিলুর পরিমাণ বেশি থাকলেই বোধ চিন্তা এবং কল্পনা এইসব বেশি থাকবে?’

‘অবশ্যই।’

‘গুরু এবং গাধার মাথায় তো অনেকখানি মগজ থাকে। অন্তত মুরগির চেয়ে
বেশি থাকে। কিন্তু গুরুর বোধ বা বুদ্ধি কেনটাই মুরগির চেয়ে বেশি না।’

ডঃ ওসমান কিছুক্ষণ স্থির চেয়ে তাকিয়ে থেকে বললেন, তোমার মূল সমস্যাটা
বল। তারপর যুক্তি-তর্কে যাওয়া যাবে।

‘সমস্যা কিছু না।’

‘কিছু না বললে তো হবে না। কিছু-একটা তো আছেই। What is that ?

মনসুর সাহেব সিগারেট ধরাতে ধরাতে বললেন, আমাদের অফিসের একজন
কর্মচারি — তার ধারণা, সে পোকাদের সঙ্গে কয়নিকেট করতে পারে। পোকারা
তার সঙ্গে কথা বলে।

ওসমান সাহেব ঘোটেই চমকালেন না। স্বাভাবিক গলায় বললেন, পৃথিবীতে
অনেক লোক আছে যারা জ্ঞান, পরী বিশ্বাস করে —। এদের সঙ্গে তারা কথা বলে।
অনেকে আছে যারা প্রেতাত্মার সঙ্গে কথা বলে। তাতে কি যায় আসে। পৃথিবীতে
কোটি কোটি মানুষ। তাদের অতি ক্ষুদ্র এক ভগুৎ কি বলছে না বলছে তা ঘোটেই
গুরুত্বপূর্ণ নয়। তাদের স্থান হওয়া উচিত পাগলাগারদে।

‘পাগলাগারদে?’

‘অবশ্যি পাগলাগারদে।’

‘শুধু শুধু একটা লোক কেন বলবে — সে পোকাদের কথা বুঝতে পারে?’

‘অন্যদের বোকা বানানোর জন্যে বলবে। তোমার অফিসের ঐ কর্মচারি
তোমাকে এই কথা বলেছে, কারণ, সে তোমাকে বোকা বানাতে চেয়েছে। তার
উদ্দেশ্য সফল হয়েছে। তুমি বোকা বনেছ। কারণ তুমি খানিকটা হলেও ব্যাপারটা
বিশ্বাস করেছ।’

‘আমার অফিসের ঐ কর্মচারিটি বোকা ধরনের। আমার মনে হয় না সে
আমাকে বোকা বানাতে চায়।’

‘তাহলে ধরে নিতে হবে — তোমার ঐ কর্মচারিটির মাথা খারাপ। কায়দা করে
তাকে দু’-একটা প্রশ্ন করলেই পুরো ব্যাপার বের হয়ে যাবে। তুমি কি তাকে জেরা
করেছ?’

‘না।’

‘জেরা কর। সহজ জেরা না। ঘায় উকিলের জেরা। দেখবে সব বের হয়ে

আসবে। তারপর তাকে গলাধারা দিয়ে অফিস থেকে বের করে দাও। এ জাতীয় লোক প্রতিষ্ঠানের জন্যে ক্ষতিকর।'

মনসুর সাহেব চূপ করে রইলেন। ওসমান সাহেব বললেন, তোমার হয়ে আমি তাকে প্রশ্ন করতে পারি। করব?

‘বেশ তো কর। এখনি চল আমার সঙ্গে। যাবে?’

ওসমান সাহেব বললেন, যাওয়া যেতে পারে।

তারা অফিসে পৌছলেন পাঁচটার কিছু পরে। আলতাফকে পাওয়া গেল না। সে ঠিক পাঁচটায় অফিস থেকে বের হয়ে গেছে।

ওসমান সাহেব বললেন, লোকটার বাসায় যাওয়া যায়। সেটাই ভাল হবে। বাসার ঠিকানা জানা আছে?

মনসুর সাহেব বললেন, ঠিকানা বের করা কোন সমস্যা না। তুমি কি সত্য যাবে?

‘হ্যাঁ যাব।’

‘চল যাই। যদিও আমার এখন মনে হচ্ছে আমরা খানিকটা বাড়াবাড়ি করছি।’

ওসমান সাহেব কিছু বললেন না। তার মুখের বিরক্ত ভাব আরো স্পষ্ট হল। তিনি কোন রকম আগ্রহ বোধ করলেন না। তবে তা মনসুর সাহেবকে জানাতেও চান না। ক্ষমতাবান বন্ধুদের সামান্য আগ্রহকেও বড় করে দেখতে হয়। এটাই নিয়ম। “একটা লোক পোকার সঙ্গে কথা বলে” — ব্যাপারটাই হাস্যকর। হাস্যকর জেনেও তিনি প্রশ্ন দিচ্ছেন, কারণ মনসুরকে প্রশ্ন দিতে হয়। সবাই দেবে। সমাজ এটা ঠিক করে দিয়েছে।



অনেকস্কশণ ধরে দৱজাৰ কড়া নড়ছে। সন্ধ্যাবেলা কেউ এলে বজলুৰ রহমান অত্যন্ত বিৰক্ত হন। বেকুব লোকজন বেছে বেছে সন্ধ্যাবেলা ঘানুমেৰ বাসায় যায়। এদেৱ কানে ধৰে ঠাশ কৰে মাথায় একটা বাড়ি দেয়া উচিত। সভ্য সমাজে বাস কৰে এই কাজ কৰা সন্ভব না। বজলুৰ রহমান দৱজা খুললেন। দুজন লোক দাঁড়িয়ে। একজনেৰ চোখে আবাৰ সন্ধ্যাবেলাতেই কাল চশমা।

‘এটা কি আলতাফ সাহেবেৰ বাসা ?

বজলুৰ রহমান বিৰক্ত গলায় বললেন, এটা আলতাফেৰ বাসা হবে কেন ? এটা আমাৰ বাসা। বাসাও না, এটা হল বাড়ি। আমাৰ নিজেৰ বাড়ি।

‘আলতাফ সাহেব কি ভাড়াটে ?’

‘হ্যাঁ, ভাড়াটে বলা যায়। তবে ওৱ কাছ থেকে ভাড়া নেই না। আমি ওৱ মামা। আপনাৰা কে ?

‘আমৰা উনাৰ অফিসেই আছি।’

‘কলিগ ?’

‘জি, কলিগ। আলতাফ সাহেব কি বাসায় আছেন ?’

‘না, নেই। কঁচা বাজাৰে পাঠিয়েছি। ঘৰে দুদিন ধৰে বাজাৰ নেই। আপনাৰা বসুন, এসে পড়বে।’

‘আসতে কি দেৱি হবে ?’

‘দেৱি হবাৰ কথা না। তবে গাধা টাইপেৰ ছেলে তো — হতেও পাৱে। কিছুই বলা যাব না।’

‘আমৰা না হয় কিছুক্ষণ বসি ?’

‘বসুন।’

বজলুৰ রহমান বসাৰ ঘৰ খুলে দিলেন। ঘৰ অন্ধকাৰ। বজলুৰ রহমান বিৰক্ত গলায় বললেন, অঙ্ককাৰে বসে থাকতে হবে। ইলেকট্ৰিক লাইনে গণগোল হয়েছে। বাতি জ্বলে না। গাধাটাকে বলেছি একটা মিস্তি ডেকে আনতে। সেটা ঘনে থাকে না। আপনাৰা বসুন, দেখি ঘৰে মোম-টোম কিছু আছে কি-না।

মনসূৰ সাহেব বললেন, আপনাকে ব্যস্ত হতে হবে না।

‘ব্যস্ত হচ্ছি না। ঘৰে মোমবাতি আছে কি-না সেটা খৌজা কোন ব্যস্ততা না।

আপনারা চা খাবেন ?'

ওসমান সাহেব বললেন, অসুবিধা না হলে খেতে পারি।

'অসুবিধা তো হবেই। সন্ধ্যাবেলা হল কাজকর্মের সময়, নামাজের সময়। তার উপর ঘরে নেই কাজের লোক। অসুবিধা হবে না তো কি ?'

'তাহলে থাক।'

'থাকবে কেন ? চা খেতে চেয়েছেন, খাবেন। অসুবিধা হলেও ব্যবস্থা হবে।'

বজলুর বহমান ঘর ছেড়ে বের হয়ে গেলেন। ওসমান সাহেব নিচু গলায় বললেন, ইন্টারেন্সিং ক্যারেক্টার। এই পরিবারের একজন সদস্য পোকার সঙ্গে কথা বলবে, এতে আশ্চর্য হবার কিছু নেই। এটাই স্বাভাবিক।

মোমদানে মোমবাতি নিয়ে ঘরে ঢুকল দুলারী। মনসুর সাহেব এবং ডঃ ওসমান দুজনই চমকে উঠলেন। অসভ্য রূপবতী একজন তরুণী। মোমবাতি হাতে ঘরে ঢুকতেই ঘরের চেহারা পাল্টে গেল। দুলারী বলল, ও এসে পড়বে। আপনারা একটু বসুন। আমি চা দিচ্ছি। বাবা নামাজ পড়ছেন। আপনাদের কিছুক্ষণ একা একা বসতে হবে।

মনসুর সাহেব বললেন, কোন অসুবিধা নেই।

দুলারী বলল, আপনারা কি ওর অফিস থেকে এসেছেন ?

'জি।'

'অফিসে কি কোন ঝামেলা হয়েছে ?'

'না, কোন ঝামেলা হয়নি। আপনার পরিচয় কি জানতে পারি ?'

দুলারী লজ্জিত গলায় বলল, আমি ওর স্ত্রী।

তাঁরা দুজন আবারো একটা ধাক্কা খেলেন। বড় ধরনের ধাক্কা। আলতাফ টাইপের লোকদের যেন এ রকম স্ত্রী মানায় না। এরকম স্ত্রী ধাক্কা উচিতও নয়। এদের স্ত্রীরা হবে হাবাগোবা ধরনের। কালো, রোগা মুখে মেছেতার দাগ। ঘরের কাজ সারতে যাদের নাভিশ্বাস উঠবে। যাদের কোলে সব সময় রোগাভোগ। একটা শিশু থাকবে। যার একমাত্র লক্ষ্য থাকবে মায়ের বুকের দুধের দিকে।

দুলারী চা নিয়ে ঢুকল। শুধু চা। মনসুর সাহেব লক্ষ করলেন, কাপ পরিষ্কার, পিরিচে চা জ্যে নেই। তারচেয়েও বড় কথা — তিনটা কাপ। মেয়েটিও বোধহয় তাদের সঙ্গে চা খাবে। এইসব পরিবারে এ ধরনের ভদ্রতা ঠিক আশা করা যায় না। এরা সচরাচর সর-ভাসা ঠাণ্ডা চা কাজের লোক দিয়ে পাঠিয়ে দেয়। একটা পিরিচে

থাকে যিয়ানো টক স্বাদের কিছু বাসি চানাচুর।

মনসুর সাহেব বললেন, সরি, আপনাকে কষ্ট দিলাম।

দুলারী বলল, কষ্ট কিসের? কোন কষ্ট না। বলেই খানিকটা অস্ত্রিং সঙ্গে
বলল, ওর অফিসে কোন ঝামেলা হয়নি তো?

মনসুর সাহেব বললেন, না, কোন ঝামেলা হয়নি। আপনি কোন দুশ্চিন্তা
করবেন না।

দুলারী বলল, ওকে নিয়ে আমি খুব দুশ্চিন্তার মধ্যে থাকি।

ওসমান সাহেব কৌতুহলী গলায় বললেন, দুশ্চিন্তা কেন?

‘এমি দুশ্চিন্তা।’

ওসমান সাহেব খানিকটা ঝুকে এসে বললেন, উনার পোকার ব্যাপারটা কি
আপনি জানেন?

দুলারী হকচকিয়ে গেল। নিজেকে সে চট করে সামলে নিয়ে বলল, এসব কিছু
না।

‘আপনার সঙ্গে এ নিয়ে আলোচনা হয় না?’

‘মাঝে-মধ্যে বলে।’

‘কি বলে?’

দুলারী শৎকিতি গলায় বলল, পোকা নিয়ে কি অফিসে কোন সমস্যা হয়েছে?

মনসুর সাহেব বললেন, না, কোন সমস্যা হয়নি। উনি বলছিলেন, পোকাদের
সঙ্গে তাঁর যোগাযোগ আছে। শুনে আমি কৌতুহল বোধ করছি। এরকম তো
সাধারণত শোনা যায় না। ব্যাপারটা কি সত্যি?

‘জানি না।’

‘আপনার সঙ্গে এ নিয়ে কোন আলাপ হয় না?’

‘ও কথা—টথা বিশেষ বলে না।’

‘আপনাদের বিয়ে হয়েছে কতদিন হল?’

‘অল্পদিন।’

‘আচ্ছা, আলতাফ সাহেবের এক ঘামাতো বোন আছে — দুলারী। সে কি এ
বাড়িতে আছে?’

দুলারী চমকে উঠে বলল, আমার নামই দুলারী।

মনসুর সাহেব অস্ত্রিং সঙ্গে বললেন, আচ্ছা আচ্ছা। আলতাফ সাহেব তার
ঘামাতো বোনের কথা আমাকে বলেছিলেন, কিন্তু তাকেই বিয়ে করেছেন তা
বলেননি।

‘ও নিজ থেকে কিছু বলবে না। জিজ্ঞেস করলে উত্তর দেবে। জিজ্ঞেস না করলে চুপ করে থাকবে।’

‘আপনি পোকাদের ব্যাপারে তাঁকে কিছু জিজ্ঞেস করেননি?’

‘করেছি।’

‘উনি কি বলেন — আসলেই পোকারা তাঁর সঙ্গে কথা বলে?’

‘হ্যাঁ।’

‘আপনি তাঁর কথা বিশ্বেস করেন?’

‘হ্যাঁ।’

‘কেন বিশ্বেস করেন? আপনি কি কোন প্রমাণ পেয়েছেন?’

‘না।’

‘তাহলে বিশ্বেস করেন কেন?’

‘ও তো কখনো মিথ্যা কথা বলে না।’

আলতাফ এই পর্যায়ে বাজারের ব্যাগ হাতে ঘরে ঢুকল। মনসুর সাহেবকে দেখে সে মোটেই অবাক হল না। যেন এটাই স্বাভাবিক। অফিসের বড় সাহেবকে সন্ধ্যাবেলা ঘরে বসে থাকতে দেখা যেন খুবই সাধারণ ঘটনা। মনসুর সাহেবই আগ বাড়িয়ে কথা বললেন, আলতাফ সাহেব, ভাল আছেন?

‘জ্বি স্যার।’

‘বাজার করে ফিরলেন?’

‘জ্বি স্যার।’

‘আপনার সঙ্গে কথা বলার জন্যে এসেছি। আমার বন্ধুকে সঙ্গে নিয়ে এসেছি। উনি ডঃ ওসমান। মাস্টারি করেন। আপনি বরং হাত-মুখ ধূয়ে আসুন।’

‘জ্বি আচ্ছা, স্যার।’

‘আমরা অসময়ে এসে আপনার অসুবিধা করলাম না তো?’

‘জ্বি না।’

মনসুর সাহেব কৈফিয়ত দেবার মত ভঙ্গিতে বললেন, পোকা-মাকড় হচ্ছে আমার বন্ধুর বিষয়। সে এই বিষয় বিশ্ববিদ্যালয়ে পড়ায়। তার আগ্রহেই আপনার কাছে আসা।

‘জ্বি আচ্ছা, স্যার।’

‘যান, আপনি হাত-মুখ ধূয়ে ফ্রেশ হয়ে আসুন।’

আলতাফ চলে গেল। আলতাফের সঙ্গে দুলারীও বের হয়ে গেল। তার অনেক

কাজ। রান্না চড়াতে হবে। ঘরে মসলা নেই। মসলা পিষতে হবে। বাজারের গুড়া মসলা বজলুর রহমান খান না। ঘরে কাজের লোক নেই।

ডং ওসমান মনসুর সাহেবের দিকে ঝুকে এসে বললেন, বেকুব ধরনের মানুষ বলে মনে হচ্ছে।

মনসুর কিছু বললেন না। ডং ওসমান বললেন, এদের পেছনে সময় নষ্ট করার কোন মানে হয় না।

‘চলে যেতে চাও?’

‘এসেছি যখন বসি।’

আলতাফ এসে সামনে বসল। তার বসার ভঙ্গিতে কেন রকম দ্বিধা বা সংকোচ দেখা গেল না। ডং ওসমান হাসিয়ুখে বললেন, আলতাফ সাহেব, আপনার পোকাদের বিষয়ে কিছু বলুন।

‘কি বলব?’

‘যা বলতে চান বলুন।’

‘কিছু বলতে চাই না, স্যার।’

‘বলায় সমস্যা আছে?’

‘জি না। ইচ্ছা করে না।’

ওসমান সাহেবের ক্ষ কুঁচকে উঠল। লোকটা যে নির্বোধ এ বিষয়ে তিনি পুরোপুরি নিঃসন্দেহ হলেন। একমাত্র নির্বোধরাই অফিসের বড় সাহেবের সামনে এমন ভঙ্গিতে কথা বলার সাহস পায়। ওসমান সাহেব কঠিন গলায় বললেন, আমি শুনেছি পোকাদের সঙ্গে আপনার ভাবের আদান-প্রদান হয়।

আলতাফ চুপ করে রইল। ওসমান সাহেব অসহিষ্ণু স্বরে বললেন, জবাব দিচ্ছেন না কেন? ওদের চিঞ্চা-ভাবনা আপনি না-কি বুঝতে পারেন?

‘সবসময় পারি না। ওরা যখন ইচ্ছা করে তখনই শুধু বুঝি। ওরা ইচ্ছা না করলে পারি না।’

‘ওদের কথা বুঝতে হলে তো ওদের বুদ্ধিবৃত্তি আপনার স্বরে আসতে হবে।’

‘ওদের অনেক বুদ্ধি, স্যার।’

‘তাই না-কি?’

‘জি।’

‘ওদের বুদ্ধির একটা প্রমাণ দিতে পারেন?’

আলতাফ কিছুক্ষণ চুপ করে থেকে বলল, আমার বাসায় যে তেলাপোকা আছে

সে যে কোন সময় আমেরিকার একটা তেলাপোকার সঙ্গে যোগাযোগ করতে পারে।
মানুষ তা পারে না।

ডঃ ওসমান হেসে ফেলতে যাচ্ছিলেন। অনেক কষ্টে হাসি থামিয়ে বললেন,
তাহলে তো ইচ্ছা করলে আপনি যে কোন মূহূর্তে একটা খবর তেলাপোকার মাধ্যমে
আমেরিকায় পাঠিয়ে দিতে পারেন। আপনি একটা কাজ করুন তো . . .

‘কি কাজ?’

‘আমার এক ভাই থাকে ক্যালিফোর্নিয়ার পেনসিলভেনিয়ায়। তার ঠিকানা
দিচ্ছি। আপনি তেলাপোকার মাধ্যমে খবর এনে দিন ওদের ছেলেমেয়ে কঢ়ি।
তাহলে বুঝব আপনার তেলাপোকার ক্ষমতা আছে। পারবেন না?’

‘ছ্বি না, স্যার।’

‘পারবেন না কেন?’

আমরা যেমন ঠিকানা বলি — এত নং বাড়ি, এই রাস্তার নাম — সেটা
তেলাপোকাদের অজ্ঞান। আমি আমেরিকা বললেও কিছু বুঝবে না। তারা জায়গা
চিনে গুরু দিয়ে। ওদের কাছে এক এক জায়গার এক এক রকম গুরু।

‘ও আচ্ছা, একেক জায়গার একেক রকম গুরু।’

‘ছ্বি স্যার।’

‘ভাল। নতুন জিনিস জানা গেল।’

‘এরা মানুষের চিন্তা-ভাবনা কাজ-কর্ম নিয়ন্ত্রণ করে।’

‘এটাও নতুন তত্ত্ব। আপনি বলতে চাচ্ছেন যে, আমরা কি করব না করব তা
ঠিক করে দেবে পোকারা?’

‘ছ্বি স্যার। এরা খব সূক্ষ্মভাবে করে। চট করে ধরা যাবে না।’

‘আপনার যত দুই-একজন লোক শুধু ধরতে পারে, তাই না?’

‘ছ্বি।’

মনসুর সাহেব এতক্ষণ চুপ করেছিলেন। তিনি চুপ করে থাকবেন বলেই
ভেবেছিলেন, এখন আর কথা না বলে পারলেন না। বিরক্ত গলায় বললেন, তাহলে
তো আলতাফ সাহেব, আমাদের ধরে নিতে হয় যে পোকাদের প্রচণ্ড ক্ষমতা।

‘ঠিক বলেছেন, স্যার। অসম্ভব ক্ষমতা। একবার পৃথিবী জুড়ে প্লেগ মহাঘারি
হল। কোটির উপর মানুষ মারা গেছে। পোকারাই এটা করেছে।’

‘আমি যতদূর জানি প্লেগ ছড়িয়েছিল ইদুর।’

প্লেগের জীবাণু এনে দিয়েছিল তেলাপোকারা। তারা ইদুর দিয়ে ছড়িয়ে দিয়েছে।

পোকারা মানুষদের যেমন নিয়ন্ত্রণ করে, অন্য জীব-জন্মদেরও নিয়ন্ত্রণ করে।

ওসমান সাহেব হাসি চাপবার জন্য কয়েকবার কাশলেন। আলতাফ বলল, স্যার, এই পৃথিবীটা পোকাদের। ওরা আমাদের থাকতে দিছে বলেই থাকতে পারছি। অর্থাৎ আমরা ওদের করণ্যায় বেঁচে আছি।

ওসমান সাহেব বললেন, আপনার কথা শুনে আনন্দিত হলাম। যজ্ঞ পাওয়া গেল। শেষ প্রশ্ন — পোকারা এইসব কথা বলার জন্যে আপনাকে খুঁজে বের করল? আরো তো লোক ছিল — না-কি তাদের ঘতে আপনিই একমাত্র জ্ঞানী ব্যক্তি? আপনাকে ওদের পছন্দ করার কারণ কি?

‘ওদের জিঞ্জেস করিনি।’

‘সময় পেলে জিঞ্জেস করবেন। আজ উঠি?’

‘জ্ঞি আচ্ছা, স্যার।’

উঠে দাঁড়াতে দাঁড়াতে ওসমান সাহেব বললেন, পোকাদের একটা ডেমনস্ট্রেশন হলে মন্দ হত না। আলতাফ সাহেব পোকাদের সঙ্গে কথা বলছেন। আমরা শুনছি এরকম একটা কিছু। পরবেন আলতাফ সাহেব?

‘আলতাফ বলল, জ্ঞি না স্যার।’

‘কিছু মনে করবেন না আলতাফ সাহেব। আমার ধারণা, আপনি অন্যদের বোকা বানিয়ে আনন্দ পান। এই কাজটি করবেন না।’

আলতাফ কিছু বলল না। ওসমান সাহেব বললেন, আপনার উচিত কোন সাইকিয়াট্রিস্টের সঙ্গে কথা বলা। মানুষকে ভাওতা দিয়ে বেড়ানো এক ধরনের অসুস্থতা। বুঝতে পারছেন?

‘পারছি স্যার। কিন্তু আমি সত্যি কথাই বলছি।’

‘সত্যি কথা বললে তো ভালই।’

ঠিক তখন উড়তে উড়তে ঘরে একটা তেলাপোকা ঢুকল। পোকাটা বসল ওসমান সাহেবের পায়ের কাছে।

আলতাফ চমকে উঠে বলল, ওকে স্যার মারবেন না।

ওসমান সাহেব পোকাটাকে মারতেন না। পোকা মেরে আনন্দ পাবার বয়স তাঁর নেই। কিন্তু আলতাফের কথা শুনেই সম্ভবত — জুতো দিয়ে পিষে ফেললেন।

পথে নেমেই ওসমান সাহেব বললেন, মনসুর, তোমার প্রথম কাজ হচ্ছে — এই মহা বেকুবকে তুমি অফিস থেকে গলাথাক্কা দিয়ে বের করে দেবে। তোমার দ্বিতীয় কাজ হচ্ছে — আমার সময় নষ্ট করার জন্য জরিয়ানা দেবে। বড় ধরনের জরিয়ানা।



বড় সাহেব জরুরি একটা ফাইল দিয়েছিলেন। সেই ফাইল আলতাফ দ্রয়ারে তালাবন্ধ করে রেখেছিল। আশ্চর্যের ব্যাপার, ফাইলটা নেই! দ্রয়ার ঠিকই তালাবন্ধ। দ্রয়ারের চাবি আলতাফের কাছে।

গনি সাহেব পান চিবুতে চিবুতে কাছে এসে বললেন, সমস্যাটা কি?

আলতাফ বলল, ফাইল পাইছি না।

‘তালাবন্ধ ছিল?’

‘হ্যাঁ।’

‘তাহলে তো রিবাট সমস্যা। চিন্তার বিষয়। ভাল করে চিন্তা করে দেখুন — বাসায় নিয়ে যাননি তো?’

‘না।’

‘এ অফিসে তো এ রকম কথনো হয়নি। বদরুল সাহেবকে ইনফর্ম করুন?’

‘তাঁকে ইনফর্ম করব কেন?’

গনি সাহেব বিরক্তমুখে বললেন, আপনি তো ভাই বড় পঁচালের লোক। তাঁকে ইনফর্ম করবেন না কেন? তিনি হচ্ছেন আপনার সেক্ষনের চার্জে। যে কোন সমস্যা হলে আগে তাঁকে বলতে হবে। না-কি আপনি ঘোড়া ডিজিয়ে খাস খাবেন? সরাসরি চলে যাবেন বড় সাহেবের কাছে? আপনার নৌকা তো আবার বড় খুঁটিতে বাঁধা।

আলতাফ ব্যাপার কিছুই বুঝতে পারছে না। কেউ কি দ্রয়ার খুলে ফাইল নিয়ে গেছে? কেন নেবে? স্টোর-ইন-চার্জের কাছে সবার দ্রয়ারেরই চাবি থাকে। তিনি কি কোন কারণে খুলেছেন? অসম্ভব কিছু না। বড় সাহেব হ্যাত ফাইল চেয়েছেন। স্টোর-ইন-চার্জ খুলে দিয়েছেন। এ ছাড়া আর কি হতে পারে?

আলতাফ স্টোর-ইন-চার্জ খায়রুল কবিরকে খুঁজে বের করল। খায়রুল কবির আকাশ থেকে পড়লেন।

‘কি বলছেন আপনি! আমি কেন আপনার দ্রয়ার খুলব? এ ধরনের এলিগেশন সাবধানে দেবেন।’

‘আমি এলিগেশন দিছি না। জানতে চাই।’

‘ব্যাপার একই। বড় সাহেবের সঙ্গে দহরন-মহরন বলে ধরাকে সরা দেখছেন? পেয়েছেন কি আপনি? কী ভাবেন আমাকে?’

‘আপনি শুধু-শুধু রাগ করছেন।’

‘আপনার সঙ্গে কোন কথা বলতে চাছি না। দয়া করে বিদেয় হোন। আপনার সাহস দেখে অবাক হচ্ছি। আমাকে সরাসরি চোর বললেন —’

‘চোর তো বলিনি —।’

‘অবশ্যই বলেছেন। ভেবেছেন কি আপনি?’

আলতাফ হতভম্ব হয়ে গেল। এই লোকটা এমন করছে কেন? কেন শুধু-শুধু রেগে ঘাছে? সে নিজের জায়গায় ফিরে এল। কি করবে বুঝতে পারছে না। বড় সাহেবকে জানানো উচিত। সাহসে কূলুচ্ছে না। ভয়-ভয় লাগছে। আলতাফ দ্রুয়ার বন্ধ করে ক্যাণ্টিনের দিকে রওনা হল। ক্যাণ্টিনে সে কখনো আসে না। এই প্রথম আসা। কোণার দিকে একটা খালি টেবিলে একা-একা বসে রইল। ক্যাণ্টিনের বেয়ারা এক কাপ চা না চাইতেই দিয়ে গেল। অসময়ে চা খাওয়া তার অভ্যাস নেই। তবু সে চায়ে চুমুক দিচ্ছে। কিছুতেই ভেবে পাছে না অফিসের মানুষগুলি তার সঙ্গে খারাপ ব্যবহার করছে কেন। সে তো কারো সঙ্গে খারাপ ব্যবহার করে না।

‘এই যে আলতাফ সাহেব। কি করছেন একা-একা?’

গনি সাহেব চা নিয়ে এগিয়ে এলেন।

‘আলতাফ সাহেব! বসব আপনার সঙ্গে?’

‘বসুন।’

‘আপনি তো দেখি বিরাট ভেজাল লাগিয়ে ফেলেছেন।’

‘কি ভেজাল লাগিয়েছি?’

‘স্টের-ইন-চার্জ খায়রুল ফরিদ সাহেবকে আপনি না—কি চোর বলেছেন? উনি তো দাকুণ রেগেছেন। আমি ঠাণ্ডা করার চেষ্টা করেছি। লাভ হয়নি। উনি বোধহ্য বড় সাহেবের কাছে কম্পেন্সেন করতে যাবেন। আমার সে রকম মনে হল।’

আলতাফ কিছু বলল না। অবাক হয়ে তাকিয়ে রইল। গনি সাহেব বললেন, আপনার তো চিত্তার কিছু নেই। বড় সাহেব হলেন আপনার খাতিরের লোক। সিগারেট খাবেন না—কি আলতাফ সাহেব?

‘আমি সিগারেট খাই না।’

‘খেয়ে দেখুন। টেনশানের সময় কাজে লাগে। এইন পরিষ্কার হয়। এই সময়

বেইন্টা পরিষ্কার থাকা দরকার। বড় সাহেবকে ফাইলের ব্যাপারে কি বলবেন ভেবে
রাখুন। উনি দারুণ রেগেছেন। আপনাকে এক্ষুণি ডেকে পাঠাবেন।'

গনি সাহেব সিগারেট ধরিয়ে তত্ত্বির নিঃশ্বাস ফেললেন। তত্ত্বি ঘোলআনা হচ্ছে
না। আলতাফ তেমন ভয় পাচ্ছে বলে মনে হচ্ছে না। আশ্চর্য মানুষ! ভয়ে অস্তির
হয়ে যদি তাকে ধরে পড়ত, কানাকাটি করত, সে সামাল দিতে চেষ্টা করত।
হারানো ফাইলও তো মাঝে-মাঝে পাওয়া যায়। আলতাফ পাথরের মত মুখ করে
বসে আছে। ভয়-ভীতির কোন লক্ষণ নেই। চাকরি এখনো কলফার্ম হয়নি। এক
কথায় চাকরি চলে যাবে — সেই চিন্তাও মাথায় নেই।

'নিন, সিগারেট নিন আলতাফ সাহেব।'

'আমি সিগারেট খাই না।'

'আহা, একটা খেলে কিছু হবে না।'

'জ্বি-না।'

'আচ্ছা থাক। খেতে হবে না। আর শুনুন, এত চিন্তা করবেন না। চিন্তা করে
লাভ তো কিছু নেই। যা হবার হবেই।'

আলতাফ ছেটু করে নিঃশ্বাস ফেলে উঠে দাঁড়াল। গনি সাহেব বললেন, যাচ্ছেন
কোথায়? বড় সাহেবের কাছে? নিজ থেকে যাওয়া ঠিক হবে না। বড় সাহেব
ডাকুক, তারপর যাবেন। এর মধ্যে ভেবে-ভেবে একটা প্ল্যান অব একশান বের
করুন।

বড় সাহেবের খাস বেয়ারা মকবুল এসে ঢুকল। গনি সাহেবের দিকে তাকিয়ে
বলল, স্যার আপনেরে ডাকে।

গনি সাহেব বিস্মিত হয়ে বললেন, আমাকে কেন? তুমি বোধহয় ভুল করছ।
উনি আলতাফ সাহেবকে ডাকেন।

'জ্বে না। আপনেরে ডাকেন। স্পষ্ট কইয়া বলছেন — গনি।'

গনি সাহেব দরজার বাইরে থেকে বললেন, স্যার আসব?

বড় সাহেব বললেন, ইয়েস। কাম ইন প্রীজ।

তিনি ঘরে ঢুকে হসিমুখে বললেন, কেমন আছেন স্যার?

বড় সাহেব তার উপর না দিয়ে বললেন, বসুন।

তিনি বসলেন। বসতে বসতে তাঁর মনে হল — কিছু-একটা হয়েছে। দুয়ে দুয়ে
চার মিলছে না। ব্যাপারটা কি?

মনসুর সাহেব ফাইলে চোখ বুলাছিলেন। ফাইল বক্ষ করে তাকালেন। তাঁর চোখ কালো চশমার আড়ালে বলে গনি সাহেব বড় সাহেবের চোখের ভাব ধরতে পারলেন না। তাঁর অস্থিতি আরো বাড়ল।

‘গনি সাহেব !’

‘জি স্যার !’

‘ব্যাপারটা কি বলুন তো ?’

‘কি ব্যাপার স্যার ? আমি তো কিছু জানি না।’

‘আমি আলতাফ সাহেবকে একটা জরুরি ফাইল দিয়েছিলাম, স্টো জানেন ?’

‘জি—না স্যার। আমি তো কিছুই জানি না। কি ফাইল ?’

মনসুর আলি জবাব দিলেন না। প্রিয় চোখে তাকিয়ে রইলেন। গনি সাহেব সঙ্গে সঙ্গে বুঝে গেলেন, তিনি একটা বড় বোকায়ি করেছেন। ফাইল সম্পর্কে তিনি কিছুই জানেন না তা বলা ঠিক হয়নি। কারণ এর মধ্যে স্টোর-ইন-চার্জ খায়রুল কবির নিশ্চয়ই বড় সাহেবের সঙ্গে কথা বলেছে। কথা প্রসঙ্গে তার কথা আসতে পারে। আস্টাই স্বাভাবিক।

‘গনি সাহেব !’

‘জি স্যার !’

‘ফাইল সম্পর্কে আপনি কিছুই জানেন না দেখে অবাক হচ্ছি। একটু আগে খায়রুল কবির এসেছিলেন। তিনি বললেন, আপনি এই ফাইল হারানোর ব্যাপারটা নিয়ে চিন্তিত।’

‘ও আচ্ছা। আমি স্যার কিছুক্ষণ আগেই জেনেছি। আগে কিছুই জানতাম না। আমি ভেবেছি, আপনি জানতে চাচ্ছেন আগে কিছু জানতাম কি—না।’

মনসুর সাহেব ড্রয়ার খুলে সিগারেটের কেইস থেকে সিগারেট বের করলেন। গনি সাহেব বললেন, আমি স্যার খুব চিন্তা করছি — এটা হল কি করে ? ড্রয়ারে তালাবন্ধ করা ফাইল হাওয়ায় তো উড়ে যেতে পারে না।

‘আপনার কি মনে হয় ? কোথায় গেছে ?’

‘বুঝতে পারছি না। তবে আলতাফ সাহেব বাসায় নিয়ে যেতে পারেন। মাঝে—মাঝে তিনি বাসায় ফাইল নিয়ে যান।’

‘তাই না—কি ?’

‘জি !’

‘ও আচ্ছা !’

‘স্যার, আমি কি চলে যাব?’

‘একটু বসুন।’

মনসুর আলি সিগারেট টানতে লাগলেন। গনি সাহেব এই ঠাণ্ডা ঘরে বসেও
ঘামতে লাগলেন।

‘গনি সাহেব!

‘ছি স্যার।’

‘ফাইলটা খুব জরুরি। আজ সন্ধ্যার মধ্যে আপনি এটা বের করে দেবেন।’

‘আমি কোথেকে বের করব?’

‘আপনি খুব কষ্ট মানুষ। আপনার বুদ্ধি-শুদ্ধিও পরিষ্কার। আপনি কিভাবে
বের করবেন তা আপনি জানেন।’

‘স্যার, আপনার কথায় আমি মর্মান্ত।’

‘মর্মান্ত হ্বার কিছু নেই। এখন যান — ফাইলের ব্যাপারে ব্যবস্থা করুন।’

গনি সাহেব বের হয়ে এলেন। তাঁর কান ঝীঝী করছে। বড় সাহেব লোকটি
ক্ষমার অযোগ্য একটা কাজ করেছে। সরাসরি চোর বলেছে। এর একটা বিহিত
হওয়া দরকার। ধরাকে সরা জ্ঞান করছে। কত বড় সাহস! এত সাহস সে পেল
কোথায়? খাইলুল কবির কিছু বলেছে না—কি? বলে ফেলতে পারে। বোকা টাইপের
লোক। মনে হচ্ছে, বড় সাহেব তাকে পাঁচাচে ফেলে দু’-একটা প্রশ্ন করেছেন, আর
সে ভর ভর করে পেটের সব কথা বলে ফেলেছে।

গনি সাহেব অতি দ্রুত চিন্তা করছেন। যে ভাবেই হোক বড় সাহেবকে একটা
শিক্ষা দিতে হবে। চোর বলার জন্যে হাতজোড় করে ক্ষমা চাহতে হবে। শুধু
হাতজোড় করে ক্ষমা চাইলেই হবে না, কাগজে-পত্রেও থাকতে হবে। ইউনিয়ন কি
জিনিস এটা বড় সাহেবকে টের পাইয়ে দিতে হবে। কিছু জরুরি টেলিফোন করা
দরকার। বড় সাহেবকে ঘেরাও করতে হলে শুধু অফিসের লোক দিয়ে হবে না।
বাইরের কিছু লোকজনও দরকার। বড় ধরনের কিছু করতে হলে কয়েকটা জর্দার
কৌটা লাগবে। কত ধানে কত চাল তা জ্ঞানার সময় হয়ে গেছে। গনি সাহেব
আলতাফের টেবিলের দিকে এগিয়ে গেলেন। আলতাফ শুকনো মুখে বসে আছে।
একে একটা শিক্ষা দিতে হবে। শালা স্পাই! স্পাইগিরি বের করে দিতে হবে। হাত-
পা ভেঙ্গে হাসপাতালে দাখিল হয়ে গেলে আর স্পাইগিরি করবে না।

‘আলতাফ সাহেব!’

‘জি।’

‘বড় সাহেবের কাছ থেকে আসছি।’

‘ও আছা।’

‘বড় সাহেবের ধারণা, আপনার ফাইল আমরা চুরি করেছি।’

আলতাফ চূপ করে রইল। গনি সাহেব বললেন, আপনি স্যারকে এই কথা বলেছেন। তাই না?

‘আমি কিছু বলিনি।’

‘স্পাইগিরি করছেন? পেয়েছেনটা কি?’

আলতাফ তাকিয়ে রইল। গনি সাহেব ক্যান্টিনের দিকে ঝুঁকা হলেন। মাথা গরম করলে চলবে না। মাথা ঠাণ্ডা রাখতে হবে। বড় ঝামেলার সময় মানুষ মাথা ঠিক রাখতে পারে না বলেই ঝামেলা সামাল দিতে পারে না। তিনি পর পর দু'কাপ চা খেয়ে সিগারেট ধরালেন। মাথা এখন খানিকটা শান্ত হয়েছে — ঘেরাও করার পরিকল্পনা এখন আর সুন্দর পরিকল্পনা বলে মনে হচ্ছে না। অন্য চাল চালতে হবে। মারাত্মক কোন চাল। বড় সাহেব সে চাল ধরতে পারবেন না। কি চাল দেয়া যায়? হারানো ফাইল ফেরত দেয়া যায়। বড় সাহেবকে যদি বলা হয় ফাইল পাওয়া গেছে আলতাফের বাসায় — তাহলেই হল। খুব বিনয়ের সঙ্গে বলতে হবে। এতে বড় সাহেবের গালে একটা চড় দেয়া হবে। মোলায়েম চড়।

ফাইল গনি সাহেবের কাছেই আছে। তাঁর দ্বারারে তলাবন্ধ অবস্থায় আছে। যা করতে হবে তা হল — ফাইলটা লুকিয়ে নিয়ে চলে যেতে হবে আলতাফের বাসায়। আলতাফকে বলতে হবে — ভাই, আপনার বাসার কাগজপত্রগুলি একটু খুঁজে দেখুন। এমনও তো হতে পারে যে আপনি মনের ভূলে ফাইল নিয়ে বাসায় চলে এসেছেন। হতে পারে না? একটু খুঁজে দেখুন। আমিও আপনার সঙ্গে খুঁজি। দু'জন খুঁজতে থাকবে — তখন গনি সাহেব চেঁচিয়ে বলবেন — পাওয়া গেছে, পাওয়া গেছে। এই তো পাওয়া গেছে। আপনার খাটের নিচেই ছিল। যাক, বাঁচা গেল! সবচেই ভাল হয় — ফাইলটা যদি আলতাফ সাহেবকে দিয়েই ফেরত পাঠানো হয়।

গনি সাহেব আরেকটা সিগারেট ধরালেন। পুরো পরিকল্পনাটা আরো ঠাণ্ডা মাথায় ভেবে দেখতে হবে কোন ভুল-ক্রটি থেকে গেল কি-না। সামান্য ভুল থাকাও ঠিক হবে না।

ফাইলটা যে তাঁর দ্বারারে আছে এই খবর অফিসের আর একজনমাত্র মানুষ জানে — স্টের-ইন-চার্জ খায়কুল কবির। তাঁর নিজের লোক। তা ছাড়া তিনিই চাবি

দিয়ে দ্রয়ার খুলেছেন। কাজেই এই খবর বাইরে ছড়াবে না। খায়রুল কবির সাহেব অবশ্যি মাথা-গরম লোক। ফট করে মাথা গরম হয়ে যায়। এই জাতীয় লোক মাথা-গরম অবস্থায় বেফাস কথা বলে ফেলতে পারে। তাকে সাবধান করে দিতে হবে।

গনি সাহেব উঠলেন। আলতাফের টেবিলের দিকে এগিয়ে গেলেন।

‘আলতাফ সাহেব !’

‘জি !’

‘আপনার বাসায় আজ সন্ধ্যায় একটু যাব !’

‘জি আচ্ছা !’

‘বিবাহ করেছেন তো — তাই না ?’

‘জি !’

‘ভাবীর হাতে এক কাপ চা খেয়ে আসব !’

‘জি আচ্ছা !’

‘অধিকাংশ অফিসেই দেখি কর্মচারিদের মধ্যে কোন সন্তাব নেই। এটা ঠিক না। অফিসের বাইরেও আমাদের একটা জীবন আছে। তাই না ?’

‘জি !’

গনি সাহেব খায়রুল কবির সাহেবের খোজে গেলেন। তাঁকে এখন বেশ হাসি-খুশি দেখাচ্ছে। টেনশন অনেকখানি কমে গেছে। তাঁর মাথায় একটাই চিঞ্চা। ফাইলটা কী করে আলতাফের বাসায় নিয়ে যাবেন। শীতকাল হলে সমস্যা ছিল না — কোটের ভেতর নিয়ে যেতে পারতেন। গরম কাল হওয়ায় বামেলা হয়ে গেছে। বাজারের ব্যাগে করে নিয়ে যাওয়া যায়। তাঁর সঙ্গে বাজারের ব্যাগ আছে। অফিস-ক্ষেত্রত হাতিরপুল কাঁচাবাজার থেকে কিছু শঙ্গি নিয়ে যাবার কথা। আজ আর নেয়া হবে না।

অফিস ছুটি হবার ঠিক আগে আগে মনসুর সাহেবের টেলিফোন বেজে উঠল। টেলিফোন করেছেন ডঃ ওসমান। কিন্তু তাঁর গলার শব্দ অন্যরকম। মনসুর সাহেব গলা চিনতে পারছেন না। মনে হচ্ছে, অনেক দূর থেকে পাতলা গলায় কে যেন কথা বলছে — মনসুর সাহেব বললেন, হ্যালো, কে ? কে কথা বলছেন ?

‘আমি বলছি। আমি !’

‘কিছু মনে করবেন না। আমিটা কে ?’

‘ওসমান !’

‘ও আছে। তোমার ঠাণ্ডা লেগেছে না-কি? গলার স্বর চিনতে পারছি না।’

‘তোমাকে দোষ দিয়ে লাভ নেই। আমি নিজেও আমার গলার স্বর চিনতে পারছি না।’

‘হয়েছে কি?’

‘ভয়াবহ কিছু হয়নি, তবে যা হয়েছে তাকে ঠিক অগ্রহ্য করাও ঠিক না।’

‘কি হয়েছে?’

‘তুমি বাসায় আস, তারপর বলব।’

‘আসছি। এখনি আসছি।’

‘বাই দ্যা ওয়ে, তোমাদের অফিসের কর্মচারি — কি যেন নাম — আলতাফ না? ও কি আছে?’

‘থাকার কথা না — এখন বাজছে পাঁচটা। সে কাঁটায় কাঁটায় পাঁচটা বাজলে বিদের হয়ে যায়। তবু খোঁজ নিছি। কেন বল তো?’

‘ওকে আমার দরকার। তাকে নিয়ে আসতে পারবে?’

‘দরকার হলে অবশ্যই নিয়ে আসব।’

মনসুর সাহেব আলতাফের খোঁজে লোক পাঠালেন। তাকে পাওয়া গেল না। সে ঠিক পাঁচটার সময়ই বের হয়ে গেছে।

আলতাফ অফিস থেকে সরাসরি বাসায় ফেরে। ফেরার সময় বাসে প্রচণ্ড ভিড় হয়। ভিড় কমার জন্যে সে ইদানিং অফিসের পাশে একটা মিউনিসিপ্যালিটি পার্কে অপেক্ষা করে। পার্কটি মিউনিসিপ্যালিটির কর্মকর্তারা শিশুদের মনোরঞ্জনের জন্য তৈরি করলেও এটি এখন ভিক্ষুক এবং নেশাকদের দখলে। নেশাকরা আসে সন্ধ্যার পরে। তাদের সঙ্গে আলতাফের দেখা এখনো হয়নি। তবে পার্কের স্থায়ী ভিক্ষুকরা আলতাফকে চেনে। তারা এই লোকটির স্বভাব-চরিত্রও জানে। তারা জানে, এই সাহেব পার্কে ঢোকার মুখে দুটাকার বাদাম কিনবে। পার্কের সবচে উত্তরের বেঞ্চির এক কোণায় চুপচাপ বসে বাদাম খাবে। খাবে খুব ধীরে ধীরে। দুটাকার বাদাম শেষ করতে করতে তার সময় লাগবে এক ঘণ্টার উপর। তখন সে উঠে দাঁড়াবে — যাবে বাসস্ট্যান্ডের দিকে। এই লোকের কাছে ভিক্ষা চেয়ে কোন লাভ হবে না জানে বলেই ভিক্ষুকরা কেউ এখন আর তাকে বিরক্ত করে না।

আলতাফ বসে আছে বেঞ্চিতে। তার হাতে বাদামের ঠোঙ্গা এবং খানিকটা ঝাল লবণ। আলতাফ বাদাম ভেঁড়ে মুখে দিচ্ছে। দুটাকার ঠোঙ্গায় বাদাম থাকে ১৮ থেকে ২৫টা। আজ বাদাম বেশি দিয়েছে — আজ বাদাম আছে ত্রিশটা। শেষ করতে অন্য

দিনের চেয়ে বেশি সময় লাগবে। লাগুক। তেমন তাড়া নেই। তবে আকাশের অবস্থা ভাল না। মেঘ ডাকছে। বৃষ্টি হবে। ভাল বৃষ্টি হবে। বৃষ্টি শুরু হলে ভিজতে হবে। ভিজতে তার খারাপ লাগে না। একটাই শুধু সমস্যা হয়। ভেজা কাপড়ে বাসে উঠতে দেয় না। ভিজে গেলে হেঁটে হেঁটে ফিরতে হবে। আলতাফ ছোটু করে নিঃশ্বাস ফেলল। আজ তার মনটা খারাপ। শুধু যে খারাপ তা না — বেশ খারাপ।

সে বুঝতে পারছে না সবাই মিলে তার সঙ্গে যিখ্যা কথা বলছে কেন? সে তো সবই বুঝতে পারছে। গনি সাহেবের কাছে ফাইলটা বর্তমানে আছে। তিনি এই ফাইল নিয়ে আজ রাতে এক সময় তার বাসায় যাবেন এবং বলবেন, ‘আলতাফ সাহেব, আপনার বাসাটা একটু পরীক্ষা করে দেখব। এমন তো হতে পারে, মনের ভুলে ফাইলটা ফেলে গেছেন?’

আলতাফ জানে গনি সাহেবের বাজারের ব্যাগে বর্তমানে ফাইলটা আছে। ফাইলটা নিয়ে তাঁর অনেক কাজকর্ম আছে বলে তিনি আজ বাজারে যেতে পারবেন না। গনি সাহেবের স্ত্রী বলে দিয়েছেন, ঘরে কোন সবজি নেই। সবজি লাগবে। আজও সবজি কেনা হবে না। অঞ্চ এই মহিলা মাছ-মাংস কিছু খেতে পারেন না।

সব তথ্য পোকারা আলতাফকে জানাচ্ছে। কেন জানাচ্ছে সে জানে না। কিভাবে জানাচ্ছে তাও বুঝতে পারে না। জানতে না পারলেই বোধহয় ভাল হত। মনের কষ্ট কম হত। এরা তাকে দেখতে পারছে না কেন? সে কি কোন অন্যায় করেছে?

বৃষ্টির ফোটা পড়তে শুরু করেছে। আলতাফ উঠে দাঁড়াল। হালকা ফোটা পড়ছে। বাস্ট্যান্ডে লোকজন নেই। ইচ্ছা করলে বাসে উঠা যায়। কিন্তু উঠতে ইচ্ছা করছে না।

হেঁটে হেঁটে যাওয়া যাক। পৌছতে সম্ভ্যা পার হয়ে যাবে। তাড়া নেই কিছু। আর বাসায় ফিরতে দেরি হলেই ভাল। ইতিমধ্যে নিশ্চয়ই গনি সাহেব চলে যাবেন। তাঁর সঙ্গে দেখা হোক তা আলতাফ চাচ্ছে না। বৃষ্টির বেগ বাড়ছে। আলতাফ নির্বিকার ভঙ্গিতে বৃষ্টির ভেতর দিয়ে এগুচ্ছে। লোকজন অস্তুত দ্রষ্টিতে তাকে দেখছে। বৃষ্টিতে ভিজে অনেকেই রাস্তায় হাঁটে, তবে তাদের মধ্যে এক ধরনের তাড়া থাকে। কেউ এমন নির্বিকার ভঙ্গিতে হাঁটে না।



বজলুর রহমান বললেন, কাকে চান ?

গণি সাহেব বললেন, আমি আলতাফ সাহেবের খোজে এসেছি।

‘ও তো এখনো বাসায় ফিরে নাই ?’

‘সে কি ! পাঁচটাৰ সময় উনি অফিস থেকে বেৱ হলেন ?’

বজলুর রহমান বিৱৰণমুখে বললেন, এই গাধাৰ কি কিছু ঠিক আছে ? কিছু ঠিক নাই। অফিসে কি কৰে তাই আমি বুঝি না। আসুন, ভেতৱে এসে বসুন।

গণি সাহেব অঙ্ককার বসাৰ ঘৰে ঢুকলেন। বজলুর রহমান বললেন, আপনাকে অঙ্ককার ঘৰে বসে থাকতে হবে। গাধাটাকে বলেছিলাম চলিশ পাওয়াৱেৰ একটা বাল্ব এনে লাগাতে। লাগিয়েছে ঠিকই কিন্তু বাল্ব জ্বলছে না। সমস্যাটা কোথায় সে দেখবে না ?

গণি সাহেব বললেন, স্যার, আপনি কাইন্ডলি একটা হারিকেন আনুন। আমি দেখে দিচ্ছি। মনে হয় কোথাও লুজ কানেকশন আছে।

‘না না, আপনি কি দেখবেন ?’

‘কোন অসুবিধা নেই, স্যার। আলতাফ সাহেব আমাৰ কলিগ। খুবই বক্সু-মানুষ।’

বজলুর রহমান খুশি হলেন। হারিকেন জ্বালিয়ে নিয়ে এলেন। গণি সাহেব কি কৱলেন কে জানে — বাতি জ্বলে উঠল। বজলুর রহমান হাটচিষ্ঠে বললেন, বাবা, তুমি আৱাম কৰে বস, চা খাও। ঘৰে কিছু আছে কি-না কে জানে ? মনে হয় শুধু চা খেতে হবে।

‘কোন অসুবিধা নেই, স্যার। চা না পেলেও হবে। আমাৰ চায়েৰ তেমন অভ্যাস নেই। আলতাফ সাহেব কখন ফিরেন ?’

‘কোন ঠিক-ঠিকানা নেই। আগে সকাল সকাল ফিরত। এখন শুনেছি অফিস ছুটিৰ পৰ কোন এক পাকে গিয়ে বসে থাকে।’

‘কেন ?’

‘কে বলবে কেন ? ওৱ কি মাথাৰ ঠিক আছে ? ব্ৰেইন ডিফেন্সে !’

‘চাচাঙ্গী, এসব কি বলছেন !’

‘তোমাদের কলিগ, তোমরা জন না? কি করে অফিস চালায় সেটাই তো আমি
বুঝি না। কাজকর্ম কিছু পাবে?’

‘উনি তো চাচাজী কাজকর্মে খুব ভাল। তবে . . .’

‘তবে কি?’

‘রিসেন্টলি একটা সমস্যা হয়েছে।’

বজলুর রহমান আগ্রহ নিয়ে বললেন, কি সমস্যা?

‘থাক স্যার, বলতে চাষ্টি না।’

‘না না, তুমি বল। কোন অসুবিধা নাই।’

‘অফিসের একটা জরুরি ফাইল হারিয়ে ফেলেছেন। আমাদের বড় সাহেব
আবার খুবই রাগী। তিনি ভয়ংকর রেগেছেন। অথচ আলতাফ সাহেবের কোন
মাথাব্যথা নেই।’

‘ওর মাথাব্যথা থাকবে কেন? ওর কি মাথা বলে কিছু আছে?’

‘বড় সাহেবের সঙ্গে দেখা করে দু—একটা কথা বললে হত, তাও বলবেন না।
এই বাজারে যদি চাকরি চলে যায়, তাহলে অবস্থাটা, চাচাজী, একটু চিন্তা করুন।’

‘চাকরি তো যাবেই। আরো আগেই যাওয়া উচিত ছিল। এখনো কেন যায়নি
তাই তো আমি ভেবে পাই না।’

বজলুর রহমান অত্যন্ত আনন্দিত বোধ করছেন। তাঁর কথা অক্ষরে অক্ষরে
ফলে যাচ্ছে। এটাই তাঁর আনন্দের বিষয়। গনি সাহেব গলা নিচু করে বললেন,
আমার ধারণা, উনি ফাইলটা বাসায় নিয়ে এসেছিলেন, তারপর অফিসে নিতে ভুলে
গেছেন। আমি এসেছি একটু খুঁজে দেখতে। উনার তো মাথাব্যথা নেই।

বজলুর রহমান দরাজ গলায় বললেন, যাক, গাঢ়টার চাকরি চলে যাক। তুমি
এই নিয়ে চিন্তা করবে না।

‘তবু স্যার, আমি ভাবছি একটু যদি খুঁজে দেখি, উনি তো খুঁজবেন না।’

‘ও কিছুই করবে না। ও শুধু দরজা বন্ধ করে বিম থেরে বসে থাকবে। আর
পোকা নিয়ে ভাববে।’

গনি সাহেব ইতস্ততঃ করে বললেন, উনি কখন আসেন কে জানে। আমরা কি
এই ফাঁকে একটু খুঁজে দেখব?

‘দেখতে চাও, দেখ। আমি দুলারীকে বলছি, ও তোমাকে তাদের ঘরে নিয়ে
যাবে।’

দশ মিনিটের মাথায় গনি সাহেব ফাইল হাতে দোতলা থেকে নেমে এলেন। বজ্রুর
রহমানকে দেখে তত্ত্বির নিঃশ্বাস ফেলে বললেন, পাওয়া গেছে চাচাজী। খাটের নিচে
খবরের কাগজের সঙ্গে ছিল।

বজ্রুর রহমান বললেন, পাওয়া গেছে বলে এত আনন্দিত হয়ো না। আবার
হারাবে। কে জানে কাল অফিসে যাওয়ার সময় হয়ত বাসে ফেলে রেখে যাবে।

গনি সাহেব বললেন, আপনাকে কি চাচাজী একটা ছেট্টা রিকোয়েস্ট করব?
যদি কিছু ঘনে না করেন।

‘মনে করাকরির কি আছে? বল কি রিকোয়েস্ট?’

‘ফাইলটা আলতাফ সাহেবের হাতে না দিয়ে আপনি নিজে যদি শিয়ে যান। বড়
সাহেবকে একটু বুবিয়ে বলেন। স্যার তো খুব রেগে আছেন।’

‘কোন অসুবিধা নেই। আমিই বলব।’

‘আমি যে এসেছিলাম এটা যদি না বলেন তাহলে খুব ভাল হয়। বড় সাহেব
আমাকে আবার ঠিক পছন্দ করেন না। উনি যদি শুনেন একজন ফাইল হারিয়েছে
আর আমি ছেটাছুটি করছি তাহলে আরো রেগে যাবেন।’

‘না না, তুমি নিশ্চিন্ত থাক। তোমার কথা কিছুই বলব না।’

গনি চা খেলেন। মুড়ি খেলেন। দুলারীর সঙ্গে কিছুক্ষণ গল্প করলেন। দুলারীর
কাজের মেয়ে নেই শুনে দুঃখিত হলেন। যাবার সময় বলে গেলেন, কাল সকালের
মধ্যে কাজের মেয়ের ব্যবস্থা করবেন।

এই কাজটা তিনি অবশ্য ভালই পারেন। কাজের মেয়ের সাপ্লাই চ্যানেল তাঁর
খুব ভাল। অফিসের অনেকেরই তিনি এই উপকার করেছেন। দুলারীর জন্যেও
একটা ব্যবস্থা করতে হবে। তাঁর নিজের বাসায় এই মুহূর্তে দুঃখ আছে। তাদের
একজনকে দিয়ে যেতে হবে।

আলতাফ বাসায় ফিরল রাত নটার কিছু আগে। সে ভিজে চুপসে গেছে। চোখ
লাল। দুলারী বলল, আবার বৃষ্টিতে ভিজে ভিজে এসেছ? কতক্ষণ ভিজেছ বৃষ্টিতে?

‘অনেকক্ষণ।’

‘হাত-পা একদম নীল হয়ে গেছে। চোখ লাল। আজ নির্ধার তোমার জ্বর
আসবে।’

‘হ্রি।’

‘তোমাদের অফিসের একজন কলিগ আজ বাসায় এসেছিলেন। নাম হল গনি

সাহেব। কি যেন খোজাখুঁজি করলেন।

‘হ্রি।’

‘খুবই ভাল লোক। আমার কোন কাজের লোক নেই শুনে খুব দুঃখ করলেন।
বলেছেন, কাল সকাল দশটাৰ মধ্যে একজনকে দিয়ে যাবেন।’

‘হ্রি।’

‘তুমি তো শুমুছ না, তাহলে এমন হ্রি হ্রি কৰছ কেন? যাও, বাথরুমে গিয়ে
কাপড় ছাড়। ভাত দিয়ে দি। আজ আবার মা’র শরীরটাও খারাপ। মা শুয়ে আছেন।’

‘হ্রি।’

দুলারী টেবিলে ভাত বেড়ে আলতাফকে নিতে এসে দেখে আলতাফ ঘর
অঙ্ককার করে শুয়ে আছে। তার গা গরম। আলতাফ বলল, আমার ভাল লাগছে না।
আমি কিছু খাব না।

‘দুধ এনে দেই এককাপ। দুধ খাও?’

‘না। তুমি বাতি নিভিয়ে দাও।’

দুলারী বাতি নিভিয়ে দিল। তার খানিকটা মন খারাপ হল। বৃষ্টি হচ্ছে দেখে সে
আজ তেহরী রান্না করেছে। এই জিনিসটা আলতাফ খুব পছন্দ করে খায়।

‘দুলারী।’

‘কি?’

‘আমার মা’কে মে পোকা খেয়ে ফেলেছিল তা—কি তুমি জান?’

‘এসব কি ধরনের কথা?’

‘তুমি জান কি—না বল।’

‘জানি, বাবা বলেছিলেন।’

‘আমার চোখের সামনে তারা মা’কে খেয়ে ফেলল।’

‘চুপ কর তো।’

‘আচ্ছা চুপ করলাম। দরজা—জানালা বন্ধ করে ঘর অঙ্ককার করে দাও।’



ওসমান সাহেব থাকেন ধানমণি আট নম্বরে। চার ইউনিটের নতুন ফ্ল্যাট বাড়িগুলির তিনতলায়। ফ্ল্যাটটি কিনেছেন ওসমান সাহেবের স্ত্রী রেবেকা। ভদ্রমহিলা ডাঙ্গার এবং পসারওয়ালা বড় ডাঙ্গার। এদের কোন ছেলেপুলে নেই। স্বামী-স্ত্রী দুজনে বিশাল বাড়িতে বাস করেন। কুকুর, বেড়াল এবং পাখি পুষেন।

মনসুর সাহেব ওসমানদের ফ্ল্যাট বাড়িতে কলিখবেল টিপলেন রাত দশটায়। কলিখবেলে শব্দ হল না। কড়া নাড়তে হল। শব্দ করেই নাড়তে হল। বাইরে মুষলধারে বৃষ্টি হচ্ছে। ইলেক্ট্রিসিটি নেই। তবে ঘরে আলো আছে। চার্জলাইট জ্বলছে। ওসমান সাহেব দরজা খুলে বললেন, এত দেবি। আমি সন্ত্যা থেকে অপেক্ষা করছি।

‘বৃষ্টি দেখে ভাবছিলাম বৃষ্টি কঘলে আসব। মনে হচ্ছে কমবে না, তাই বৃষ্টির মধ্যেই এসেছি।’

‘থেয়ে আসনি তো?’

‘না।’

‘গুড়। আমি পূর্বণী থেকে খাবার আনিয়েছি। আজ রাতে থেকে গেলে অসুবিধা হবে? রেবেকা বাসায় নেই। একা আছি। তুমি থাকলে দুঃখন মিলে বেচেলারদের মত সারারাত গল্প করব।’

‘বেচেলাররা সারারাত গল্প করে না। এটা নব্য স্বামী-স্ত্রীদের ব্যাপার। রেবেকা কোথায়?’

‘ওর সঙ্গে ভয়াবহ থরনের ঝগড়া হয়েছে। প্রায় ছাড়াছড়ি পর্যায়ের ঝগড়া। ও তার বাবার বাসায় চলে গেছে। মনে হচ্ছে আর ফিরবে না।’

মনসুর সাহেব কিছু বললেন না। তেমন গুরুত্বও দিলেন না। রেবেকা প্রায়ই প্রচণ্ড রকমের ঝগড়া করে তার বাবার বাসায় চলে যায়, আবার ফিরে আসে। এবারও আসবে। এদের একের অন্যকে ছাড়া গতি নেই।

ওসমান সাহেব বললেন, এসো খেতে বসে যাই। প্যাকেট করা খাবার ঠাণ্ডা হয়ে গেলে মুসকিল।

টেবিলভর্তি খাবার। শিভাস রিগেলের পেটমোটা বোতল। এই ব্যাপারটিও

পুরানো। ওসমান সাহেব মদ্যপান করেন শুধু যখন রেবেকার সঙ্গে তাঁর ঝগড়া হয় তখন। মনসুর হাসতে হাসতে বললেন, ঝগড়া মনে হয় গুরুতর পর্যায়ের হয়েছে?

‘হ্যাঁ।’

‘কি নিয়ে ঝগড়া?’

‘সেটা বলার জন্যেই ডেকেছি।’

‘আলতাফকেও আনতে বলেছিলে — তাকেও বলতে চাচ্ছিলে?’

‘হ্যাঁ, তাকেও বলতে চাচ্ছিলাম। ঝগড়ার সূত্রপাত তাকে নিয়েই। তুমি খেতে শুরু কর, আমি বলি। খানিকটা হাইস্কি দেই? হাইস্কি থাকলে গচ্ছ শুনে আরাম পাবে।’

মনসুর কৌতুহলী হয়ে তাকালেন।

‘তোমার মনে আছে বোধহয়, আলতাফের বাসায় আমি একটা তেলাপোকা মেরেছিলাম। আলতাফ তাতে দুঃখিত হয়েছিল।’

‘আলতাফ দুঃখিত হয়েছিল কি-না জানি না, তুমি তেলাপোকা মেরেছিলে তা মনে আছে।’

‘বাসায় ফিরলাম, শরীর কেমন ধিন ধিন করতে লাগল। সারাক্ষণ মনে হতে লাগল জুতার নিচে তেলাপোকার রক্ত-মাংস লেগে আছে। প্রথমেই কাজের ছেলেটিকে দিয়ে জুতা ধূয়ালাম। আমার মনে হল, সে ঠিকমত ধোয়নি। সাধান দিয়ে নিজে ধূলাম। মনে হল, সর্বনাশ হয়েছে! আমার হাতে রক্ত লেগে গেছে। গোসল করলাম। ভাবটা দূর হল না। শরীর ধিন ধিন করতে লাগল।

রাতে ভাত খেতে পারলাম না। রেবেকা ফিরল রাত দশটায়। ততক্ষণে আমার প্রায় মাথা-খারাপের মত হয়ে গেছে। আমার ধারণা হয়ে গেছে, তেলাপোকার রক্ত-মাংস সারা বাড়িতে ছড়িয়ে পড়েছে। দুঃজন কাজের লোককেই ঘর মুছতে লাগিয়ে দিয়েছি। বালতি ভর্তি পানিতে ডেটল গুলে ওরা যেকো ন্যাকড়া দিয়ে মুছছে এবং অবাক হয়ে আমার দিকে তাকাচ্ছে। রেবেকা ঘরে চুক্তে বলল, কি হয়েছে?

আমি ব্যাপারটা ব্যাখ্যা করলাম। ব্যাখ্যা করার সময় বুকলাম, আমি নিতান্ত বোকার মত কথা বলছি। না, বোকা না, পাগলের মত কথা বলছি।

রেবেকা বলল, তুমি নিওরোটিক পেশেন্টের মত আচরণ করছ।

আমি বললাম, আমি যোটেই নিওরোটিক পেশেন্টের মত আচরণ করছি না। আমি যা অনুভব করছি তা বলছি।

রেবেকা কাজের লোক দুটিকে ধোয়াধূয়ি বন্ধ করতে বলল। ঝগড়া শুরু হল

এই পর্যায়ে। কুৎসিত ঝগড়া। আমি একেবারে তুই-তোকারির পর্যায়ে চলে গেলাম। চিৎকার করে বলতে লাগলাম — তোর সঙ্গে বাস করে আমি নিওরোটিক পেশেন্ট হয়েছি। বুঝেছিস? তোর ধৰ্মথবে শাদা গায়ের রঙের জন্যে তো তোর খুব অহংকার। এই শাদা রঙের জন্যে তোকে দেখায় শাদা তেলাপোকার মত। শাদা তেলাপোকা কখনো দেখেছিস? এরা থাকে কমোডের ভেতরে। তোর গায়েও তেলাপোকার মতই গন্ধ। তার পরেও কিছু বলি না। সহ্য করি।

রেবেকা আমার কথাবার্তা শুনে হতভয় হয়ে গেল। এক পর্যায়ে বলল — তোমার দুমানো দরকার। আমি পেথিজ্বিন ইনজেক্ষনের একটা এস্পুল রেখে যাচ্ছি। ইসমাইলকে বললেই সে তোমার শরীরে পুশ করে দেবে। আমি চলে যাচ্ছি।

এর উভয়ে আমি আরো সব কুৎসিত কথা বলতে লাগলাম। এমন সব কুৎসিত কথা যে, তুমি শুনলে তিনতলা থেকে লাফ দিয়ে নিচে পড়ে যাবে। উদাহরণ দেব? শুনতে চাও?

‘না, শুনতে চাই না।’

‘শুনতে না চাওয়াই ভাল।’

মনসুর বললেন, তুমি মদ্যপানটা মনে হয় বেশি করছ?

‘তা ঠিক, বেশিই করছি। আমার অবস্থায় পড়লে তুমি বাথটাবে মদ ভর্তি করে তার ভেতরে শুয়ে থাকতে। আসল স্টোরিটা শোন। আসল স্টোরিতে এখনো আসিনি।’

‘বল আসল স্টোরি।’

‘রেবেকা রাতেই চলে গেল। আমি কাজের লোক দুটিকে বললাম, তোমরা ননস্টপ ঘর মুছে যাও। আমি না বলা পর্যন্ত থামবে না। তারপর হাইস্কুল একটা বেতাল নিয়ে বসলাম। তুমি ভাল করেই জান আমি প্রফেশনাল মাতাল নই। বিদেশে পড়াশোনার জন্যে যখন গিয়েছিলাম তখন মাঝে-মধ্যে খেতাম। দেশে এসে ছেড়ে দিয়েছিলাম। ইদানিং কখনো কখনো খাওয়া হয়। তা-ও যখন বন্ধু-বান্ধব আসে, তখন। যাই হোক, রাত একটার ভেতর ২৫০ মিলিলিটারের স্কচ হাইস্কুল একটা পুরো বোতল শেষ করে ফেললাম। মাতাল হলাম না। শুধু অনুভব করলাম, মাঝটা ফাঁকা হয়ে যাচ্ছে। আমি নিজেও সাবানের বড় একটা ফেনা হয়ে গেছি। বাতাসে ভাসতে শুরু করেছি। হার্ড লিকার চার পেগের বেশি আমি খেতে পারি না। আমার বমি-ভাব হয়। পুরো বোতল খেয়েও আমার কিছু হল না। শুধু বাথরুম পেতে লাগল। আমার তখন বাথরুমে যেতেও ইচ্ছা করছে না। মনে হচ্ছে চেয়ারে বসেই

কাজ সেরে ফেলি। মেঝে তো ধোয়া হচ্ছেই। যাই হোক, বাথরুমে গেলাম। এই অংশটা মন দিয়ে শোন —। খুব মন দিয়ে শুনবে।'

'আমি তোমার সব অংশই মন দিয়ে শুনছি।'

'এই অংশটা অনেক বেশি এটেনশন দিয়ে শুনতে হবে। বাথরুমে ঢুকেছি। বাতি জ্বালিয়ে দরজা বন্ধ করতেই এক থরনের হাফিং সাউন্ড হতে লাগল। যেন লক্ষ কোটি কোটি মানুষ খুব নিচু গলায় কথা বলছে। লো ফ্রিকোয়েন্সি সাউন্ড আসছে কমোডের ভেতর থেকে। আমি অবাক হয়ে কমোডের কাছে গিয়ে নিচু হয়ে তাকাতেই গায়ের সমস্ত রক্ত জমে গেল। দেখি, কমোডভর্টি তেলাপোকা। তারপর দেখি শুধু কমোড নয়, বাথরুমের মেঝে থিক্যিক্ করছে পোকায়। অথচ ঘরে ঢোকার সময় ছিল না। কখন এল? কোথাকে এল? হঠাৎ দেখি পোকারা আমার গা বেয়ে ওঠার চেষ্টা করছে। অন্য যে-কেউ হলে অজ্ঞান হয়ে পড়ে যেত। আমি বুঝলাম — অতিরিক্ত মদ্যপানের জন্যে আমার হেলুসিনেশন হচ্ছে। আসলে কোন পোকা নেই কিন্তু আমার মস্তিষ্ক পোকা দেখছে। বাথরুমের দেয়ালগুলি একটু আগেই শাদা দেখেছি — এখন দেখি ব্রাউন রঙ। তেলাপোকায় দেয়াল দেকে গেছে। আমি তখন এদের কথাও শুনতে পেলাম। পরিষ্কার শুনলাম — এরা বলছে ... ?'

'কি বলছে?'

'কি বলছে তা তোমাকে বলতে চাচ্ছ না। কারণ ওরা তো আসলে কিছু বলছে না। যা বলার আমার মস্তিষ্কই আমাকে বলছে। যাই হোক, আমি কি করলাম শোন। বাথরুম থেকে বের হয়ে এলাম। আমার গা-ভর্টি তেলাপোকা। এদের নিয়েই বের হয়েছি। কাজের লোক দুঁটি তখনও মেঝে ঘসে যাচ্ছে। আমি তাদের সামনে দাঁড়িয়ে বললাম — তোমরা কি আমার গায়ে তেলাপোকা দেখতে পাচ্ছ? ওরা ভয়ে ভয়ে বলল, ছি না স্যার। আমি বললাম, তাহলে যাও, ইসমাইলকে ডেকে আন। আমাকে পেথিড্রিন ইনজেক্শন নিতে হবে। ইসমাইল এসে আমাকে পেথিড্রিন ইনজেক্শন দিল। আমার ঘূম ভাঙল পরদিন দুপুর দুটায়। আমি তখন পুরোপুরি সুস্থ। তেলাপোকা ব্যাপারটা আর মাথায় নেই।'

'এই তোমার গল্প?'

'হ্যাঁ।'

'আলতাফকে এই গল্প শুনাতে চাছিলে কেন?

'ওর কারণে এই ব্যাপারটা আমার মাথায় ঢুকে গেছে বলেই ওকে শুনাতে

চাছিলাম। আমার ইচ্ছা ছিল — ওকে বলব যেন পোকা নিয়ে সে আর কখনো কারো সঙ্গে কোন কথা না বলে। এই হাস্যকর ব্যাপারটা যেন সে আর কারো মাথায় ঢুকিয়ে না দেয়।'

মনসুর বললেন, ব্যাপারটা তোমার মাথা থেকে পূরোপূরি দূর হয়েছে?

'হ্যাঁ, হয়েছে। তবে আমি পোকা নিয়ে খুব ভাবতে শুরু করেছি। অন্য এক দৃষ্টিভঙ্গিতে এদের দেখার চেষ্টা করছি।'

'অন্য দৃষ্টিভঙ্গি মানে?'

'ওদের প্রতি একটা সিমপেথিটিক এটিচুড় তৈরি হয়েছে।'

মনসুর গভীর হয়ে বললেন, সিমপেথিটিক এটিচুড়ের ব্যাপারটা বুঝলাম না।

ওসমান গলা নিচু করে বললেন, আমার কেন জানি মনে হচ্ছে আলতাফের কথা সত্যি হতেও পারে। পোকাদের কিছু স্ট্রেঞ্জ ব্যাপার আছে, যা থেকে ধারণা করা অস্বাভাবিক না যে এদের বুদ্ধি আছে, ভালভাবেই আছে। যেমন খবর, যখন কোন বিশেষ জ্ঞানগায় আণবিক বোমার টেস্টিং হয় তখন যে জ্ঞানগায় এই টেস্টিং করা হয় তার এক মাইলের ডেতের কোন পোকা-মাকড় বিশেষ করে তেলাপোকা থাকে না। এরা মনে হয় কোন এক অস্তুতভাবে খবর পেয়ে যায় যে এখানে নিউক্লিয়ার বোমা টেস্টিং হবে। খবর পেয়ে সরে পড়ে। ইন্টারেস্টিং না?

'সত্যি হয়ে থাকলে ইন্টারেস্টিং।'

'হিরোশিমা এবং নাগাশাকিতে আণবিক বোমা ফাটার পর এর আশেপাশের অঞ্চলগুলি তেলাপোকায় ছেয়ে গিয়েছিল। আমার ধারণা, এরা এসেছে হিরোশিমা ও নাগাশাকি থেকে। এরা বুঝে গিয়েছিল এখানে বোমা ফাটবে, কাজেই সরে গিয়েছিল।'

'এই খবর পেলে কোথায়?'

'কোথায় যেন পড়েছিলাম।'

'সত্যি?'

'সত্যি তো বটেই। সমুদ্রগামী জাহাজ থেকে হঠাৎ দেখা যায় ইন্দুর আর তেলাপোকা নেমে পড়েছে। তখন বুবতে হবে জাহাজটা পানিতে ডুবে যাবে বা এই জাতীয় কিছু-একটা হবে। এরা খবরটা পায় কিভাবে?'

মনসুর বললেন তুমি বলতে ঢাঙ্গ পোকাদের বুদ্ধি আছে। তারা ইন্টেলিজেন্ট।

'নিশ্চিত করে কিছু বলছি না, তবে সম্ভাবনা উড়িয়ে দিচ্ছি না।'

'একসময় তুমিই কিন্তু বলেছ ওদের মন্তিষ্ক নেই। কাজেই বুদ্ধি থাকবে না।'

এখন অন্য কথা বলছ।’

‘তা বলছি। এখন কালেকটিভ ইন্টেলিজেন্সের কথা মাথায় আসছে। অর্থাৎ আলাদা-আলাদাভাবে এক একটা পোকা বুদ্ধিমান নয় — কিন্তু তাদের সবাইকে একত্র করলে তারা বুদ্ধিমান। প্রচণ্ড বুদ্ধিমান। এত বুদ্ধিমান যে এরা মানুষকে ব্যবহার করছে। মানুষ তা-ই বুঝতে পারছে না। মানুষ এদের হাতে খুবই অসহায়।’

‘পোকাদের হাতে মানুষ অসহায়?’

‘হ্যাঁ অসহায়। পঙ্গপালের কথা ভেবে দেখ। পঙ্গপালের অ্যক্রমণ ঠেকানোর কোন বুদ্ধি কি মানুষের আছে? মেশিনগান দিয়ে ঠেকাবে? পৃথিবীতে বিউবোনিক প্লেগ ছড়িয়েছিল ইদুর। ১৩৪৭ থেকে ১৩৫১ — এই পাঁচ বছরে প্লেগে সারা পৃথিবীতে মানুষ মারা গেছে ৭৫ মিলিয়ন। উনবিংশ শতাব্দীতেও বিউবোনিক প্লেগ হল — মানুষ মারা গেল ২০ মিলিয়ন। যেমন হঠাতে করে অসুখটা এসেছিল তেমনি হঠাতে করে চলে গিয়েছে। আমার এখন মনে হচ্ছে, এইগুলি পোকাদের সাবধানবাণী। পোকারা মানুষদের সাবধান করে দিচ্ছে। তারা বলছে — হে মানব সম্প্রদায়, সাবধান। আমরা কিন্তু ইচ্ছা করলেই তোমাদের শেষ করে দিতে পারি। তোমাদের অতি আধুনিক জ্ঞান-বিজ্ঞান কোন কাজেই লাগবে না।’

মনসুর সিগারেট ধরাতে ধরাতে বললেন, এদের ক্ষমতা থাকলে মানুষকে এরা শেষ করে দিচ্ছে না কেন? মানুষ তো নানানভাবে এদের বিরুদ্ধে করছে। ইনসেকটিসাইড ছড়াচ্ছে — পোকা-মাকড় মারার কত কায়দা-কৌশল বের করছে। পোকাদের যদি এইই বুদ্ধি তাহলে ওরা চুপ কেন?

ওসমান গলার স্বর নিচু করে বললেন, এই বিষয়েও আমার একটা হাইপোথিসিস আছে। মানুষকে এরা শেষ করছে না, কারণ মানুষকে তাদের প্রয়োজন। মানুষের টেকনোলজি প্রয়োজন। শুধুমাত্র মানুষেরই ক্ষমতা আছে মহাশূন্য জয় করার। মানুষ একদিন সৌরজগতের বাইরেও পা বাঢ়াবে, কিন্তু পোকাদের এই ক্ষমতা নেই। তারা যদি পৃথিবীর বাইরে ছড়িয়ে পড়তে চায় তাহলে মানুষের সাহায্য তাদের নিতেই হবে।

‘পৃথিবীর বাইরে ছড়িয়ে পড়ার তাদের দরকার কি?’

‘দরকার আছে। বুদ্ধিমান প্রাণির লক্ষণ হল, সে চেষ্টা করবে বিশ্বব্রহ্মাণ্ডে নিজেকে ছড়িয়ে দিতে — পোকারা তাই করছে। মানুষ যখন মঙ্গলগ্রহ থেকে যাবে বৃহস্পতির উপগ্রহে, এরাও যাবে মানুষের সঙ্গে। বুঝতে পারছ?’

‘পারছি, কিন্তু তুমি কি এই হাইপোথিসিস বিশ্বাস কর?’

‘বিশ্বাস করি না — আবার অবিশ্বাসও করি না। আলতাফ নামের তোমার এই লোকটির সঙ্গে আমার কথা বলতে হবে।’

মনসুর গভীর গলায় বললেন, আলতাফের সঙ্গে তোমার কথা বলতে হবে না। কথা বলার পরিণাম তো দেখতেই পাছি। তোমার উচিত বিশ্বাস নেয়া এবং মাথা থেকে পোকা-মাকড় পুরোপুরি দূর করা। যেভাবে ইহস্কি খাচ্ছ, মনে হয় একটা কেলেংকারি করবে। যাও, ঘুমুতে যাও।

‘রাত খুব-একটা বেশি হয়নি।’

‘দুটা বাজে। দুটা অনেক রাত।’

মনসুর উঠে দাঁড়ালেন। এখনো ইলেক্ট্রিসিটি আসেনি। মনে হয় আজ রাতে আর আসবে না। বৃষ্টি থামেনি। মাঝখানে কিছুটা কমেছিল, এখন আবার মূষলধারে শুরু হয়েছে।

বাথরুম থেকে অন্তুত একটা শব্দ আসছে। কিসের শব্দ? মনসুর কৌতুহলী হয়ে উঠি দিলেন। অঙ্কুরার বাথরুম। চার্জলাইটের আলো বাথরুম পর্যন্ত পৌছেনি। তিনি পকেট থেকে দেয়াশলাই বের করলেন। দেয়াশলাই জ্বালাবার সঙ্গে সঙ্গে তাঁর সারা শরীর কেঁপে উঠল — এসব কি? হাজার হাজার কোটি কোটি পোকা তাঁর দিকে তাকিয়ে আছে। শুড় নাড়ছে। এটা কি এক ধরনের হেলুসিনেশন? অবশ্যই তাই। ওসমানের কথা শুনে তিনি প্রভাবিত হয়েছেন। আলতাফ প্রভাবিত করেছিল ওসমানকে। তাঁকে দিয়ে অন্য আরেকজন প্রভাবিত হবে। এক সময় দেখা দেবে মাস হিস্টরিয়া। দেয়াশলাইয়ের কাঠি নিভে গেছে। তিনি এখন আর কিছুই দেখছেন না, শৌ শৌ শব্দ শুনছেন।

শব্দটা কমোডের ভেতর থেকে আসছে। দেয়াশলাইয়ের আরেকটা কাঠি কি জ্বালাবেন? তাঁর সাহস হল না।



দুলারী আলতাফের মাথার কাছে বসে আছে। জ্বরে মানুষটার গা পূড়ে যাচ্ছে। খার্মোমিটার থাকলে জ্বর দেখা যেত। খার্মোমিটার নেই। জ্বর কমানোর জন্যে কিছু-একটা করা দরকার। কি করবে দুলারী বুঝতে পারছে না। দুটা প্যারাসিটামল খাওয়ানো উচিত। ঘরে কোন প্যারাসিটামল নেই। মাথায় পানি ঢালা উচিত। দোতলায় এক ফৌটা পানি নেই। পানি ঢালতে হলে বালতিতে করে একতলা থেকে নিয়ে আসতে হবে। দুলারী তাও করতো কিন্তু মানুষটা তাকে ছাড়ছে না। তার হাত ধরে বসে আছে। এত শক্ত করে হাত চেপে ধরে আছে যে হাত ব্যথা করছে।

আলতাফ শ্বীণ স্বরে ডাকল, দুলারী !

দুলারী বলল, কি ?

‘বুব খারাপ লাগছে।’

‘মাকে ডেকে আনব ?’

‘না। এখন কষ্টা বাজে দুলারী ?’

‘রাত দুটা।’

আলতাফ অনেক কষ্টে পাশ ফিরল। দুলারী বলল, বাবাকে ডেকে তুলি। বাবা তোমার জন্যে ডাঙ্গোর নিয়ে আসুক।

‘না।’

‘তুমি আমার হাতটা ছাড়, আমি তোমার জন্যে পানি নিয়ে আসি। মাথায় পানি ঢালতে হবে।’

‘না।’

‘আচ্ছা, ঠিক আছে, আমি তোমার জন্যে পানি আনতে যাচ্ছি না। তুমি এত শক্ত করে আমার হাত চেপে ধরবে না। আমার হাত ব্যথা করছে। আচ্ছা, আমার হাতটা একটু ছাড় তো, বাতি জ্বালাই। অঙ্ককারে বসে থাকতে আমার ভয়-ভয় লাগছে।’

আলতাফ দুলারীর হাত ছাড়ল না। বরং আরো শক্ত করে হাত চেপে ধরল। দুলারীর ভয়-ভয় করছে। তার হঠাৎ করে মনে হচ্ছে, তাদের খাটের নিচটা তেলাপোকায় ভর্তি হয়ে গেছে। পোকারা আলতাফকে দেখতে আসছে, আরো

আসবে। ঘৰ ভর্তি হয়ে যাবে পোকায়। কেন তার এৱকম মনে হচ্ছে সে জানে না।
আলতাফকে জিজ্ঞেস কৱলে কি কোন লাভ হবে? আলতাফ কি কিছু বলবে?

দুলারী বলল, এই শোন, শোন!

‘উঁ।’

‘ভয় লাগছে। আমার ভয় লাগছে।’

‘উঁ।’

‘আমার কেন জানি মনে হচ্ছে, খাটের নিচটা পোকায় ভর্তি হয়ে গেছে। আমার
প্রচণ্ড ভয় লাগছে।’

‘উঁ।’

‘এই দেখ শৌ শৌ শব্দ হচ্ছে। পোকারা কি এৱকম শব্দ কৰে?’


‘উঁ।’

‘এৱকম উ উ কৰবে না। শূনতে বিশ্বী লাগছে। হাতটা ছাড়, আমি বাতি
জ্বালাব।’

‘না।’

দুলারী প্রায় জ্বোর কৰে আলতাফের হাত ছাড়িয়ে দিল। বাতি জ্বাললো। উকি
দিল খাটের নিচে। সারি সারি তেলাপোকা চুপচাপ অপেক্ষা কৰছে। একটিও নড়ছে
না। দুলারী বলল, যা! যা! এতেও কিছু হল না। আলতাফ ক্লান্ত গলায় বলল, এৱা
যাবে না। এৱা থাকবে। তুমি এদের কিছু বলো না। বাতি নিভিয়ে দাও।

দুলারী বাতি নেভাল। তার কান্না পাছে। সে কি কৰবে বুঝতে পারছে না। এত
ৱাতে বাবা-মা'কে ঘুম থেকে ডেকে তুলতে ইচ্ছা কৰছে না।



ভোরবেলাতেই বজলুর রহমান হেমিওপ্যাথ ডাক্তার বিধু বাবুর দরজার কড়া নাড়তে লাগলেন। দুলারীর কাছ থেকে খবর পেয়েছেন আলতাফের জ্বর। সারারাতই না-কি জ্বর গেছে। এখন খুব বাঢ়ছে। ডাক্তার না ডাকলেই নয়।

অনেকক্ষণ কড়া নাড়ার পর বিধু বাবু দরজা খুলে হাসিমুখে বললেন, তোমার মাছের কাঁটার অবস্থা কি?

বজলুর রহমান হতভয় হয়ে বললেন, কি বলছ তুমি! সে তো বৃটিশ আমলের কথা। আমার গলা থেকে তো কবেই কাঁটা গেছে, এখন তোমার মাথায় বিধে আছে। কাঁটা বিধা মাথা নিয়ে ডাক্তারি কর কিভাবে? যাই হোক, তুমি আস আমার সঙ্গে। আলতাফকে দেখবে।

‘ওর কি হয়েছে? গলায় কাঁটা?’

‘গলায় কাঁটার ব্যাপারটা মাথা থেকে দূর কর। ওর জ্বর।’

‘চল দেখি।’

বিধু বাবু আলতাফের কপালে হাত দিয়েই থায় লাফিয়ে উঠার জোগাড় করলেন — সর্বনাশ! এ তো অনেক জ্বর! রাগে বজলুর রহমানের গা জ্বলে গেল। অনেক জ্বর বলেই তো ডাক্তার ভেকে আন। কুসুম-কুসুম জ্বর হলে কে আনতো?

বিধু বাবু রোগিকে দেখে-টেখে শুকনো গলায় বললেন — অবস্থা তো কেমন-কেমন মনে হচ্ছে — ইয়ে। বজলুর রহমান বললেন, ইয়েটা কি?

‘না মানে হাসপাতালে নিয়ে যাওয়াই ভাল। জ্বর খুব বেশি।

বজলুর রহমানের ইচ্ছা হল, বিধু বাবুকে থেরে একটা আছাড় দেন। এম্বি মুখে বড় বড় কথা — ক্যানসার সারাই, হাঁপানি সারাই, এইড্স রোগ সারাই। আর সামান্য একটু জ্বর দেখে মুখ শুকিয়ে আমশি! ধাক্কা দিয়ে দোতলার বারান্দা থেকে নিচে ফেলা দেয়া উচিত।

তিনি তা করলেন না। নিজেকে সামলালেন। অনেক কাজ আছে। কাজগুলি আগে শেষ করা দরকার। যেমন আলতাফের অফিসে ফাইলটা দিয়ে আসতে হবে। প্রতিমাসে ঠিক সময় ইলেকট্রিসিটি বিল দেয়ার পরেও তাঁর ঘরে ইলেকট্রিসিটির

লাইন কেন কেটে দিল সেই খোজটাও নেয়া দরকার। আলতাফকে হাসপাতালে নিতেই যদি হয়, সন্ধ্যার দিকে নিলেই হবে।

বজলুর রহমান আলতাফের অফিসের ফাইল বগলে নিয়ে প্রথমে আলতাফের কাছে গেলেন। অফিসের ঠিকানাটি দরকার। আলতাফ ঠিকানা বলল, বেশ ভালভাবেই বলল। অফিসটা কোন জায়গায় বুঝিয়েও দিল।

এটা একটা ভাল লক্ষণ। জ্বরে আলতাফের মাথা খারাপ হয়ে যায়নি। বেশি জ্বর উঠলে মাথা-খারাপের ঘত হয়ে যায়।

‘আলতাফ !’

‘ছ্বি !’

‘তোর ফাইলটা দিয়ে আসি।’

‘আচ্ছা।’

‘তোর বড় সাহেবকে বুঝিয়ে বলব যে, বাই মিস্টেক তুই ফাইলটা নিয়ে চলে এসেছিলি।’

‘আচ্ছা।’

‘উনাকে রিকোয়েন্ট করব যাতে ভুলটা বড় করে না দেখেন। শানুষমাত্রই ভুল করে। ভুল করাই মানবধর্ম।’

‘ছ্বি আচ্ছা।’

‘তুই চিন্তা করিস না। শুয়ে থাক। দুলারী তোর মাথায় পানি ঢালুক।’

‘ছ্বি আচ্ছা।’

‘হাসপাতালে যদি নিতেই হয়, সন্ধ্যার দিকে নিয়ে যাব।’

‘ছ্বি আচ্ছা।’

‘তুই কি কিছু বলবি ?’

আলতাফ বিড় বিড় করে বলল, সবাই আসতে শুরু করেছে, মামা।

‘কি বললি ?’

‘পোকারা আসতে শুরু করেছে।’

‘বুঝতে পারছি না — পরিষ্কার করে বল কে আসছে ?’

‘পোকারা আসছে।’

‘আসুক না, অসুবিধা কি ?’

‘ওরা আমাকে খেয়ে ফেলার জন্যে আসছে মামা।’

‘তোকে খাবে কেন ? ওদের কি খাওয়ার অভাব পড়েছে ?’

‘আমাকে ওরা পছন্দ করে তো মায়া, এই জন্যেই খেয়ে ফেলবে।’

‘পছন্দ করলেই খেয়ে ফেলতে হবে? আমি তোকে পছন্দ না করলেও তুই তো আমাকে পছন্দ করিস। তাই বলে কি তুই আমাকে খেয়ে ফেলেছিস, না খাওয়ার কথা চিন্ত করছিস?’

‘পোকাদের চিন্তাভাবনা তো মানুষের মতো না মায়া। ওরা অন্যভাবে চিন্তা করে।’

‘করুক অন্যভাবে চিন্তা। তুই ভাবিস না।’

‘আমার ভয় লাগছে মায়া। দূর দূর থেকে পোকারা আসতে শুরু করেছে।’

বজ্জ্বলুর রহমান সাম্মান স্বরে বললেন, তুই কোন চিন্তা করিস না। তোকে খেয়ে ফেলবে বললেই হল? আমরা আছি কি জন্যে? দরকার হলে ঘরের চারকোণায় DDT পাউডার দেব। DDT পাউডার মারাত্মক জিনিস — পোকার বাবাও আসতে পারবে না। তুই তোখ বঙ্গ করে শুয়ে থাক — মোটেও চিন্তা করবি না।

‘ছি আচ্ছা।’

বজ্জ্বলুর রহমান ব্যাপারটাতে তেমন গুরুত্ব দিলেন না। জ্বর বেশি বাড়লে লোকজন অস্থিলগ্ন কথা বলে। আলতাফ তাই করছে। বজ্জ্বলুর রহমান ফাইল হাতে অফিসের দিকে রওনা হলেন।



‘আমার মাম বজলুর রহমান। আমি আলতাফ হোসেনের মামা।’

‘ও আছা। যসুন।’

‘আমি স্যার ফাইলটা নিয়ে এসেছি।’

মনসুর সাহেব অবাক হয়ে বললেন, কি ফাইল?

‘একটা জরুরি ফাইল যে আপনি আলতাফকে দিয়েছিলেন, ফাইলটা হারিয়ে গিয়েছিল — ঐ ফাইল।’

মনসুর সাহেব অবাক হয়ে বললেন, সেই ফাইল আপনি কোথায় পেলেন?

‘গাধাটা বাসায় নিয়ে গিয়েছিল। তারপর ভুলে গেছে। এ রকম যে হবে জানা কথা।’

‘আপনাকে অসংখ্য ধন্যবাদ। ফাইলটা হারালে আমাদের খুব ক্ষতি হয়ে যেত।’

বজলুর রহমান বললেন, আলতাফের মত লোক যখন আছে তখন ভবিষ্যতে আরো অনেক ক্ষতি হবে। করবেন কি! উপায় তো কিছু নেই।

‘চা খান।’

‘চা খাব না। চলে যাব। ফাইলটা পোছে দিতে এসেছিলাম। দিলাম। ঐ দিন তো আপনিই আমার বাসায় গিয়েছিলেন?’

‘জি।’

‘আপনি যে বড় সাহেব দেখে মনেই হয় না। আপনাকে একটা জরুরি কথা বলি — আলতাফকে কখনো গুরুত্বপূর্ণ কোন কাজ দেবেন না। এলেবেলে ধরনের কাজ দেবেন। সে সুন্দর করে করবে। গুরুত্বপূর্ণ কাজ দিয়েছেন কি ভজঘট করে ফেলবে। মাথা ঠিক নেই তো।’

‘মাথার ঠিক নেই?’

‘জি—না। ছোটবেলায় তার মাকে পোকায় খেয়ে ফেলল — সেই থেকে মাথাটা খারাপ। সারাক্ষণ পোকা-পোকা করে।’

‘উনার মাকে পোকায় খেয়ে ফেলেছিল না—কি?’

‘জি। সে এক ভয়াবহ দৃশ্য! বলতে গেলে শশার মত কচকচ করে খেয়ে ফেলেছে। আপনাকে আর বলতে চাই না। বললে হয়ত দুপুরে ভাত খেতে পারবেন

না। স্যার, উঠি তাহলে ?'

'উঠবেন ?'

'উপায় নেই স্যার, উঠতেই হবে। আলতাফের জুর। ভুল বকছে। বলছে —
পোকা আসছে — খেয়ে ফেলবে — এইসব হাবিজাবি। তাকে হাসপাতালে নেয়া
দরকার !'

'জুর তাহলে খুব বেশি ?'

'বেশি মানে ? বগলের নিচে থার্মোমিটার দিলে — থার্মোমিটারে আগুন থাবে
এমন অবস্থা। স্যার, তাহলে ইজাজত দেন — বিদায় নেই। ঐদিন বাসায়
গিয়েছিলেন, চিনতে পারিনি। তেমন সমাদর করতে পারিনি। আরেকবার যদি
আসেন — বড় খুশি হব ?'

'আচ্ছা, যাব আরেকবার !'

মনসুর সাহেব অবাক হয়ে ফাইলটার দিকে তাকিয়ে আছেন। ভয়ংকর রাগ হওয়া
উচিত। লোকটা এরকম একটা কাজ করে কি করে ? আর করার পরেও নির্বিকার
থাকে কিভাবে ? আশ্চর্যের ব্যাপার, আলতাফের উপর তাঁর কোন রাগ লাগছে না।
বরং প্রচণ্ড রকম মায়া হচ্ছে। তিনি পরিষ্কার বুঝতে পারছেন — আলতাফ এই
ফাইল বাসায় নিয়ে যায়নি। গনি নিয়ে গেছে। গনি যে একটা বাজারের ব্যাগে ভরে
ফাইল নিয়ে গেছে, তা-ও তিনি জানেন। কিভাবে জানেন ? কে তাকে বলল ? কেউ
তো বলেনি। গনি ঐ বাড়িতে কি কি কথা বলেছে তা-ও তিনি জানেন। এটা কিভাবে
হয় ? সকাল দশটায় ঐ বাড়িতে গনির একটা কাজের মেয়ে দিয়ে আসার কথা। সে
কি দিয়ে এসেছে ?

মনসুর সাহেব বেল টিপে বেয়ারাকে ডাকলেন, সহজ স্বরে বললেন, গনি
সাহেবকে আসতে বল।

গনি আসুক। তার সঙ্গে কথা বলতে হবে।

'স্নায়ালিকুম স্যার। আমাকে ডেকেছেন ?'

'বসুন গনি সাহেব। ভাল আছেন ?'

'জু স্যার, ভাল !'

'বসুন, দাঁড়িয়ে আছেন কেন ?'

গনি বসলেন। মনসুর সাহেব হাই তুলতে তুলতে বললেন, চা বা কফি কিছু
খাবেন ?

‘চা একটু খেতে পারি স্যার। ঐদিন ঠাণ্ডা লেগে ঝুকে কফ বসে গেছে। গরম চা খেলে ভাল লাগবে। দুধ যেন না দেয় স্যার। আমাকে একজন বলেছে — চায়ের মধ্যে দুধ বিষের মত কাজ করে।’

মনসুর সাহেব গনির চায়ে দুধ দিতে নিষেধ করলেন। তারপর ঝুকে এসে বললেন, ঐদিন আপনি আলতাফের বাসায় গিয়েছিলেন?

গনি হক্কিয়ে গেলেন কিন্তু নিজেকে সাধলে নিলেন। সহজভাবে বললেন, জি স্যার?

‘সঙ্গে একটা বাজারের ব্যাগ নিয়ে গিয়েছিলেন?’

‘জি স্যার।’

‘ব্যাগে কি ছিল?’

‘কিছু ছিল না স্যার।’

‘আলতাফ সাহেবের বাসায় সকাল দশটার ভেতর একটা কাজের লোক দেয়ার কথা ছিল। কই, দেননি তো।’

গনি অস্থির বোধ করছেন। এই লোকটা এত কিছু জানে কোথেকে? কে বলেছে?

‘কি, কথা বলছেন না কেন? সকাল দশটায় একজনকে দেয়ার কথা না?’

‘যাকে দেব বলেছিলাম সে গতরাতে হঠাত বরিশাল চলে গেছে। আমার স্ত্রীকে বলেছে — ভাইয়ের অসুখের খবর পেয়ে যাচ্ছে। আসলে ভাওতাবাজি। আমি থাকলে যেতে পারত না।’

চা এসে গেছে। মনসুর সাহেব চায়ে চুমুক দিতে দিতে বললেন, না, ভাওতাবাজি না। ঐ মেঘেটার নাম পারুল। পারুলের ভাইয়ের আসলেই খুব অসুখ।

গনি খতমত গলায় বলল, আপনি কি করে জানেন?

মনসুর সাহেব শীতল গলায় বললেন, আমি সবকিছুই জানি।

এটি পুরোপুরি সত্য। মনসুর সহেবের শরীর কাঁপছে। গা ঝিম ঝিম করছে। আসলেই তিনি কোথায় কি ঘটছে সব জানেন। এই তো এখন ওসমানকে দেখতে পাচ্ছেন। সে বারান্দায় ইঞ্জিচেয়ারে বসে পা দুলাচ্ছে। ওসমানের হাতে একটা বই। বইটার নাম Winter of discontent. ব্যাপারটা সত্য না যিথ্যা এক্সুণি বের করা যায়। ওসমানকে টেলিফোন করলেই হয়।

কে তাকে সব জানাচ্ছে? পোকারা জানাচ্ছে? পোকারা কি ঘটছে তা বলে দিচ্ছে?

গনি সাহেব ফ্যাসফ্যাসে গলায় বললেন, স্যার, আমি একটা ভুল করেছি।
আপনার কাছে ক্ষমা চাই স্যার।

‘যান, ক্ষমা করা হল। তা শেষ না করে চলে যাচ্ছেন কেন? তা শেষ করুন,
তারপর যান। গনি সাহেব চুক্ত চুক্ত করে তা খাচ্ছেন। মনসুর সাহেব টেলিফোন
করলেন ওসমানকে।

‘কি করছ ওসমান?’

‘বারাদ্দায় বসে আছি। কিছু করছি না।’

‘বই পড়ছ না?’

‘বই হাতে নিয়ে বসে আছি, পড়ছি না।’

‘বইটার নাম কি?’

‘Winter of discontent.’

সঙ্গ্য সাতটার মত বাজে। অফিসের দারোয়ানের এবং মনসুর সাহেবের একজন
পিওন ছাড়া আর কেউ নেই। মনসুর সাহেব দরজা বন্ধ করে ভেতরে বসে আছেন।
তাঁর ঘর অঙ্ককার। তাঁর বেয়ারা কিছুটা ভয় পাচ্ছে। স্যারের কি হয়েছে? এই
অঙ্ককারের ঘরে তিনি বাতি নিভিয়ে বসে আছেন কেন?

তিনি করছেন কি? দেখার বা জানার উপায় নেই। কারণ দরজা ভেতর থেকে
বন্ধ। ছিটকিনি লাগিয়ে দেয়। এয়ারকুলার চলছে না। ঘাথার ওপর ফ্যানও ঘুরছে
না। ঘরের ভেতরটা অসহ্য গরম। তবে গরমে মনসুর সাহেবের খারাপ লাগছে না।

মনসুর সাহেবের ঘর নিকষ অঙ্ককার। এই অঙ্ককারে তিনি চেয়ারে পা তুলে
চূপচাপ বসে আছেন। নিজিকে কিছু প্রশ্ন করছেন — এবং প্রশ্নের উত্তর পাচ্ছেন।

মনসুর : আমি আমার এই অস্তুত ক্ষমতা লক্ষ্য করছি। কোথায় কি ঘটেছে
আমি সঙ্গে সঙ্গে ধরতে পারছি। ছবির মত দেখছি। এর মানে কি?

উত্তর : তোমার চেতনার বিস্তৃতি ঘটেছে। তোমার চেতনা ছড়িয়ে পড়েছে
পৃথিবীময়।

মনসুর : এই চেতনার বিস্তৃতি তো আপনা-আপনি ঘটার কথা না। কেন
ঘটল?

উত্তর : আমরা সাহায্য করেছি বলে ঘটল।

মনসুর : তোমরা কারা?

উত্তর : আমরা অতি ক্ষুদ্র প্রাণি। তোমরা যাদের পোকা বল, আমরা
তাই। আমাদের এককভাবে কেন বুদ্ধি নেই, কিন্তু আমাদের

- সমষ্টিগত বুদ্ধি সীমাহীন। বুদ্ধি মানেই ক্ষমতা। তোমাকে আমাদের
সেই ক্ষমতার কিছুটা দেখালাম। কেমন দেখলে আমাদের ক্ষমতা?
- মনসুর : তোমাদের ক্ষমতা যদি থেকে থাকে তাহলে তা অবশ্যই
বিস্ময়কর।
- উত্তর : এখনো যদি বলছ? এখনো অবিশ্বাস?
- মনসুর : হ্যাঁ, অবিশ্বাস। আমার ধারণা, পুরো ব্যাপারটাই আমার উত্তপ্ত
মন্তিক্রের কল্পনা।
- উত্তর : আমাদের ক্ষমতার আরেকটা নমুনা তোমাকে দেখাই — তাহলে
হয়ত তোমার বিশ্বাস হবে।
- মনসুর : আমার বিশ্বাসের জন্যে তোমরা এত ব্যস্ত কেন?
- উত্তর : আমরা খুবই ব্যস্ত, কারণ তোমাকে আমাদের পছন্দ হয়েছে।
যদের আমরা পছন্দ করি তাদের আমরা খেয়ে ফেলি। হি হি হি।
- মনসুর : আচ্ছা, মানুষ কি তোমাদের শক্তি?
- উত্তর : মানুষ আমাদের শক্তও না, বন্ধুও না। মানুষ এবং পোকা-মাকড়
হচ্ছে প্রকৃতির ক্ষুদ্র পরীক্ষার অতি ক্ষুদ্র একটা অংশ।
- মনসুর : সেটা কি রকম?
- উত্তর : প্রকৃতি দেখতে চেয়েছিল — কোন প্রাণি শ্রেষ্ঠ? সমষ্টিগত বুদ্ধি
যদের তারা শ্রেষ্ঠ, না একক বুদ্ধির প্রাণি মানুষ শ্রেষ্ঠ।
- মনসুর : প্রকৃতি কি দেখল?
- উত্তর : আমরা জানি না, কারণ প্রকৃতি প্রশ্নের জবাব দেয় না।
- মনসুর : মানুষ একক বুদ্ধির প্রাণি হলেও তার বুদ্ধির একটি সমষ্টিগত দিক
আছে। সে অন্যের জ্ঞান গ্রহণ করে।
- উত্তর : তা ঠিক, কিন্তু সে একই সঙ্গে সমস্ত জ্ঞান ধারণ করতে পারে না।
এটা ভয়াবহ সীমাবদ্ধতা। মানুষ এই সীমা জানে না বলেই
সীমাবদ্ধতা জানে না।
- মনসুর : পোকারা কি এটা জানে?
- উত্তর : জানে এবং পোকারা এমন অনেক কিছু জানে যা মানুষ এখনো
কল্পনাও করতে পারে না।
- মনসুর : আমাকে কি তা বলা যাবে?
- উত্তর : হ্যাঁ, বলা যাবে। কিন্তু তোমার মন্তিক তা ধারণ করতে পারবে না।

মনসুর একক মন্তিক্ষের জন্যে এই জ্ঞান অনেক বেশি ভারী।
মনসুর : আমি জানতে চাই।
উত্তর : কি জানতে চাও?
মনসুর : সবকিছু জানতে চাই।
উত্তর : মূল প্রশ্নের উত্তরটি জানলেই অনেক জানা হবে।
মনসুর : মূল প্রশ্ন কি?
উত্তর : 'প্রাণ' কি? কেন প্রাণ সৃষ্টি হল?
মনসুর : হ্যাঁ বল — আমাকে বল — What is life?
উত্তর : সত্য জানতে চাও?
মনসুর : চাই। অবশ্যই চাই।
উত্তর : আরো তো প্রশ্ন আছে, সেসবের উত্তর চাও না? যেমন — তুমি
কে? তুমি কোথেকে এসেছ? তুমি কোথায় যাচ্ছ?
মনসুর : হ্যাঁ চাই, উত্তর জানতে চাই।
উত্তর : 'সময়' কি তা কি জানতে চাও? এই 'পরিবীর সবচে' রহস্যময়
ব্যাপার হল সময়। সময়টা কি জানতে চাও না?
মনসুর : চাই।
উত্তর : আমরা যা জানি সবই তোমাকে জানাব। তোমাকে আমরা
আমাদের একজন করে নেব।
মনসুর : তা কিভাবে সম্ভব?
উত্তর : সম্ভব। খুবই সম্ভব। আমরা তোমাকে ছড়িয়ে দেব আমাদের
মধ্যে। আগেই তো বলেছি যাকে আমরা পছন্দ করি তাকে আমরা
ছড়িয়ে দেই নিজেদের মধ্যে।
মনসুর : তোমরা তাকে মেরে ফেল?
উত্তর : প্রাণ কি তা তোমরা জান না বলেই এই কথা বললে। প্রাণ কি
জানা থাকলে বুঝতে যে প্রাণের বিনাশ নেই — ক্লপান্তর আছে।
মনসুর : মানুষ থেকে আমি পোকা হব?
উত্তর : শক্তি কি?

মনসুর সাহেব লক্ষ্য করলেন, তাঁর ঘরভর্তি পোকা। একটি-দুটি নয়, হাজারে
হাজারে পোকা। লক্ষ কোটি পোকা কিলবিল করছে।

তিনি দরজা খুলে বের হতে চাইলেন। দরজা খুঁজে পেলেন না। তেলাপোকা সমস্ত দরজা ঢেকে ফেলেছে। তিনি চিৎকার করে উঠতে চাইলেন — যুখ হা করতেই অসংখ্য পোকা মুখের ভেতর ঢুকে পড়ল।

তাঁর চেতনা পুরোপুরি বিলুপ্ত হবার আগে আলতাফের কথা ভাবলেন। আলতাফকে সঙ্গে সঙ্গে দেখতে পেলেন। তাঁর মত আলতাফকেও পোকা ঢেকে ফেলেছে। মাংস ছিড়ে খেতে শুরু করেছে। কত দ্রুতই—না তারা থাচ্ছে। মনসুর সাহেব চেঁচিয়ে উঠতে গেলেন — এ কি করছ? তোমরা এটা কি করছ? সঙ্গে সঙ্গে উত্তর হল — ভয় পেও না। ভয়ের কিছু নেই — প্রাণ এক ও অবিনাশী। তোমার প্রাণ এবং এক একটি পোকার প্রাণ আলাদা কিছু না। আমরা এক ও অভিন্ন।

তিনি বারবার নিজেকে বলছেন, এটা ভুল! এটা মায়া! এটা ভাস্তি! আসলে কিছুই ঘটছে না। কিছুই ঘটছে না। কিছু না।

তিনি ভয় পেলেন না। কারণ তিনি বুঝতে পারছেন, আসলে কিছুই ঘটছে না। সবই ভাস্তি এবং এক ধরনের হেলুসিনেশন। নিজেকে সামলাতে পারলেই হেলুসিনেশনের হাত থেকে মুক্তি পাওয়া যাবে। নিজেকে সামলাতে হবে। মনসুর সাহেব চোখ বন্ধ করে বললেন, আমি কিছু দেখছি না। আমি কিছু দেখছি না। তিনি মায়ার ভেতর খিক্খিক্খি হসি শুনলেন। পোকারা কি হাসে? এ কেমন হসি? মাথার ভেতর তাঁকে পোকারা ডাকছে — মনসুর! মনসুর!

‘বল।’

‘আমরা আছি। আমাদের অগ্রাহ্য করো না।’

‘তোমরা আছ ঠিকই, কিন্তু এখন আমি যা দেখছি সবই ভুল।’

‘না, ভুল নয়। আমাদের ক্ষমতাকে অগ্রাহ্য করো না। তুমি কেন রোদের দিকে তাকাতে পার না? কেন সব সময় চোখে কালো চশমা দিয়ে রাখ তা কি বলব? তাহলে বিশ্বাস করবে?’

‘না, বিশ্বাস করব না।’

লক্ষ লক্ষ কোটি কোটি পোকা মনসুর সাহেবের উপর ঝাপিয়ে পড়েছে। মনসুর জানেন এটা সত্য নয়। এক ধরনের মায়া, কুহক, ভাস্তি। কিন্তু আসলেই কি তাই?



Read Online



E-BOOK

- 🌐 www.BDeBooks.com
- FACEBOOK FB.com/BDeBooksCom
- EMAIL BDeBooks.Com@gmail.com